শয়তানের সাথে যুদ্ধ

(হেফাজতের আমল, সালাতের দুআ ও জিকির, তিব্বে নববি ও রুকইয়াহ)

رقية

সংকলক
ইঞ্জিনিয়ার খন্দকার মারছুছ

প্রথম প্রকাশ: ফেব্রুয়ারী, ২০২৫ইং

দ্বিতীয় প্রকাশ: জুলাই, ২০২৫ইং

সংকলক: ইঞ্জি. খন্দকার মারছুহ | www.marsus.com.bd

শরয়ী সম্পাদনা: হাফেজ মাওলানা আকবর বিন জাফর (প্রিন্সিপাল, মাদরাসাতুল ফালাহ)

ভাষা সম্পাদনা: হাফেজ মাওলানা সাইফুদ্দিন শাকিল, হাফেজ মাওলানা আতিকুল ইসলাম

নজরে ছানী: মুফতি যুবায়ের আহমদ (প্রিন্সিপাল, আইওএম ও ইসলামী দাওয়াহ ইন্সটিটিউট)

গ্রন্থস্বত্ব: পরিবর্তন ও পরিবর্ধন না করার শর্তে লেখকের লিখিত অনুমতি সাপেক্ষে যে কেউ বইটি প্রকাশ করতে পারবেন। দাওয়াতের উদ্দেশ্যে বইটির কোনো পৃষ্ঠা বা পুরো বই পিডিএফ, স্ক্যান, বা অন্য কোনো মাধ্যমে প্রকাশ করা যাবে।

প্রচ্ছদ ও পৃষ্ঠা সজ্জা: রাইসুল ইসলাম

মূল্য : ২৫০ (দুইশত পঞ্চাশ) টাকা

ISBN Number: 978-984-36-0738-6

প্রকাশনায়
ইসলামিক অনলাইন মাদ্রাসা (IOM)

IOM

অনলাইন পরিবেশক

Taqwaah Shop: 01762316867 | Jazabor.com: 01601-350363 | Rokomari.com

লেখক পরিচিতি

ইঞ্জিনিয়ার খন্দকার মারছুছ বিএসসি ইঞ্জিনিয়ারিং শেষ করেছেন রুয়েটের ইইই (ইলেকট্রিক্যাল ও ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং) ডিপার্টমেন্ট থেকে। এরপর আইটিতে এম.এস.সি ডিগ্রী অর্জন করেছেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের এমআইটি ডিপার্টমেন্ট থেকে। এমবিএ করেছেন ন্যাশনাল ইনস্টিটিউট অব বিজনেস ম্যানেজমেন্ট, ইন্ডিয়া থেকে।

বর্তমানে রিলায়েন্স হাইটেক লিমিটেড-এর ব্যবস্থাপনা পরিচালক হিসেবে দায়িত্বরত আছেন। এছাড়া উম্মাহ ইন্টারন্যাশনাল স্কুল-এর পরিচালক হিসেবে দায়িত্ব পালন করছেন।

আইবি-এর সদস্য হিসেবে আছেন- ২০১৩ সাল থেকে : মেম্বারশিপ নং: MIEB-M/৩৭১৪০

তিনি আইইই এবং ইন্টারন্যাশনাল ইঞ্জিনিয়ার্স এসোসিয়েশন-এর সদস্য।

এছাড়া তিনি প্রায় ৬-৭ বছর কয়েকটি মাদ্রাসার বিভিন্ন বিভাগে পড়াশোনা করেন। এর মধ্যে উল্লেখযোগ্য দারুর রাশাদ মাদ্রাসা, মিরপুর-১২।

তিনি ইসলামিক অনলাইন মাদ্রাসার প্রতিষ্ঠাতা চেয়ারম্যান এবং বেশ কিছু অফলাইন মাদ্রাসার খেদমতে রয়েছেন।

উৎসর্গ

শয়তানের বিরুদ্ধে জিহাদকারী ঈমানের উপর টিকে থাকা সারা বিশ্বের সমস্ত দাঈ মুসলমানের উদ্দেশ্যে।

সূচিপত্র

- আপনাকে দিয়েই হবে ০৬
- শয়তানের সাথে যুদ্ধ ০৯
- শয়তানকে যখন আমরা ডেকে নিয়ে আসি ১১
- শয়তান কেন আমাদের শত্রু? ১২
- হেফাজতের আমল ১৩
- হেফাজতের আমল: প্রাথমিক স্তর ১৪
- হেফাজতের আমল: দ্বিতীয় স্তর ১৮
- হেফাজতের আমল: তৃতীয় স্তর ২০
- ফরজ সালাতের পর দুআ ও জিকির ২২
- দুআ ও জিকির: সর্বনিম্ন আমল ২২
- দুআ ও জিকির: দ্বিতীয় স্তরের আমল ২৩
- জরুরি কয়েকটি মাসনূন দুআ ২৫
- হাদিসের কিছু শক্তিশালী রুকইয়াহ বা তিব্বে নববি ২৬
- রুকইয়াহ গোসল ৩৪
- আয়াতে শেফা: রোগ মুক্তির জন্য কোরআনের ৬টি আয়াত ৩৫
- বাড়িতে অথবা অন্য কোথাও শয়তানের উৎপাত থাকলে করণীয় ৩৬
- তাবিজ অথবা যে কোন সন্দেহজনক বস্তু নষ্ট করার নিয়ম ৩৬
- রুকইয়াহ আম্মা ৩৮
- রুকইয়াহ তাওবা ৬৬
- রুকইয়াহ কিতাল ৭৬
- রুকইয়াহ হারক ৮৪
- খাবারের মাধ্যমে নববি চিকিৎসা ৯৪
- মনজিলের আমল বা ৩৩ আয়াত ৯৭
- হাদিস অনুসারে শয়তানের চক্রান্ত ১০০
- কুরআন অনুসারে শয়তানের চক্রান্ত ১১১

আপনাকে দিয়েই হবে! তবে কেন?

বেশিদিন আগের কথা নয়। হঠাৎ একদিন জানতে পারলাম আমার এক মাহরাম আত্মীয় কাউকে দেখলেই কান্না করছেন। জিজ্ঞাসা করে এর কোন কারণ জানা গেল না। উনাকে মঞ্জিলের ৩৩ আয়াত তেলাওয়াত করার জন্য বললাম । দেখা গেল ৩৩ আয়াত পড়লে কিছুটা ভালো বোধ করছেন তবে সমস্যার সমাধান পুরোপুরি হচ্ছে না। এজন্য একজন রাকী খুঁজতে লাগলাম। কিন্তু খোঁজ নিয়ে জানতে পারলাম আশেপাশে কোন রাকী নেই। অন্যদিকে রাকীদের খরচও নাকি অনেক বেশি। এ বিষয়ে মসজিদে পরামর্শ করলাম। মসজিদ থেকে বলল, আমাদের পাশে এক হাফেজ সাহেবের আহলিয়া এই কাজগুলো করে। এ বিষয়গুলো তখনও আমার অতটা জানা ছিল না। উনাকে নিয়ে আসলাম। কয়েক মিনিটে কাজ করে দিয়ে চলে গেলেন।

তবে বিষয়টা আমার ভালো লাগলো না। উনি যা পড়ছিলেন সেখানে কুরআনের আয়াতও ছিল আবার বেশ কিছু ভিন্ন ভিন্ন শব্দও ছিল। এটা নিশ্চয়ই শরীয়ত সম্মত হতে পারে না। পরে বিষয়টা নিয়ে আগ্রহ বাড়তে থাকলো। সেই আগ্রহ থেকে অনলাইনে কোর্স করলাম। সেখানে রুকইয়াহ গোসলসহ আরো অনেকগুলো বিষয় জানলাম। যেগুলো এপ্লাই করে দেখলাম রোগী সুস্থ হচ্ছে। তবে এরপরও মনে হচ্ছিল আরো কিছু জানার দরকার।

এভাবে অনেকদিন পেরিয়ে গেল। এরপর একদিন দাওয়াতি সফরে কোন একটা জেলায় বের হলাম। আমাদের উত্তরাঞ্চলের একটা মাদ্রাসার জিম্মাদার একজন আলেম ভাই বললেন যে, আমি রুকইয়াহ ট্রেনিং করেছি এবং আলহামদুলিল্লাহ কয়েক মাস ধরে রুকইয়াহ করছি, অনেক কাজ হচ্ছে। শুনে খুব খুশি লাগলো। বললাম একদিন আপনার সাথে বসে রুকইয়াহ দেখবো। তবে রুকইয়াহ শুরু করার পর যে বিষয়টা আমাকে খুব অবাক করলো তা হলো রুকইয়াহ চলমান অবস্থায় শয়তান হাজির হয়ে যাওয়া, শয়তানের সাথে কথা বলা, শয়তানের সাথে যুদ্ধ, শয়তানকে কুরআনের আয়াত দিয়ে প্রহার করা এবং টিকতে না পেরে একসময় শয়তানের বিদায়।

এই বিষয়গুলো রুকইয়াহর ব্যাপারে আমার আগ্রহ আরো বাড়িয়ে তুললো। ঐ ভাইকে সাথে নিয়ে কয়েক দিন অনেককে রুকইয়াহ করা হলো। এরপর সিদ্ধান্ত নিলাম যেই উস্তাদের কাছে ভাই ট্রেনিং করেছেন সেই উস্তাদের কাছে ট্রেনিং করার। আলহামদুলিল্লাহ অফলাইনে উস্তাদের কাছে ট্রেনিং করলাম। ট্রেনিং এর মাধ্যমে আমার কনফিডেন্স আরো বেড়ে গেল। যদিও রুকইয়াহ সংশ্লিষ্ট বিষয়ে ট্রেনিং করেছিলাম কিন্তু সাধারণ রোগেও যে তিব্বে নববি বা রুকইয়াহ কাজ করতে পারে, এই ব্যাপারে আমার এত কনফিডেন্স ছিল না।

আমার বাসায় একদিন একজনের খুব মাথাব্যথা হলো। আমি হাদিসের দুআগুলো (রুকইয়াহ ১-৬) পড়ে ফুঁ দিলাম দেখলাম মাথাব্যথা ভালো হয়ে গেল। আমার কনফিডেন্স লেভেল অনেক বেড়ে গেল।

একদিন আমি অফিসে থাকা অবস্থায় আমার আহলিয়া ফোন দিল যে তার প্রায় ১১ বার টয়লেট হয়েছে। আমার আহলিয়া একজন ডাক্তার হওয়ায় অনেকগুলো ওষুধের লিস্ট করে দিল এবং আমাকে দ্রুত বাসায় আসতে বললো। পরিস্থিতি এমনও হতে পারে যে হাসপাতালে ভর্তি করার প্রয়োজন হতে পারে। আমি কোন ওষুধ কিনে নিলাম না। গিয়ে দেখি এত অসুস্থ যে শোয়া থেকে উঠে বসার ক্ষমতাও তার নেই। আমি বললাম আমি রুকইয়াহ করছি তুমি একটু শোনো। আধা ঘন্টা রুকইয়াহ করলাম। আলহামদুলিল্লাহ পরিপূর্ণ সুস্থ হয়ে গেল।

আলহামদুলিল্লাহ কুরআন এবং হাদিসের দুআর উপরে আমার একিন এবার চোখে দেখে আরো দৃঢ় একিনে পরিণত হলো। এরপর এরকম অনেকগুলো ঘটনা ঘটে গেছে।

আমাদের এক সফরে এক ভাইয়ের প্রায় তিন মাস ধরে হাতে ব্যথা। আমি উনাকে পাঁচ মিনিট রুকইয়াহ করলাম। আলহামদুলিল্লাহ উনার হাতে ব্যথা ভালো হয়ে গেল।

একদিন আমাদের একজন মাওলানা সাহেব, উনি আমাকে ফোন দিলেন যে উনার বাচ্চা প্রচন্ড অসুস্থ। হাসপাতালে ভর্তি করা লাগবে, ডায়রিয়া হয়েছে। আমি উনাকে দুআর পিডিএফ গুলো পাঠিয়ে বললাম আমি ইঞ্জিনিয়ার সাহেব হয়ে দুআ পড়লে যদি কাজে লাগে আপনি হাফেজ সাহেব হয়ে দুআ পড়লে আরো বেশি কাজে লাগবে ইনশাআল্লাহ। তিনি তাই করলেন।
বাসায় গিয়ে রুকইয়াহ করলেন এবং উনার মেয়ে সুস্থ হয়ে গেল। হাসপাতালে নিতে হলো না। এরপর থেকে আলহামদুলিল্লাহ নিজের আত্মীয়-স্বজনের ভেতরে আমি কন্টিনিউয়াস রুকইয়াহ করে যাচ্ছি। এরপর আমি আমার আহলিয়াকে ট্রেনিং দিলাম। সেও আলহামদুলিল্লাহ ছোটখাটো রোগের জন্য দুআ পড়ে ফুঁ দিয়ে দিলে রোগ কমে যাচ্ছিল।
একদিন আমার এক বন্ধুর ওয়াইফকে রুকইয়াহর জন্য আমার আহলিয়াকে সাথে রাখলাম এবং বললাম আজকে তোমার ট্রেনিং। এবং ঘটনাক্রমে সেদিন সামান্য কিছু সময় তেলাওয়াত করতেই ওই বন্ধুর আহলিয়ার শয়তান বের হয়ে যায় এবং প্রচন্ড রকম ক্ষিপ্ত হয়ে যায়। আলহামদুলিল্লাহ ওই ঘটনায় আমার আহলিয়ার কনফিডেন্সও অনেক বেড়ে যায়। এরপর থেকে সেও বাচ্চার কোন সমস্যা হলে, কান্নাকাটি করলে কন্টিনিউয়াস রুকইয়াহ করে এবং কাজ হয়।
আম্মা-আব্বার বাসায় কয়েকটি কোয়েল পাখি আছে। একদিন আমি গিয়ে দেখি, একটি কোয়েল পাখির একটি চোখ অন্ধ হয়ে গেছে। সম্ভবত অন্য একটি পাখির ঠোকরের কারণে এমনটি হয়েছে। আমি আম্মাকে বললাম, "তুমি তিব্বে নববীর আমল করো।" আম্মা পাখিটির চোখের পাশে হাত রেখে তিব্বে নববীর আমল করলেন। আলহামদুলিল্লাহ! বিকেলে দেখি, পাখির চোখ একদম ঠিক হয়ে গেছে। এরপর থেকেই আম্মার তিব্বে নববীর প্রতি বিশ্বাস আরও গভীর হয়েছে।
আমরা, আলহামদুলিল্লাহ, এখন পর্যন্ত প্রায় হাজারের কাছাকাছি শিক্ষার্থীকে তিব্বে নববীর প্রশিক্ষণ দিয়েছি। তারা এখন নিজেরাই এই আমল করে উপকৃত হচ্ছেন।
একদিন একটি ফিডব্যাক ফর্ম দেওয়া হয়, যেখানে বলা হয়েছিল—যারা তিব্বে নববীর আমল করে উপকার পেয়েছেন, তারা যেন সেখানে জানিয়ে দেন।
সুবহানাল্লাহ! শত শত ফিডব্যাক এসেছে, যেগুলোর কিছু Marsus EduVerse অ্যাপে পাওয়া যাবে ইনশাআল্লাহ। এর মধ্যে একটি ঘটনা ছিল এমন:
একজন বোন লিখেছেন:
"আমার অ্যাকুরিয়ামের একটি মাছ প্রায় মরার মতো এক পাশে উল্টে পড়ে ছিল, দুই দিন ধরে নড়াচড়া করছিল না।
হঠাৎ মনে হলো, পানিতে হাত রেখে তিব্বে নববীর কিছু আমল পড়ে ফু দিই। তাই করলাম। আলহামদুলিল্লাহ! কিছুক্ষণ পর দেখি, মাছটি পুরোপুরি সুস্থ! চিনতেই পারছিলাম না কোনটি অসুস্থ ছিল। সুবহানাল্লাহ!"
আরেকজন বোন লিখেছেন:
"আমার ভার্সিটির এক জুনিয়র বোনের চোখে ইনফেকশন হয়। এক রাতে প্রচণ্ড ব্যথায় সে অস্থির হয়ে কাঁদছিল। আমি খবর পেয়ে রাত ১১টায় গিয়ে রুকইয়াহ ১-৮ পড়ে দিই। মাত্র ২ মিনিটের মধ্যেই ব্যথা গায়েব! সে গভীর ঘুমে চলে যায়। আলহামদুলিল্লাহ!"
এতগুলো কথা বলার উদ্দেশ্য একটাই। কুরআনের মু'জিযা এগুলো। কোন ব্যক্তির জন্য বিশেষ নয়।

রুকইয়াহর দুআ পড়তে অনেক বেশি আমলদার হওয়া লাগবে, অনেক বেশি বুজুর্গ হওয়া লাগবে ইত্যাদি- এগুলো শয়তানের ধোঁকা। বিশ্বাসের সাথে আমি পড়লেও যেমন কাজ হবে আপনি পড়লেও তেমন কাজ হবে। কারণ এই কাজ তো আমার বা আপনার কথার দ্বারা হচ্ছে না বরং এটা আল্লাহর কালামের দ্বারা হচ্ছে, রাসুলের হাদিসের দ্বারা হচ্ছে। তাছাড়া, কেউ যদি কুরআনের মুজেজা দেখতে চান তবে তাকে রুকইয়াহ করা শিখতে হবে।

আমার স্কুলের এক বাচ্চাকে দেখে একদিন আমাদের কয়েকজন উস্তাদ সন্দেহ করলেন যে রুকইয়াহ বিষয়ক কোনো একটা সমস্যা থাকতে পারে। তারপর ঐ বাচ্চার বাবা-মা আমার অফিসে আসলেন। আমি কুরআনের আয়াত তেলাওয়াত করছিলাম। যখন সুরা বাকারার ১০২ নম্বর আয়াতের এই অংশ তেলাওয়াত করতে লাগলাম যার অর্থ এরকম ছিলো: "অতঃপর তারা তাদের কাছ থেকে এমন জাদু শিখত, যা দ্বারা স্বামী ও স্ত্রীর মধ্যে বিচ্ছেদ ঘটে।" তখন ঐ বাচ্চার মার প্রচণ্ড বমির ভাব আসছিলো এবং শরীর কাপঁছিলো। আয়াতের অর্থ অনুসারে আমি বললাম "আপনাদের কি হাজবেন্ড-ওয়াইফের মধ্যে প্রচণ্ড ঝগড়া হয়?" তখন বললো, "শুধু ঝগড়াই হয় না বরং সেপারেশনের পর্যায়ে চলে গিয়েছে।" এগুলো মূলত কুরআনের আয়াতের মু'জিযা।

তবে হ্যাঁ, আমি শুধু আত্মীয়-স্বজন, পরিচিতদের সাহায্য করার চেষ্টা করি। অন্য কেউ সাহায্য চাইলে তাকে শিখিয়ে দেই যাতে তিনি নিজে নিজে রুকইয়াহ করতে পারেন। কারণ কুরআনের এই আয়াতগুলো সবার জন্য। যে পড়বে তারই কাজ হবে।

ভূমিকার শুরুতে যে বিষয়ের অবতারণা করেছিলাম- কাউকে যদি আমি শিরক থেকে বাঁচাতে চাই তবে মিনিমাম দুটি ব্যবস্থা করতে হবে। প্রথমত প্রত্যেক এলাকায় রুকইয়াহ বিষয়ক লোক থাকতে হবে এবং রুকইয়াহর খরচ কমাতে হবে। আমার এই বইয়ের উদ্দেশ্য এটাই, ঘরে ঘরে যাতে তিব্বে নববির চর্চা দ্বিতীয়বার শুরু হয়ে যায়। মাথা ব্যথা করলে প্যারাসিটামল খেতে হয় এটা যেমন সবাই জানে, ঠিক তেমনই প্রাইমারি লেভেলের রুকইয়াহ বা তিব্বে নববিও সবার জেনে রাখা দরকার। তবে হ্যাঁ, সার্জারির জন্য যেমন স্পেশালিস্ট প্রয়োজন হয় তেমন এই লাইনেও কিছু বিশেষজ্ঞ থাকতে হবে। প্রত্যেক এলাকায় যখন পর্যাপ্ত সংখ্যক বিশেষজ্ঞ থাকবে তখন মানুষের খরচ কমবে এবং কাছাকাছি সেবাও পাওয়া যাবে। আমরা তখন বলতে পারব যে উম্মতকে আমরা শিরক মুক্ত করার চেষ্টা করছি।

এই বইয়ে যে বিষয়গুলো উল্লেখ করা হয়েছে প্রত্যেকটি বিষয় আমি কম বেশি নিজের উপর এবং আত্মীয় স্বজনের উপর প্রয়োগ করে ফলাফল পেয়েছি। তারপর বইতে উঠিয়েছি। এই বইটির মাধ্যমে যদি কিছু সংখ্যক ব্যক্তিও শিরক থেকে মুক্ত হয়ে শয়তানের বিরুদ্ধে যুদ্ধ করতে সক্ষম হয়, এই বইয়ের উদ্দেশ্য সফল হয়েছে বলে আমি মনে করব ইনশাআল্লাহ।

বইটি যেহেতু একটি সংকলিত গ্রন্থ, তাই এই বইটি লেখার জন্য অনেক বই, তথ্য, পুস্তিকা-এর সাহায্য নেওয়া হয়েছে। আল্লাহ ঐ সমস্ত বইয়ের লেখক, প্রকাশকসহ সকল সম্লিষ্টদের কবুল করুন। এছাড়া 'আইওএম' -এর অনেক শিক্ষার্থী বইটি সম্পাদনার কাজে সহায়তা করেছেন। আল্লাহ সবাইকে কবুল করুন।

দ্বীনের একজন নগণ্য ছাত্র হিসেবে বইটিতে কোন ধরণের অনিচ্ছাকৃত ভুল-ত্রুটি পাওয়া গেলে পরবর্তী সংস্করণে সংশোধন করা হবে ইনশাআল্লাহ।

বান্দা
খন্দকার মারজুহ

শয়তানের সাথে যুদ্ধ

শয়তান আল্লাহর সাথে ওয়াদা করেছিল মানুষকে পথভ্রষ্ট করে ছাড়বে। তবে শুধু তাদের ব্যতীত যারা আল্লাহ ও রাসুলের দেখানো পথ মেনে চলবে। তবে যারা শয়তানের হয়ে গেছে তাদের ব্যাপারে শয়তানের মাথাব্যথা নেই। যেমন: একজন মূর্তি পূজারি। সে শয়তানেরই পূজা করছে। তাই তাকে নিয়ে শয়তানের কোনো চিন্তা নেই।
শয়তান আল্লাহর কাছে প্রার্থনা করে বিভিন্ন ধরনের শক্তি চেয়ে নিয়েছিল। হাদিস অনুযায়ী: আল্লাহর যেমন আরশ আছে, শয়তানের আরশ হলো সমুদ্রের উপর। আল্লাহ যেমন ওহি পাঠান, শয়তানও ক্বারিন জিন বা শয়তানের মাধ্যমে মেসেজ পাঠায়। আল্লাহ যেমন মানুষের সবকিছু নিয়ন্ত্রণ করতে পারেন, শয়তান মানুষের শিরায়-উপশিরায় চলাচল করতে পারে। তবে আল্লাহর সাহায্য, কুরআনের শক্তি এগুলোর সামনে শয়তানের সমস্ত জাল মাকড়সার জালের মত ছিন্নভিন্ন হয়ে যায়। কেননা শয়তানের এই শক্তিতো আল্লাহর পক্ষ থেকেই। শয়তান অবশ্যই জাহান্নামি।
আর একটি বিষয়, আমাদের ধারণা আমাদের অনেকের শরীরে জিন ভর করে। বিষয়টি এমন নয়। জিনেরও আমাদের মতো ইবাদত, বন্দেগি ইত্যাদি স্বাভাবিক কার্যক্রম রয়েছে। আমাদের শরীরে যে ভর করে সে হলো শয়তান। জিন নয়। হতে পারে সে জিনের বেশে এসেছে। তাই আমাদের যুদ্ধ শয়তানের সাথে জিনের সাথে নয়।
প্রত্যেক মানুষের শরীরে ১ জন ক্বারিন ফেরেশতা ও ১ জন ক্বারিন শয়তান থাকে। মৃত্যুর পর ক্বারিন ফেরেশতা আমল অনুযায়ী ইল্লিয়িন অথবা সিজ্জিন-এ চলে যায়। আর ক্বারিন শয়তান মৃতের কবর অথবা অন্য কোন খারাপ জায়গায় অবস্থান করে।
বিভিন্ন সময় মানুষ হিসেবে আমরা শারীরিক বিভিন্ন রোগের পাশাপাশি, ডাক্তারি চিকিৎসার দ্বারা নিরাময় সম্ভব নয় এমন কিছু রোগের শিকার হই।

১. বদনজর: অন্য কোন মানুষের খারাপ নজর অথবা শয়তানের খারাপ নজরের ফলে অসুস্থতা।
২. সিহর: জাদু, ব্ল্যাক ম্যাজিক ইত্যাদির ফলে যে অসুস্থতা।
৩. জিন-শয়তান: যখন শয়তান সরাসরি নিয়ন্ত্রণ করে।

যে রোগের সমস্যাগুলো না কোনো ডায়াগনস্টিক সেন্টারের টেস্টে ধরা পড়ে, না কোনো সাধারণ ডাক্তার চিকিৎসা করতে পারে। সকাল বিকাল হেফাজতের আমলগুলো করার দ্বারা এগুলো থেকে বাঁচা সম্ভব।
শয়তান মহিলাদের ক্ষেত্রে প্রথমে আক্রমণ করে জরায়ুতে এবং পুরুষের ক্ষেত্রে প্রথম আক্রমণ করে পাকস্থলীতে। এরপর এখান থেকে শরীরের বিভিন্ন জায়গায় পৌঁছায়। শয়তান ব্রেনের দুই খণ্ডের মাঝখানে ফাঁকা জায়গায় অবস্থান করে পুরো শরীর নিয়ন্ত্রণ করে।

- ঘরে ঘরে আজকাল জিন শয়তানের এত বেশি সমস্যার কয়েকটি কারণ নিচে উল্লেখ করা হলো:

১. টয়লেট হলো সবচেয়ে নিকৃষ্ট জিন বা শয়তানের আবাসস্থল। তার মানে আমাদের রুমগুলোর সাথে শয়তানেরও থাকার ব্যবস্থা করে দিয়েছি। শয়তান আমাদের রুমমেট। শয়তান সবচেয়ে বেশি আক্রমণ করে টয়লেট থেকে। তাই টয়লেটে প্রবেশের দুআ অবশ্যই পড়তে হবে। দুআ পড়ে টয়লেটে গেলে শয়তান আমাদেরকে দেখতে পায় না। খালি মাথায় টয়লেটে না যাওয়া। টয়লেটের দরজা অবশ্যই খোলা না রাখা। যাদের সামর্থ্য আছে নতুন করে বাসা বানানোর সময় শয়তানকে রুমমেট না বানানোর নিয়ত করতে পারি। রুমের সাথে প্রয়োজনে ওযুখানা অথবা গোসলখানা রাখা যেতে পারে। আর এক বা একাধিক টয়লেট, ফ্ল্যাটের নির্দিষ্ট একটা জায়গায় রাখা যেতে পারে।

২. মোবাইলের অবাধ ব্যবহার, ফেসবুক ও ইউটিউবের মাধ্যমে চোখের যেনা করার ফলে শয়তান ভেতরে প্রবেশের সুযোগ পায়। কিছু কিছু গেম ও ভিডিওর আওয়াজের মধ্যে গোপনভাবে সিহরের আশ্রয় নেওয়া হয়, যার ফলে নেশা তৈরি হয়। আজকাল ঘরে ঘরে শয়তানের আক্রমণের একটি প্রধান কারণ এই স্মার্টফোন। এই যুগে কেউ যদি অল্প আমল করেন এবং বাটন ফোন ব্যবহার করেন তবে তিনি আল্লাহর অনেক পছন্দনীয় ব্যক্তি হতে পারেন। অন্যদিকে, কাউকে অনেক দ্বীনদার মনে হলেও স্মার্টফোন ও ফেসবুক ব্যবহার করলে তার জন্য আল্লাহর পছন্দনীয় ব্যক্তি হওয়া অনেক কঠিন। ফিজিক্যালি একজন নন মাহরামকে দেখলে যেমন পাপ হয়, মোবাইলে দেখলেও ওলামায়ে কেরামের মতে একই পাপ হয়। এই ডিভাইসগুলো মূলত পাপ কাজ করার জন্যই তৈরি হয়েছে। তবে কেউ যদি শুধুমাত্র স্মার্টফোনকে ক্লাসের কাজে ব্যবহার করে এবং ফেসবুক, ইউটিউব ব্যবহার না করে, সেক্ষেত্রে এটি ভালো হতে পারে। এ বিষয়ে প্রখ্যাত আলেমে দীন হযরত মাওলানা মুফতি তাকি উসমানী হাফিযাহুল্লাহ বলেছেন, "যার নিজের উপর এই আস্থা নেই যে, নিজেকে চোখের ফিতনা থেকে হেফাজত করতে পারবে, তার জন্যে স্মার্টফোন ব্যবহার করা জায়েজ নেই।

৩. খাবার খাওয়ার সময় বিসমিল্লাহ বলে খাবার না খেলে শয়তান খাওয়াতে শরীক হয়। বিশেষ করে খোলা খাবার না খাওয়া। বাহিরের খোলা খাবারে কারও বদনজর লাগলে সেই খাবার খাওয়ার দ্বারা পেটে সমস্যা হতে পারে। তবে বিসমিল্লাহ বললে সমস্যা হবে না ইনশাআল্লাহ।

৪. যে-কোনো রুমে প্রবেশের সময় বিসমিল্লাহ বলে প্রবেশ করলে শয়তান পালিয়ে যায়। বিশেষ করে যেখানে মানুষ থাকে না সেখানে শয়তান অবস্থান করে। তাই অনেকদিন খালি পড়ে আছে এমন রুমে প্রবেশের পূর্বে অবশ্যই বিসমিল্লাহ বলে প্রবেশ করা।

৫. বাচ্চাদের পেশাব, পায়খানার ময়লা কাপড় রুমে ফেলে না রাখা। এতে করে ঘরের মধ্যে শয়তানের বাসা তৈরি হয়।

৬. বাসায় ময়লার ঝুড়ি ঢেকে রাখা।

৭. হাজবেন্ড, ওয়াইফের বিশেষ সময় অবশ্যই দুআ পড়া, তা না হলে শয়তানও শরীক হয়।

৮. হাই আসলে মুখে হাত না দিলে শয়তান ভেতরে প্রবেশ করে।

৯. কোন গর্তে পেশাব না করা।

১০. সন্ধ্যার সময় ও রাতে বিসমিল্লাহ বলে ঘরের দরজা-জানালা বন্ধ করতে হবে। ভরদুপুর ও সন্ধ্যায় বাচ্চাদের ঘরের বাইরে না রাখা।। এই সময় শয়তান চলাচল করে।

১১. ফজর থেকে এশরাক ও মাগরিবের কিছু সময় আগে ও পরে না ঘুমানো।

১২. সন্ধ্যায় বা মাগরিবের নামাজের পরপর, মধ্য দুপুরের সময় নারী এবং শিশুদের খুব প্রয়োজন ব্যতীত বাইরে থাকা উচিত নয়।

১৩. নারীদের ব্যবহৃত একান্ত কাপড়, পিরিয়ডের প্যাড/ ন্যাপকিন, চুল এগুলা উন্মুক্ত স্থান এবং যেখান সেখানে না ফেলা। এগুলার মাধ্যমে খবিশ জিনরা ক্ষতি করতে পারে।

১৪. রাতের বেলা গরম বা ঠান্ডা পানি বাইরে ছুড়ে না মারা।

১৫. রাসূল ﷺ একটি সহজ উসুল (মূলনীতি) বর্ণনা করেছেন। তিনি শিক্ষা দিয়েছেন- কোনো ক্ষতিকর প্রাণী যেমনঃ সাপ দেখলে আমরা যেন তিনবার বলি, "তুমি জিন হলে এখান থেকে চলে যাও"। যদি এরপর তারা না যায় তখন আঘাত করে মেরে ফেলা বা দূর করে দেওয়া যায়।

শয়তানকে যখন আমরা ঘরে ডেকে নিয়ে আসি

আজকাল কিছু গেম যেমন "চার্লি চার্লি" বা "ব্লাডি ম্যারি" শিশু-কিশোরদের মধ্যে জনপ্রিয় হয়ে উঠেছে। মজার ছলে শুরু হলেও এগুলো মূলত জিন বা শয়তান ডাকার পদ্ধতি, যা ঈমান ও মানসিক স্বাস্থ্যের জন্য মারাত্মক ক্ষতিকর।

অনেক দ্বীনদার পরিবারেও বাচ্চারা না জেনে এসব খেলায় অংশ নিচ্ছে। রাত ১২টার পর মোমবাতি জ্বালিয়ে, আয়নার সামনে দাঁড়িয়ে, অদৃশ্য সত্তাকে ডাকতে হয়। এসব আসলে শয়তানের জগতে প্রবেশের পথ। তারা জানে না, এগুলো প্ল্যানচেট বা উইজা বোর্ডের মতোই জিন ডাকার কৌশল।

আমাদের খুব কাছাকাছি এলাকায় এমন একটি ঘটনা ঘটেছে, যেখানে বাচ্চারা "চার্লি চার্লি" খেলায় অংশ নেওয়ার ফলে ঘরে শয়তান প্রবেশ করে। এরপর ওই বাসায় নানা ধরনের অস্বাভাবিক সমস্যা দেখা দেয়। একদিন কোনো কারণ ছাড়াই বাসার মধ্যে হাঁটু সমান পানি জমে যায়। পরে হঠাৎ একদিন সেই ফ্ল্যাটে আগুন ধরে যায়, এবং পুরো বিল্ডিংয়ে আগুন ছড়িয়ে পড়ে। পরিবারটি বিপদের মধ্যে পড়ে যায় এবং এক পর্যায়ে আমাদের কাছে সেই ঘটনার ভিডিও পাঠায়। শেষ পর্যন্ত পরিবারটি এলাকা ছাড়তে বাধ্য হয়।

এরকমই আরেকটি খেলা হলো "পাতা খেলা" যা একটি তান্ত্রিক খেলা। এতে এক পক্ষে থাকে "পাতা" (মানুষ), আরেক পক্ষে থাকে "তান্ত্রিক", যারা মন্ত্র ও বাণ ব্যবহার করে। তারা মাঝখানে দাঁড়ানো কিছু মানুষকে জাদু ও বাণ দিয়ে নিজের দিকে টানার চেষ্টা করে । এটি কেবল বিনোদন নয় বরং শয়তান ও অদৃশ্য জগতের সঙ্গে সংযোগ স্থাপনের একটি পথ।

শয়তান আমাদের শত্রু, খেলনার মতো কিছু নয়। আমাদের দায়িত্ব, যেন আমাদের সন্তানেরা এসবের মধ্যে না জড়িয়ে পড়ে।

এছাড়াও, আজকের অনেক জনপ্রিয় কার্টুন যেমন ডিজনির অনেক কনটেন্ট (মিকি মাউস, ডোনাল্ড ডাক, গুফি, প্লুটো, স্নো হোয়াইট ও সাত বামন, সিন্ডারেলা, স্লিপিং বিউটি, দ্য লিটল মারমেইড, বিউটি অ্যান্ড দ্য বিস্ট, আলাদিন, পোকাহন্টাস, মুলান, ট্যাঙ্গল্ড, ফ্রোজেন, মোয়ানা, দ্য লায়ন কিং, ব্যাম্বি, ডাম্বো, ১০১ ডালমেশিয়ানস, জুটোপিয়া, দ্য জাঙ্গল বুক, ফাইন্ডিং নিমো, রাটাটুলি, টয় স্টোরি, কারস, মনস্টার্স ইনক, ইনসাইড আউট, লুকা, টার্নিং রেড, বিগ হিরো ৬, স্পাইডার-ম্যান (কার্টুন), এক্স-মেন (কার্টুন))—খুব সূক্ষ্মভাবে শিশুদের শয়তানের উপাসনা, কুফরি ও অশ্লীলতা শেখাচ্ছে। ফলে বাচ্চাদের মনে ধীরে ধীরে নৈতিক অবক্ষয় সৃষ্টি হচ্ছে।

এছাড়া জাপানিজ বিভিন্ন এনিমে (ডরেমন, পকেমন, নারুটো, ডেথ নোট, ড্রাগন বল জি ইত্যাদি), বিটিএস, বিভিন্ন মিউজিক ব্যান্ড ইত্যাদিও মূলত সূক্ষ্মভাবে শয়তানের প্রকল্প বাস্তবায়নে ভূমিকা রাখছে।

আমরা অনেক সময় মনে করি, সাময়িক শান্তির জন্য বাচ্চাদের হাতে মোবাইল তুলে দিলে তারা চুপ থাকে। কিন্তু বাস্তবে এটি তাদের ধ্বংসের একটি মাধ্যম।

একজন ব্যক্তি, যার নাম ছিল রোজার মর্নিও, নাবিক হিসেবে কাজ করতেন এবং তাঁর বাড়ি ছিল কানাডায়। ঘটনাক্রমে তিনি শয়তান-উপাসকদের একটি গোপন দলের সঙ্গে পরিচিত হন, যারা দাবি করত যে শয়তান সরাসরি উপস্থিত হয়ে তাদের বিভিন্ন কাজ করে দিত। তাঁর একটি দীর্ঘ সাক্ষাৎকার "A Trip to the Supernatural" শিরোনামে প্রায় সাড়ে তিন ঘণ্টার একটি ভিডিওতে পাওয়া যায়। সেখানে তিনি উল্লেখ করেন, শয়তান বলেছিল:

"আমি পৃথিবীর শুরু থেকেই আছি। অধিকাংশ বিজ্ঞানীকে আমি গড়ে তুলেছি। ডারউইনের বানর থেকে মানুষ হওয়ার তত্ত্ব আমার তৈরি। আমি মানুষের শিক্ষাব্যবস্থা থেকে ফেরেশতা ও শয়তানের ধারণা মুছে দিয়েছি।"

আজকের ফ্রিম্যাসন ও ইলুমিনাতি সংগঠনগুলো বিশ্বের নিয়ন্ত্রণে রয়েছে, আর তাদের পেছনে আছে শয়তান।

শয়তান আমাদের প্রকাশ্য শত্রু। আল্লাহ আমাদের তাঁর হাত থেকে হেফাজত করুন। আমিন।

শয়তান কেন আমাদের শত্রু?

• যা কিছু অকল্যাণকর, খারাপ সমস্ত কিছু আসে শয়তান থেকে।

আমাদের যত সমস্যা হয়, প্রথমেই ধরে নিতে হবে সমস্যাটা হয়েছে শয়তান থেকে। সমস্যা সমাধান করেন আল্লাহ, সমস্যায় ফেলে দেয় শয়তান (আল্লাহর শক্তি দিয়ে)। মনে করেন আপনার বাবু রাত ৩টায় অনেক জোরে কান্না করছে। আপনি হয়তো নানান রকম চিন্তা করছেন। সব চিন্তার আগে রুকইয়াহর কিছু দুআ পড়ে দেখেন। বাবুর কান্না থেমে যাবে, ইনশাআল্লাহ। মনে করেন আপনার হাজবেন্ড বা ওয়াইফ আপনার উপর কারণে অকারণে রাগ করছে। কারণটা সামনে না এনে উনাকে সামনে বসিয়ে রুকইয়াহ আম্মা একবার বিশ্বাসের সাথে পড়ে ফেলেন, দেখবেন ইনশাআল্লাহ রাগ চলে গেছে। কথাগুলো আমি বানিয়ে বলছি না, সবগুলো নিজের অভিজ্ঞতা থেকে বলছি।

• রোগ হয় শয়তানের পক্ষ থেকে। শিফা আসে আল্লাহর তরফ থেকে।

ইয়াকুব (আ.) এর বংশধর হিসেবে আয়ূব (আ.) পৃথিবীতে অবতীর্ণ হয়েছিলেন। তিনি অতি ধনী ছিলেন এবং আল্লাহর ইবাদতে নিমগ্ন থাকতেন। তাঁর আন্তরিকতা ও ভক্তি দেখে শয়তান ঈর্ষান্বিত হয়ে পড়ল। সে আল্লাহর একজন ফেরেশতার সাথে বাজি ধরে বলল, "আপনি যদি আয়ূব (আ.)-কে পরীক্ষা করেন, তাহলে সে আর আল্লাহর ইবাদত করবে না।" শয়তান আল্লাহর অনুমতি নিয়ে আয়ূব (আ.)-কে কঠিন পরীক্ষায় ফেলার সিদ্ধান্ত নিল। শয়তানের চালবাজিতে আয়ূব (আ.)-এর শরীরে ভয়ানক রোগ বাসা বেঁধে নিল। ধন-সম্পত্তি, স্বাস্থ্য সবই হারিয়ে ফেললেন তিনি। কিন্তু এত সব বিপদ-আপদের মধ্যেও আল্লাহ্‌র প্রতি তাঁর আস্থা অবিচল ছিল। তাঁর ধৈর্য ও বিশ্বাস কখনো ক্ষুণ্ণ হয়নি।
এভাবে অনেক দিন কষ্ট সহ্য করার পর একদিন আল্লাহ তা'আলা তাঁকে আদেশ করলেন, "হে আয়ূব! তুমি এই পাথরে আঘাত কর।" আয়ূব (আ.) যখন পাথরে আঘাত করলেন, তখন সেখান থেকে ঠান্ডা পানি বের হতে লাগল। আল্লাহ তা'আলা তাঁকে সেই পানি দিয়ে গোসল এবং পান করতে বললেন। আয়ূব (আ.) যখন সেই পানি দিয়ে গোসল এবং পান করলেন, তখন তিনি সুস্থ হয়ে গেলেন। এখান থেকে কয়েকটি শিক্ষা পাওয়া যায়। প্রথমত আয়ূব (আ.) এর রোগ হলো শয়তানের চক্রান্তের ফলে। দ্বিতীয়ত আল্লাহর ইচ্ছায় পানি পান এবং গোসলের মাধ্যমে সুস্থ হলেন। ঠিক একইভাবে রুকইয়াহর সময়ও রুকইয়াহর পানি পান করা ও গোসলের মাধ্যমে শিফা লাভ করা যায়।

সকাল ও সন্ধ্যা অথবা ফজর ও মাগরিবের হেফাজতের আমল

প্রতিদিন যেমন সূর্যোদয় ও সূর্যাস্তের সময় ফেরেশতাদের বাহিনী চেঞ্জ হয়, ঠিক একইভাবে শয়তানের বাহিনীও দুইবার চেঞ্জ হয়। সূর্যোদয় ও সূর্যাস্তের সময়। তাই সকালের আমলগুলো সূর্যোদয়ের পূর্বে এবং সন্ধ্যার আমলগুলো মাগরিবের আগে অথবা পরে করতে হয়। অভিজ্ঞতার আলোকে মাগরিবের পর যে হেফাজতের আমলগুলো করা হয় এগুলোর দ্বারা সাধারণত ফজর পর্যন্ত হেফাজত হয়। আবার ফজরের পর সূর্য ওঠার আগে যেগুলো করা হয়, সেগুলোর দ্বারা সাধারণত মাগরিব পর্যন্ত হেফাজত হয়। ফজরের পর থেকে সূর্যোদয় পর্যন্ত জেগে থাকা। সূর্যোদয়ের আগে কোনোমতে না ঘুমানো। এই আমলগুলো মহিলাদের শারীরিক অসুস্থতার সময়ও করা। অসুস্থতার সময়েও এই আমলগুলো দুআ হিসেবে পড়া যাবে। কারণ শয়তান মহিলাদের অপবিত্র সময়গুলোতে সবচেয়ে বেশি আক্রমণ করে। ঘরে সূরা বাকারা তেলাওয়াত করা এবং মাঝে মাঝে সূরা বাকারার তেলাওয়াতের অডিও ছেড়ে রাখা। সব সময় হেফাজতের আমলগুলো বাচ্চাদের সামনে জোরে জোরে করে বাচ্চাদের গায়ে ফুঁ দিলে, তাদেরও হেফাজতের জন্য কাজ করবে।

হেফাজতের আমলগুলো শেখার জন্য ভিডিও: https://youtu.be/88fdXEb817o

প্রাথমিক স্তর (সাধারণ নিরাপত্তা): সর্বনিম্ন আমল: সবচেয়ে বেশি শক্তিশালী

যদি আপনার কোন রুকইয়াহ বিষয়ক সমস্যা না থেকে থাকে এবং নামাজের পর কম সময় দিতে পারেন, তবে এই আমলগুলো দিয়ে শুরু করতে পারেন। এই আমলগুলো ইনশাআল্লাহ হেফাজতের জন্য কাজ করবে। তবে এই স্তরের আমলগুলোতে অভ্যস্ত হয়ে গেলে আস্তে আস্তে নিচের আমলগুলো শুরু করতে হবে।
(নিচের প্রতিটি দুআর ক্ষেত্রে অবশ্যই আরবি দেখে পড়তে হবে কেননা আরবি হরফের উচ্চারণ কখনোই বাংলাতে লেখা সম্ভব নয়। ভুল উচ্চারণ করলে অর্থ বিকৃত হয়ে যাওয়ার সম্ভাবনা থাকে)

হেফাজতের আমল-১

সকাল সন্ধ্যায় ১ বার করে

(আয়াতুল কুরসি সব নামাজের পরই ১ বার করে পড়তে হবে।)

اَللّٰهُ لَآ إِلٰهَ إِلَّا هُوَ ۚ اَلْحَيُّ الْقَيُّوْمُ ۚ لَا تَأْخُذُهٗ سِنَةٌ وَّ لَا نَوْمٌ ۚ لَهٗ مَا فِي
السَّمٰوٰتِ وَمَا فِي الْاَرْضِ ۚ مَنْ ذَا الَّذِيْ يَشْفَعُ عِنْدَهٗٓ إِلَّا بِإِذْنِهٖ ۚ يَعْلَمُ مَا
بَيْنَ أَيْدِيْهِمْ وَمَا خَلْفَهُمْ ۚ وَلَا يُحِيْطُوْنَ بِشَيْءٍ مِّنْ عِلْمِهٖٓ إِلَّا بِمَا شَآءَ ۚ وَسِعَ
كُرْسِيُّهُ السَّمٰوٰتِ وَالْاَرْضَ ۚ وَلَا يَئُوْدُهٗ حِفْظُهُمَا ۚ وَهُوَ الْعَلِيُّ الْعَظِيْمُ

উচ্চারণ: আল্লাহু লা-ইলাহা ইল্লা হু-ওয়াল হাই-য়্যুল কাই-য়্যুম। লা তা-খুযুহু সিনাতুঁ ওয়ালা না-উম। লাহু মা ফিস-সামা-ওয়াতি ওয়ামা ফিল আর-দ্ব। মান যাল্লা-যী ইয়াশ-ফাউ ই-ন্দাহু ইল্লা বিইজ-নিহ। ইয়া-লামু মা-বাইনা আইদি-হিম ওয়ামা খলফাহুম, ওয়ালা ইউহি-তূনা বিশাইয়িম্ মিন ইলমিহি ইল্লা বিমা শাআ' ওয়াসি-আ' কুরসিইয়্যুহুস সামা-ওয়াতি ওয়াল আরদ, ওয়ালা ইয়াউ-দুহু হিফযুহুমা ওয়া হুওয়াল আলিই-য়্যুল আ-জিম।'

অর্থ: আল্লাহ ছাড়া অন্য কোনো উপাস্য নেই, তিনি জীবিত, সবকিছুর ধারক। তাঁকে তন্দ্রাও স্পর্শ করতে পারে না এবং নিদ্রাও নয়। আসমান ও জমিনে যা কিছু রয়েছে, সবই তাঁর। কে আছে এমন যে সুপারিশ করবে তাঁর কাছে তাঁর অনুমতি ছাড়া? দৃষ্টির সামনে কিংবা পেছনে যা কিছু রয়েছে, সে সবই তিনি জানেন। তাঁর জ্ঞানসীমা থেকে তারা কোনো কিছুকেই পরিবেষ্টিত করতে পারে না, কিন্তু যতটুকু তিনি ইচ্ছা করেন। তাঁর কুরসি (সিংহাসন) সমস্ত আসমান ও জমিনকে পরিবেষ্টিত করে আছে। আর সেগুলোকে ধারণ করা তাঁর পক্ষে কঠিন নয়। তিনিই সর্বোচ্চ এবং সর্বাপেক্ষা মহান।

হেফাজতের আমল-২

হাদিসের দুআ: সকাল সন্ধ্যায় ৩ বার করে

أَعُوْذُ بِكَلِمَاتِ اللّٰهِ التَّآمَّاتِ مِنْ شَرِّ مَا خَلَقَ

উচ্চারণ: আউযুবি কালিমাতিল্লাহিত্তামাতি মিন শাররী মা খলাক্ব।
অনুবাদ: আমি আল্লাহর পূর্ণ বাণীতে আশ্রয় চাই তিনি যা কিছু সৃষ্টি করেছেন তার অনিষ্ট থেকে।
ফজিলত: আল্লাহর রাসুল মুহাম্মাদ (সা.) বলেছেন, "যে ব্যক্তি যে কোনো স্থানে গিয়ে এই দুআ পাঠ করবে, সে সেখানে অবস্থান করা পর্যন্ত সকল বিপদ থেকে রক্ষা পাবে।

হিফাজতে আমল-৩

হাদিসের দুআ: সকাল-সন্ধ্যা ৩ বার করে

بِسْمِ اللّٰهِ الَّذِیْ لَا یَضُرُّ مَعَ اسْمِهٖ شَیْءٌ فِی الْاَرْضِ وَلَا فِی السَّمَآءِ وَهُوَ السَّمِیْعُ الْعَلِیْمُ

উচ্চারণ: বিস্‌মিল্লা-হিল্লাযী লা ইয়াদ্বুরুক মা'আস্‌মিহী শাইউন ফিল্ আরযি ওয়ালা ফিস্ সামা-ই, ওয়াহুয়াস্ সামী'উল 'আলীম।

অনুবাদ: আমি আল্লাহর নামে সাহায্য প্রার্থনা করছি যার দ্বারা জমিন ও আসমানের কোন কিছুই ক্ষতি করতে পারে না এবং তিনি সর্বশ্রোতা ও সর্বজ্ঞ।

ফজিলত: আমাদের প্রিয় নবি (সা.) বলেছেন, যে ব্যক্তি সকাল-সন্ধ্যা তিনবার এই দুআ পাঠ করবে তার কোনো ক্ষতি হবে না।

হিফাজতে আমল-৪

সূরা ইখলাস, ফালাক, নাস: সকাল সন্ধ্যায় ৩ বার করে

(তিন ফুল ফজর ও মাগরিবের পর ও বাম ফরজ আর অন্য ও ওয়াক্ত নামাজ জোহর, আসর ও এশার পরও ১ বার করে পড়তে হবে।)

بسم الله الرحمن الرحيم

সূরা নাস	সূরা ফালাক	আল ইখলাস
(١) قُلْ أَعُوْذُ بِرَبِّ النَّاسِ	(١) قُلْ أَعُوْذُ بِرَبِّ الْفَلَقِ	(١) قُلْ هُوَ اللّٰهُ أَحَدٌ
(٢) مَلِكِ النَّاسِ	(٢) مِنْ شَرِّ مَا خَلَقَ	(٢) اَللّٰهُ الصَّمَدُ
(٣) إِلٰهِ النَّاسِ	(٣) وَمِنْ شَرِّ غَاسِقٍ إِذَا وَقَبَ	(٣) لَمْ يَلِدْ وَلَمْ يُوْلَدْ
(٤) مِنْ شَرِّ الْوَسْوَاسِ الْخَنَّاسِ	(٤) وَمِنْ شَرِّ النَّفَّاثَاتِ فِي الْعُقَدِ	(٤) وَلَمْ يَكُنْ لَّهُ كُفُوًا أَحَدٌ
(٥) اَلَّذِیْ یُوَسْوِسُ فِیْ صُدُوْرِ النَّاسِ	(٥) وَمِنْ شَرِّ حَاسِدٍ إِذَا حَسَدَ	
(٦) مِنَ الْجِنَّةِ وَالنَّاسِ		

উচ্চারণ: কুল আউযু বিরব্বিন্নাস-মালিকিন্নাস-ইলাহিন্নাস-মিন শাররিল ওয়াসওয়াসিল খন্নাস-আল্লাযি ইউওয়াসবিসু ফি সুদুরিন্নাস-মিনাল জিন্নাতি ওয়ান্নাস।

অর্থ: বলুন, আমি শরণ নিচ্ছি মানুষের প্রতিপালকের, মানুষের অধীশ্বরের, মানুষের উপাস্যের, তার কুমন্ত্রণার অমঙ্গল হতে, যে সুযোগ মতো আসে ও সুযোগ মতো সরে পড়ে, যে কুমন্ত্রণা দেয় মানুষের অন্তরে, জিন বা মানুষের মধ্য থেকে।

উচ্চারণ:কুল আ'ঊযু বিরব্বিল্ ফালাক্ব - মিন্ শার্ রিমা-খলাক্ব - ওয়ামিন্ শাররি গ-সিক্বিন্ ইযা-ওয়াক্বাব্ - ওয়ামিন্ শাররি ন্নাফ্ফা-ছা-তি ফিল্ 'উক্বদ্ - ওয়ামিন্ শাররি হা-সিদিন্ ইযা-হাসাদ্

অর্থ: বলুন, আমি আশ্রয় গ্রহণ করছি প্রভাতের পালনকর্তার, তিনি যা সৃষ্টি করেছেন, তার অনিষ্ট থেকে। অন্ধকার রাত্রির অনিষ্ট থেকে, যখন তা সমাগত হয়, গ্রন্থিতে ফুঁৎকার দিয়ে জাদুকারিনীদের অনিষ্ট থেকে এবং হিংসুকের অনিষ্ট থেকে যখন সে হিংসা করে।

উচ্চারণ: কুল হুওয়াল্লা হু আহাদ - আল্লা হুসসামাদ - লাম ইয়ালিদ ওয়ালাম ইউলাদ - ওয়ালাম ইয়াকুল্লাহু কুফুওয়ান আহাদ।

অর্থ: ১. বলুন, তিনি আল্লাহ (যিনি) অদ্বিতীয় ২. আল্লাহ সবার নির্ভরস্থল ৩. তিনি কাউকে জন্ম দেননি ও তাঁকেও কেউ জন্ম দেয়নি ৪. আর তাঁর সমতুল্য কেউ নেই।

হিফাজতের আমল-৫

শয়তানের প্রভাব থেকে সুরক্ষা: সকাল সন্ধ্যায় ১০০ বার করে

(তবে কোন সমস্যা না থাকলে ১০ বার করে পড়লেও হবে)

لَآ إِلٰهَ إِلَّا اللّٰهُ وَحْدَهٗ لَا شَرِيْكَ لَهٗ، لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ وَهُوَ عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ

উচ্চারণ: লা ইলা-হা ইল্লাল্লা-হু ওয়াহ্দাহু লা শারীকা লাহু, লাহুল মুলকু, ওয়া লাহুল হামদু, ওয়া হুয়া 'আলা কুল্লি শাই'ইন ক্বাদীর

অনুবাদ: আল্লাহ্ ব্যতীত ইবাদতের যোগ্য আর কেউ নেই যিনি একক এবং তাঁর কোন শরীক নেই, রাজত্ব তাঁরই জন্য এবং সমস্ত প্রশংসা তাঁরই জন্য এবং তিনিই সব কিছুর উপর কর্তৃত্ব করেন।

হিফাজতের আমল-৬

সূরা তাওবাহ ১২৯ নং আয়াতের অংশ: সকাল সন্ধ্যায় ৭ বার করে

حَسْبِيَ اللّٰهُ لَآ إِلٰهَ إِلَّا هُوَ، عَلَيْهِ تَوَكَّلْتُ وَهُوَ رَبُّ الْعَرْشِ الْعَظِيْمِ

উচ্চারণ: হাসবিয়াল্লা-হু লা ইলা-হা ইল্লা হুয়া, 'আলাইহি তাওয়াক্কালতু, ওয়াহুয়া রব্বুল 'আরশিল 'আযীম

অনুবাদ: আল্লাহ্ ব্যতীত ইবাদতের যোগ্য কেউ নেই, তিনিই আমার জন্য যথেষ্ট, আমি কেবল তাঁরই উপর ভরসা করি এবং তিনিই মহান আরশের মালিক।

ফজিলত: যে ব্যক্তি দুআটি সকালবেলা সাতবার এবং বিকালবেলা সাতবার বলবে তার দুনিয়া ও আখিরাতের সকল চিন্তাভাবনার জন্য আল্লাহই যথেষ্ট হবেন। (সুনানে আবি দাউদ)

উপরিউক্ত দুআগুলো পড়ার পর হাতে ফুঁ দিয়ে পুরো শরীরে তিনবার দম করা বা হাত বোলানো। সেখানে অবস্থান করা পর্যন্ত সকল বিপদ থেকে রক্ষা পাবে।

দ্বিতীয় স্তর (বিশেষ নিরাপত্তা):

যদি আপনার রুকইয়াহ বিষয়ক সামান্য কিছু সমস্যা থাকে অথবা আশংকা করছেন তবে ১ম স্তরের সাথে এই আমলগুলো যোগ করতে হবে। তবে ১মগুলো সবচেয়ে শক্তিশালী।

হেফাজতে আমল-৭

শয়তান থেকে রক্ষার জন্য দুআ : সকাল সন্ধ্যায় ১ বার করে

أَعُوْذُ بِاللّٰهِ السَّمِيْعِ الْعَلِيْمِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيْمِ

উচ্চারণ: আউযুবিল্লাহিস সামিয়িল আ'লিমী মিনাশ শায়ত্বনির রজীম।
অনুবাদ: আমি অভিশপ্ত শয়তান থেকে সর্বশ্রোতা ও সর্বজ্ঞ আল্লাহর কাছে আশ্রয় প্রার্থনা করছি।
ফজিলত: রাসুলুল্লাহ (সা.) বলেছেন, "যে ব্যক্তি সকালে এই দুআ পাঠ করবে সে সন্ধ্যা পর্যন্ত শয়তানের অনিষ্ট থেকে রক্ষা পাবে।

হেফাজতে আমল-৮

বদ নজরের দুআ: সকাল সন্ধ্যায় ১ বার করে

اَللّٰهُمَّ أَذْهِبْ حَرَّهَا وَبَرْدَهَا وَوَصَبَهَا

উচ্চারণ: আল্লহুম্মা আযহিব হা'রহা ওয়া বারদাহা ওয়া ওয়া সবাহা।
অনুবাদ: হে আল্লাহ! তাপ, ঠান্ডা এবং খারাপ চোখের কঠিন পার্শ্বপ্রতিক্রিয়া দূর করুন।
পুণ্য: একজন ব্যক্তি একটি বদ নজর দ্বারা আক্রান্ত হয়েছিল। আমাদের প্রিয় নবি মুহাম্মদ (সা.) সেই ব্যক্তির বুকে হাত রেখে এই দুআ পাঠ করলেন।

হেফাজতে আমল-৯

কালো জাদু থেকে রক্ষার জন্য: সকাল সন্ধ্যায় ১ বার করে

أَعُوْذُ بِوَجْهِ اللّٰهِ الْعَظِيْمِ الَّذِيْ لَيْسَ شَيْءٌ أَعْظَمَ مِنْهُ وَبِكَلِمَاتِ اللّٰهِ التَّامَّاتِ
الَّتِيْ لَا يُجَاوِزُهُنَّ بَرٌّ وَلَا فَاجِرٌ وَبِأَسْمَآءِ اللّٰهِ الْحُسْنٰى كُلِّهَا مَا عَلِمْتُ مِنْهَا
وَمَا لَمْ أَعْلَمْ مِنْ شَرِّ مَا خَلَقَ وَذَرَأَ وَبَرَأَ

উচ্চারণ: আউযুবি ওয়াজহিল্লাহিল আ'জীমিল্লাযী শাইসা শাইয়ুন আ'যমা মিনহু ওয়াবিকালিমাতিল্লাহি তিহ্বাম্মাতিল্লাতি লা ইউজাবি'হুন্না বারুন ওয়ালা ফাজির,ওয়া বিআসমা ইল্লাহিল হুসনা কুল্লিহা মা আ'লিমতু মিনহা ওয়ামা লাম আ' লাম মিন শাররি মা খলাক ওয়াযারা-আ/ওয়া বারা-আ'
অনুবাদ: আমি সেই আল্লাহর মহান সত্তার আশ্রয় প্রার্থনা করছি যাঁর চাইতে কোন বস্তুই বড় নয়। আর তাঁর পূর্ণ কলেমাসমূহের আশ্রয় প্রার্থনা করছি যার আগে কোন ভাল কিংবা মন্দ যেতে পারে না, আর তাঁর সমুদয় সুন্দর নামের আশ্রয় প্রার্থনা করছি যা আমার জানা আছে এবং যা আমার জানা নেই; সেই সৃষ্টির অপকারিতা হতে, যা সৃষ্টি করেছেন এবং বিস্তৃত করেছেন।
ফজিলত: ক'ব' (রহ.) হতে বর্ণিত। তিনি বলেন, কা'ব আল আহবার বলেছেন, যদি আমি এ বাক্যগুলো না বলতাম, তবে ইয়াহুদীরা নিশ্চয়ই আমাকে গাধা বানিয়ে ফেলতো। সকালে/সন্ধ্যায় করা হলো, সে বাক্যগুলো কি? তিনি বলেন, এই দুআ।

হেফাজতে আমল-১০

জাদু/ কালো-জাদু ইত্যাদি থেকে সুরক্ষা: সকাল সন্ধ্যায় ৩ বার করে

সকাল

أَصْبَحْنَا وَأَصْبَحَ الْمُلْكُ لِلّٰهِ، وَالْحَمْدُ لِلّٰهِ، أَعُوْذُ بِاللّٰهِ الَّذِيْ يُمْسِكُ السَّمَآءَ أَنْ
تَقَعَ عَلَى الْأَرْضِ إِلَّا بِإِذْنِهِ مِنْ شَرِّ مَا خَلَقَ وَذَرَأَ، وَمِنْ شَرِّ الشَّيْطَانِ وَشِرْكِهِ

সন্ধ্যা

أَمْسَيْنَا وَأَمْسَى الْمُلْكُ لِلّٰهِ، وَالْحَمْدُ لِلّٰهِ، أَعُوْذُ بِاللّٰهِ الَّذِيْ يُمْسِكُ السَّمَآءَ أَنْ
تَقَعَ عَلَى الْأَرْضِ إِلَّا بِإِذْنِهِ مِنْ شَرِّ مَا خَلَقَ وَذَرَأَ، وَمِنْ شَرِّ الشَّيْطَانِ وَشِرْكِهِ

উচ্চারণ: আসবাহনা ওয়া আসবাহাল (/আমসাইনা ওয়া আমসাল) মুলকু লিল্লাহ, ওয়াল হামদুলিল্লাহ, আউযুবিল্লাহিল্লাযি ইয়ুমসিকুসসামা-আ আন তাক্বয়া' আ'লাল আরদী' ইল্লা বিইযনিহি মিন শাররি মা খলাক ওয়া যারআ, ওয়ামিং শাররিশ শায়ত্বনি ওয়া শিরকিহ।
অনুবাদ: আমরা এবং পুরো রাজ্য আল্লাহর উদ্দেশ্যে সন্ধ্যায় প্রবেশ করেছি। সমস্ত প্রশংসা আল্লাহর জন্য। আমি আশ্রয় প্রার্থনা করছি সেই আল্লাহর কাছে যিনি সৃষ্টির মন্দ থেকে এবং যেটা বিস্তার লাভ করে তার মন্দ থেকে এবং শয়তান ও তার শিকের মন্দ থেকে আমাদের রক্ষা করেন।

হেফাজতের আমল-১১

বিপদ ও ভয়ের সময়ে দুআ: সকাল সন্ধ্যায় ১ বার করে

اَللّٰهُمَّ إِنَّا نَجْعَلُكَ فِي نُحُوْرِهِمْ وَنَعُوْذُبِكَ مِنْ شُرُوْرِهِمْ

উচ্চারণ: আল্লাহুম্মা ইন্না নাজআলুকা ফি নুহুরিহিম ওয়া নাউযুবিকা মিন শুরুরিহিম

অনুবাদ: হে আল্লাহ! আমরা আপনাকে আমাদের শত্রুদের সামনে রাখি (আমাদের সুরক্ষার জন্য) এবং আমরা তাদের ক্ষিতনা থেকে আপনার আশ্রয় চাই।

ফজিলত: আমাদের প্রিয় নবি মুহাম্মাদ (সা.) যখন কারো কাছ থেকে কোনো বিপদ অনুভব করতেন তখন তিনি এই দুআ পাঠ করতেন।

হেফাজতের আমল-১২

অসুখ থেকে সুরক্ষার জন্য: সকাল সন্ধ্যায় ১ বার করে

بِسْمِ اللّٰهِ أَرْقِيْكَ مِنْ كُلِّ شَيْءٍ يُّؤْذِيْكَ مِنْ شَرِّ كُلِّ نَفْسٍ أَوْ عَيْنِ حَاسِدٍ اَللّٰهُ يَشْفِيْكَ بِسْمِ اللّٰهِ أَرْقِيْكَ

উচ্চারণ: বিসমিল্লা-হি আর্কীক, মিন কুল্লি শাইইন ইউ'যীক, মিন শাররি কুল্লি নাফসিন আউ আইনি 'হা-সিদিন, আল্লা-হু ইয়াশফীক, বিসমিল্লা-হি আর্কীক। (মুসলিম: ৫৮৯৯, আবু সাঈদ)

অনুবাদ: আল্লাহর নামে আমি আপনার উপর পাঠ করি এমন সমস্ত জিনিস থেকে (নিরাপত্তা পাওয়ার জন্য) যা আপনাকে ক্ষতি করবে, প্রত্যেক ব্যক্তির অনিষ্ট থেকে বা হিংসাপূর্ণ চোখের মন্দ থেকে। আল্লাহ আপনাকে সুস্থ করে দিন। আল্লাহর নামে আপনার উপর তিলাওয়াত করছি।

ফজিলত: আবু সাঈদ খুদরী (রা.) হতে বর্ণিত, 'জিবরীল (আ) নবি (সা.) এর নিকট এসে বললেন, হে মুহাম্মাদ! আপনি কি অসুস্থ? তিনি বললেন, হ্যাঁ। জিবরীল তখন এই দুআটি পড়লেন।'

হেফাজতের আমল-১৩

হাদিসের দুআ: সকাল সন্ধ্যায় ৩ বার করে

اَللّٰهُمَّ عَافِنِيْ فِيْ بَدَنِيْ، اَللّٰهُمَّ عَافِنِيْ فِيْ سَمْعِيْ، اَللّٰهُمَّ عَافِنِيْ فِيْ بَصَرِيْ، لَآ إِلٰهَ إِلَّآ أَنْتَ

উচ্চারণ: আল্লা-হুম্মা 'আ-ফিনী ফী বাদানী, আল্লা-হুম্মা 'আ-ফিনী ফী সাম্'ঈ আল্লা-হুম্মা 'আ-ফিনী ফী বাসারী। লা ইলা-হা ইল্লা আনতা।

অনুবাদ: হে আল্লাহ! আমাকে নিরাপত্তা দিন আমার শরীরে। হে আল্লাহ! আমাকে নিরাপত্তা দিন আমার শ্রবণশক্তিতে। হে আল্লাহ! আমাকে নিরাপত্তা দিন আমার দৃষ্টিশক্তিতে। আপনি ছাড়া কোনো হক্ব ইলাহ নেই।

ফজিলত: আমাদের প্রিয় নবি (সা.) প্রতিদিন সকালে তিনবার এই দুআ পাঠ করতেন।

তৃতীয় স্তর (ঈমানের নিরাপত্তা)

যদি আপনার রুকইয়াহ বিষয়ক সমস্যা থাকে, কিংবা জিন-শয়তান আপনাকে নিয়ন্ত্রণ করছে তবে উপরের ১ থেকে শুরু করে শেষ পর্যন্ত পড়তে হবে।

হিফাজতের আমল-১৪

ঈমানের উপর দৃঢ় থাকার দুআ: সকাল সন্ধ্যায় ১ বার করে

(সকালে একবার এবং সন্ধ্যায় একবার পাঠ করুন।)

يَا مُقَلِّبَ الْقُلُوْبِ ثَبِّتْ قَلْبِيْ عَلٰى دِيْنِكَ

উচ্চারণ: ইয়া মুকাল্লিবাল কুলুবি ছাব্বিত কলবিই আ'লা দ্বীনিক।

অনুবাদ: হে অন্তর পরিবর্তনকারী! আমার অন্তরকে আপনার দ্বীনের উপর অটল রাখুন।

ফজিলত: শাহর ইবনু হাওশাব (রহ.) হতে বর্ণিত আছে, তিনি বলেন, উম্মু সালামাহ (রা.)-কে আমি বললাম, হে উম্মুল মু'মিনীন, রাসুল (সা.) আপনার কাছে অবস্থানকালে অধিকাংশ সময় কোন দুআটি পাঠ করতেন? তিনি বললেন, তার অধিকাংশ সময় এই দুআটি।

হিফাজতের আমল-১৫

দুঃখ ও কষ্ট দূর করার দুআ : সকাল সন্ধ্যায় ১ বার করে

يَا حَيُّ يَا قَيُّوْمُ بِرَحْمَتِكَ أَسْتَغِيْثُ

উচ্চারণ: ইয়া হা'ইয়্যু ইয়া কয়্যুমু বিরহ'মাতিকা আসতাগী'ছ

অনুবাদ:ওহে চিরঞ্জীবী স্ব-অস্তিত্বশীল! আমি আপনার রহমতের মাধ্যমে আপনার সাহায্য চাই।

ফজিলত: আনাস বিন মালিক (রা.) কর্তৃক বর্ণিত, নবি (সা.) কোনো উৎকণ্ঠা ও দুশ্চিন্তায় পড়লে বলতেন, 'হে চিরঞ্জীব! হে অবিনশ্বর! আমি তোমার রহমতের অসিলায় (তোমার নিকট) সাহায্যের আবেদন করছি।'

হিফাজতের আমল-১৬

জাহান্নাম থেকে বাঁচার দুআ: সকাল সন্ধ্যায় ৭ বার করে

اَللّٰهُمَّ أَجِرْنِيْ مِنَ النَّارِ

উচ্চারণ: আল্লা-হুম্মা, আজিরনী মিনান না-র।

অনুবাদ:হে আল্লাহ! আমাকে জাহান্নাম থেকে বাঁচাও।

ফজিলত: মুসলিম বিন হারিস আত-তামীমী বলেন, একবার আমাদের প্রিয় নবি (সা.) আমাকে ফিসফিস করে বললেন, যখন তুমি তোমার মাগরিবের সালাত শেষ করবে তখন এই দুআটি সাতবার পড়বে। যদি তুমি এই দুআ পাঠ করো এবং সেই রাতে চলে যাও তবে জাহান্নামের আগুন থেকে তোমার মুক্তি লেখা হবে। আর যখন তুমি ফজরের সালাত শেষ করবে তখনও অনুরূপ বলবে, অতঃপর তুমি যদি ঐ দিন মারা যাও তাহলে তোমার জন্য জাহান্নাম থেকে মুক্তি লেখা হবে।

হিফাজতের আমল-১৭

দুনিয়া ও আখিরাতের জন্য আরাম: সকাল সন্ধ্যায় ১ বার করে

اَللّٰهُمَّ إِنِّيْ أَسْأَلُكَ الْعَفْوَ وَالْعَافِيَةَ فِي الدُّنْيَا وَالْاٰخِرَةِ

উচ্চারণ: আল্লা-হুম্মা, ইন্নী আস্'আলুকাল 'আফওয়া ওয়াল 'আ-ফিয়াতা ফিদ্ দুনইয়া- ওয়াল আ-খিরাহ।

অনুবাদ: হে আল্লাহ! আমি তোমার কাছে দুনিয়া ও আখিরাতের আফিয়া (স্বাচ্ছন্দ্য ও আরাম) কামনা করছি।

ফজিলত: ইবনে উমার (রা.) বলেন, রাসুলুল্লাহ (সা.) সকালে ও সন্ধ্যায় উপনীত হয়ে কখনো এই দুআ পড়া ত্যাগ করতেন না।

হেফাজতের আমল-১৮

চারটি জিনিস থেকে সুরক্ষা: সকাল সন্ধ্যায় ১ বার করে

اَللّٰهُمَّ إِنِّيْ أَعُوْذُبِكَ مِنَ الْأَرْبَعِ مِنْ عِلْمٍ لَا يَنْفَعُ وَمِنْ قَلْبٍ لَّا يَخْشَعُ وَمِنْ نَفْسٍ لَا تَشْبَعُ وَمِنْ دُعَاءٍ لَا يُسْمَعُ

উচ্চারণ: আল্লাহুম্মা ইন্নি আউযুবিকা মিনাল আরবা', মিন ইলমি লা ইয়ানফা', ওয়া মিন কলবিল লা ইয়াখশা' , ওয়া মিন নাফসিল লা তাশবাআ', ওয়া মিন দুআ'ইন লা ইয়ুসমাআ।

অনুবাদ: হে আল্লাহ! আমি আপনার কাছে চারটি বস্তু হতে আশ্রয় চাই- এমন জ্ঞান যা উপকারে আসে না, এমন হৃদয় যা ভীত হয় না, এমন আত্মা যা তৃপ্ত হয় না এবং এমন দুআ যা কবুল হয় না।

আবু হুরাইরাহ (রা.) বলেন, রাসুল (সা.) এই দুআ পড়তেন।

হেফাজতের আমল-১৯

সকল প্রকার আরাম: সকাল সন্ধ্যায় ১ বার করে

اَللّٰهُمَّ إِنِّيْ أَسْأَلُكَ الْعَفْوَ وَالْعَافِيَةَ فِي الدُّنْيَا وَالْآخِرَةِ. اَللّٰهُمَّ إِنِّيْ أَسْأَلُكَ الْعَفْوَ وَالْعَافِيَةَ فِيْ دِيْنِيْ وَدُنْيَايَ، وَأَهْلِيْ وَمَالِيْ. اَللّٰهُمَّ اسْتُرْ عَوْرَاتِيْ، وَاٰمِنْ رَوْعَاتِيْ. اَللّٰهُمَّ احْفَظْنِيْ مِنْ بَيْنِ يَدَيَّ وَمِنْ خَلْفِيْ، وَعَنْ يَمِيْنِيْ وَعَنْ شِمَالِيْ، وَمِنْ فَوْقِيْ، وَأَعُوْذُ بِعَظَمَتِكَ أَنْ أُغْتَالَ مِنْ تَحْتِيْ.

উচ্চারণ: আল্লা-হুম্মা ইন্নী আসআলুকাল 'আফওয়া ওয়াল- 'আ-ফিয়াতা ফিদ্দুনইয়া ওয়াল আ-খিরাতি। আল্লা-হুম্মা ইন্নী আসআলুকাল 'আফওয়া ওয়াল-'আ-ফিয়াতা ফী দীনী ওয়াদুনইয়াইয়া, ওয়া আহ্লী ওয়া মা-লী, আল্লা-হুম্মাসতুর 'আওরা-তী ওয়া আ-মিন রাও'আ-তি। আল্লা-হুম্মাহফাযনী মিম্বাইনি ইয়াদাইয়্যা ওয়া মিন খালফী ওয়া 'আন ইয়ামীনী ওয়া 'আন শিমা-লী ওয়া মিন ফাওক্বী। ওয়া আ'উযু বি'আযামাতিকা আন উগতা-লা মিন তাহতী

অনুবাদ: হে আল্লাহ! আমি তোমার নিকট দুনিয়া ও আখিরাতের স্বস্তি ও নিরাপত্তা প্রার্থনা করি। হে আল্লাহ! আমি তোমার নিকট আমার দ্বীন, আমার দুনিয়া, আমার পরিবার ও আমার সম্পদের নিরাপত্তা প্রার্থনা করি। হে আল্লাহ! আমার লজ্জাস্থানকে গোপন রাখো এবং আমার ভয়কে নিরাপত্তায় পরিণত করো। হে আল্লাহ! আমাকে হেফাজত করো আমার সম্মুখভাগ থেকে, আমার পশ্চাৎভাগ থেকে, আমার ডান দিক থেকে, আমার বাম দিক থেকে এবং আমার উপরের দিক থেকে। আমি তোমার মহত্বের অসিলায় আমার নিচের দিক থেকে আমাকে ধ্বসিয়ে দেয়া থেকে আশ্রয় প্রার্থনা করি।

ফজিলত: ইবনে উমার (রা.) বলেন, রাসুল (সা.) সকালে ও সন্ধ্যায় উপনীত হয়ে কখনো এই দুআ পড়া ত্যাগ করতেন না। [আবু দাউদ, ইবনে মাজাহ, নাসাঈ, আহমাদ, হাকিম, ইবনে হিব্বান]

হেফাজতের আমল-২০

তিন তাসবীহ: সকাল সন্ধ্যায় ৩৩, ৩৩, ৩৪ বার করে

سُبْحَانَ اللّٰهِ	اَلْحَمْدُ لِلّٰهِ	اَللّٰهُ أَكْبَرُ
উচ্চারণ: সুবহানাল্লাহ	উচ্চারণ: আলহামদুলিল্লাহ	উচ্চারণ: আল্লাহু আকবার
অনুবাদ: আল্লাহ পবিত্র।	অনুবাদ: সমস্ত প্রশংসা আল্লাহর।	অনুবাদ: আল্লাহ সবচেয়ে বড়

হেফাজতের আমল-২১

গুনাহ মাফের দুআ: সকাল সন্ধ্যায় ১০০ বার করে

سُبْحَانَ اللّٰهِ وَبِحَمْدِهٖ

উচ্চারণ: সুবহানাল্লা-হি ওয়া বিহামদিহী

অনুবাদ: আল্লাহর প্রশংসা সহকারে তাঁর পবিত্রতা ও মহিমা বর্ণনা করছি।

ফজিলত : রসুলুল্লাহ (স.) বলেছেন: যে ব্যক্তি প্রতিদিন একশত বার এই দুআ পাঠ করবে তার ছোট ছোট গুনাহ মাফ হয়ে যাবে যদিও তার গুনাহ সমুদ্রের ফেনার সমতুল্য হয়।

ফরজ সালাতের পর দুআ ও জিকির।

সর্বনিম্ন আমল:

প্রাথমিকভাবে অভ্যাস করার জন্য কিংবা বেশি ব্যস্ত থাকলে জিকির ১-৪ দিয়ে শুরু করা যেতে পারে। এরপর ধীরে ধীরে বাড়ানোর অভ্যাস করতে হবে।

জিকির-১

আল্লাহু আকবার: ১ বার

اَللّٰهُ أَكْبَرُ

উচ্চারণ: আল্লাহু আকবার।
অনুবাদ: আল্লাহ মহান

জিকির-২

আসতাগফিরুল্লা-হ: ৩ বার

أَسْتَغْفِرُ اللّٰهَ

উচ্চারণ: আসতাগফিরুল্লা-হ্ ।
অনুবাদ: হে আল্লাহ! আমি তোমার কাছে ক্ষমা প্রার্থনা করছি।

জিকির-৩

আয়াতুল কুরসী: ১ বার

(হেফাজতের আমল ০১ দেখুন)

ফজিলত: আবু উমামা (রা.) বলেন, রাসুলুল্লাহ (সা.) বলেছেন: "যে ব্যক্তি প্রত্যেক ফরজ সালাতের পর 'আয়াতুল কুরসী পাঠ করে, মৃত্যু ছাড়া আর কিছুই তাকে জান্নাতে প্রবেশ করা থেকে বিরত রাখতে পারবেনা"। [নাসাঈ, হাদিস সহিহ, সিলসিলাহ্ সহিহাহ-হাদিস ৯৭২]

জিকির-৪

হাদিস: ১ বার

اَللّٰهُمَّ أَنْتَ السَّلَامُ وَمِنْكَ السَّلَامُ، تَبَارَكْتَ يَا ذَا الْجَلَالِ وَالْإِكْرَامِ

উচ্চারণ: আল্লাহুম্মা আনতাস সালাম ওয়া মিনকাস সালাম, তাবা-রাকতা ইয়া যাল-জালা-লী ওয়াল ইকরাম
অনুবাদ: হে আল্লাহ! তুমি শান্তিময়, তোমার কাছ থেকেই শান্তি অবতীর্ণ হয়। তুমি বরকতময়, হে পরাক্রমশালী ও মর্যাদা প্রদানকারী।
সাওবান (রা.) থেকে বর্ণিত। তিনি বলেন "রাসুল (সা.) যখন সালাম ফেরাতেন তখন তিনি তিনবার ইস্তেগফার পড়তেন অর্থাৎ 'আস্তাগফিরুল্লাহ' বলতেন। তারপর বলতেন: "আল্লাহুম্মা আনতাস সালাম ওয়া মিনকাস সালাম, তাবারাকতা ইয়া যাল-জালা-লী ওয়াল ইকরাম।"
[মুসলিম ১/২১৮, আবু দাউদ ১/২২১]

দ্বিতীয় স্তরের আমল:

সর্বনিম্ন আমলগুলো অভ্যাসে চলে আসার পর উপরের আমলগুলোর সাথে নিচের আমলগুলোও করতে হবে।

জিকির-৫

তিন কুল: ১ বার

(হেফাজতের আমল ০৪ দেখুন)

জিকির-৬

হাদিস: ১ বার

لَآ إِلٰهَ إِلَّا اللّٰهُ وَحْدَهٗ لَا شَرِيْكَ لَهٗ، لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ
وَهُوَ عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ

উচ্চারণ: "লা ইলাহা ইল্লাল্লা-হু ওয়াহ্দাহু লা শারীকা লাহু, লাহুল মুলকু ওয়ালাহুল হামদু ওয়া হুয়া আলা কুল্লি শাইয়িন কাদীর।
অনুবাদ: আল্লাহ ব্যতীত কোন সত্য মাবুদ নেই, তিনি একক, তাঁর কোন অংশীদার নেই, তাঁরই জন্য সমস্ত রাজত্ব, তাঁরই সমস্ত প্রশংসা এবং তিনি সর্ব বিষয়ে শক্তিমান।

জিকির-৭

হাদিস: ১ বার

اَللّٰهُمَّ لَا مَانِعَ لِمَا أَعْطَيْتَ وَلَا مُعْطِيَ لِمَا مَنَعْتَ وَلَا يَنْفَعُ ذَا الْجَدِّ
مِنْكَ الْجَدُّ

উচ্চারণ: আল্লা-হুম্মা লা মা-নিয়া লিমা আ'ত্বাইতা, ওয়ালা মু'তিয়া লিমা মানা'তা ওয়ালা ইয়ানফাউ যাল জাদ্দি মিনকাল জাদ্দু।
অনুবাদ: হে আল্লাহ! তুমি যা দান করো তা রোধ করার এবং যা রোধ করো তা দান করার সাধ্য কারো নেই। আর ধনবানের ধন তোমার আযাব থেকে মুক্তি পেতে কোন উপকারে আসবে না। [বুখারি, মুসলিম, সহিহ, মিশকাত ৯৬২ নং] [মুসলিম ১/২১৮, আবু দাউদ ১/২২১]

জিকির-৮

হাদিস: ১ বার

لَا حَوْلَ وَلَا قُوَّةَ إِلَّا بِاللّٰهِ

উচ্চারণ: লা-হাওলা ওয়ালা কুওয়াতা ইল্লা বিল্লা-হ্।
অনুবাদ: আল্লাহর প্রেরণা দান ছাড়া পাপ থেকে ফেরার এবং সৎকাজ করার শক্তি নেই। [মুসলিম, সহিহ, মিশকাত ৯৬৩ নং]

জিকির- ৯

তিন তাসবিহ: ১ বার

৩৩,৩৩,৩৪ বার করে

سُبْحَانَ اللهِ	اَلْحَمْدُ لِلّٰهِ	اَللهُ أَكْبَرُ
উচ্চারণ: সুবহানাল্লাহ	উচ্চারণ: আলহামদুলিল্লাহ	উচ্চারণ: আল্লাহু আকবার
অনুবাদ: আল্লাহ পবিত্র।	অনুবাদ: সমস্ত প্রশংসা আল্লাহর।	অনুবাদ: আল্লাহ সবচেয়ে বড়

ফজিলত: আবু হুরাইরা (রা.) রাসুলুল্লাহ (সা.) থেকে বর্ণনা করেন যে, তিনি বলেছেন: যে ব্যক্তি প্রত্যেক নামাজের পর ৩৩ বার 'সুবহানাল্লাহ' ৩৩ বার 'আলহামদুলিল্লাহ' ৩৩ বার 'আল্লাহু আকবার' পড়ে এবং ১০০ বার পূর্ণ করার জন্য একবার "লা- ইলা-হা ইল্লাল্লা-হু ওয়াহ্ দাহু লা-শারীকা লাহু লাহুল মুলকু ওয়া লাহুল হামদু ওয়া হুয়া আলা কুল্লি শাইয়িন ক্বাদীর" পড়ে, তার সমস্ত গুনাহ ক্ষমা করে দেয়া হয়, যদিও তা সাগরের ফেনাপুঞ্জের সমতুল্য হয়। [মুসলিম-১২২৮]

জিকির- ১০

দুআ: ১ বার

اَللّٰهُمَّ أَعِنِّيْ عَلٰى ذِكْرِكَ وَشُكْرِكَ، وَحُسْنِ عِبَادَتِكَ

উচ্চারণ: আল্লাহুম্মা আ ই'ন্নী আ'লা যিকরিকা ওয়া শুকরিকা ওয়া হু'সনি ইবাদাতিকা

অনুবাদ: হে আল্লাহ! আপনার জিকির করতে, আপনার শুকরিয়া জ্ঞাপন করতে এবং সুন্দরভাবে আপনার ইবাদত করতে আমাকে সাহায্য করুন।

জরুরী কয়েকটি মাসনুন দুআ

প্রতিটা মাসনুন দুআই গুরুত্বপূর্ণ। এর মধ্যে আরোগ্য ও হেদায়েত রয়েছে। এর মধ্যে বিশেষ দুইটি দুআ যেগুলো হেফাজতের জন্য আবশ্যকীয়ভাবে পড়তে হবে।

দুআ-১

টয়লেটে প্রবেশের দুআ

ঘরে ঘরে আজকাল জিন শয়তানের এত বেশি সমস্যার অনেকগুলো কারণের মধ্যে একটা প্রধান কারণ রুমের সাথে টয়লেট। একসময় গ্রামগুলোতে টয়লেট বাসার বাহিরে ছিল। সেটাই উত্তম ছিল। এখন টয়লেট প্রবেশ করল ঘরে। আর আধুনিক হতে গিয়ে আমরা সেটা নিয়ে এলাম প্রতিটি রুমের ভেতরে। আর টয়লেট হলো সবচেয়ে নিকৃষ্ট জিন বা শয়তানের আবাসস্থল। তার মানে আমাদের রুমগুলোর সাথে শয়তানের থাকারও ব্যবস্থা করে দিয়েছি।
শুধু তাই নয় পুরো ফ্ল্যাট ডেকোরেশনে যে অর্থ খরচ হয় তার একটা বড় খরচ হয় টয়লেট তথা নিকৃষ্ট শয়তানের ঘরটাকে সাজাতে গিয়ে। শয়তান সবচেয়ে বেশি আক্রমণ করে টয়লেট থেকে। তাই টয়লেটে প্রবেশের দুআ অবশ্যই অবশ্যই পড়তে হবে। দুআ পড়ে টয়লেটে গেলে শয়তান মানুষকে দেখতে পায় না। খালি মাথায় টয়লেটে না যাওয়া। টয়লেটের দরজা অবশ্যই অবশ্যই খোলা না রাখা। টয়লেট থেকে শয়তানের আক্রমণ হয়েছে এ রকম শত শত ঘটনা রয়েছে।

টয়লেটে প্রবেশের দুআ:

اَللّٰهُمَّ إِنِّيْ أَعُوْذُبِكَ مِنَ الْخُبُثِ وَالْخَبَائِثِ

উচ্চারণ: আল্লাহুম্মা ইন্নি আউযুবিকা মিনাল খুবুছি ওয়াল খবাইছ।
অনুবাদ: 'হে আল্লাহ! নিশ্চয়ই আমি আপনার কাছে পুরুষ ও নারী শয়তানের অনিষ্ট তথা ক্ষতি থেকে আশ্রয় চাই।' [বুখারি]

দুআ-২

বিশেষ সময়ের দুআ

এই দুআটাও খুবই গুরুত্বপূর্ন। এই দুআ না পড়লে বিশেষ সময়ে শয়তানও অংশগ্রহণ করে। এবং এরকম অনেক ঘটনা এসেছে এ দুআ না পড়ার কারনে শয়তান শরীরে প্রবেশ করেছে।

بِسْمِ اللّٰهِ اَللّٰهُمَّ جَنِّبْنَا الشَّيْطَانَ وَجَنِّبِ الشَّيْطَانَ مَا رَزَقْتَنَا

উচ্চারণ: বিসমিল্লাহি আল্লাহুম্মা জান্নিবনাশ শায়ত্বনা ওয়া জান্নিবিশ শায়ত্বনা মা রযাকতানা।
অনুবাদ: আল্লাহর নামে আরম্ভ করছি। আল্লাহ! তুমি আমাদেরকে শয়তান থেকে দূরে রাখো এবং যা আমাদেরকে দান করবে তাকেও শয়তান থেকে দূরে রাখো।

হাদিসের কিছু শক্তিশালী রুকইয়াহ বা তিব্বে নববি

তিব্বে নববি বা নবির চিকিৎসা শুধু শয়তান বা জিনের বিরুদ্ধে নয়। বরং যেকোনো সাধারণ রোগের জন্যও এই চিকিৎসা কাজ করে।

কুরআনের আয়াত ও হাদিসের দুআর মধ্যে শিফা আছে। আর এই শিফা নেওয়ার জন্য বড় বুজুর্গ হওয়ার প্রয়োজন নেই। কিংবা রাকী হওয়ার প্রয়োজন নেই। কিংবা মনের ভেতরে সন্দেহ তৈরি করার দরকার নেই, আমি তো এত আমল করি না, আমার দ্বারা হবে না। দুআগুলো বিশ্বাসের সাথে পড়তে পারলেই হবে। শয়তান পড়ার সময়ও বিশ্বাসে সন্দেহ তৈরি করবে, যে তোমার পড়ার দ্বারা কিছু হবে না। এই সন্দেহ আসলেও পড়তে থাকলে অবশ্যই অবশ্যই কাজ হবে ইনশাআল্লাহ। কারণ এই শক্তি আমার আপনার নয় বরং কুরআন ও হাদিসের শক্তি।

যেকোনো সাধারণ রোগের জন্য (যেমন: মাথাব্যথা, পেটব্যথা, জ্বর, ডায়েরিয়া ইত্যাদি)—রোগের স্থান বা ব্যথার জায়গায় হাত রেখে নিচের ধাপগুলো অনুসরণ করতে হবে।

নিজের সমস্যা হলে, নিজেই নিজের রোগাক্রান্ত স্থানে হাত রেখে নিচের দুআগুলো পড়ে আমল করবে।

রোগী যদি মাহরাম হন, তবে আপনি সরাসরি রোগীর শরীরে হাত রেখে আমল করতে পারেন।

আর যদি গায়রে মাহরাম হন, তবে রোগী নিজেই নিজের সমস্যার স্থানে হাত রাখবে, আর আপনি কেবল দুআগুলো পড়বেন।

এই সময় একটি বোতলে পানি রাখতে হবে। প্রতিটি আয়াত বা দুআ পড়ার পর সেই পানিতে ফুঁ দিতে হবে। এরপর ঐ পানি রোগী বা আপনি নিজে সারাদিনে অন্য পানির সঙ্গে মিশিয়ে পান করবেন, অথবা সরাসরি পান করা যাবে।

এই আমল সাধারণ রোগের ক্ষেত্রে একবার করলেই যথেষ্ট। তবে জটিল বা দীর্ঘস্থায়ী রোগের জন্য দিনে ২—৩ বার করে ৩ থেকে ৭ দিন পর্যন্ত করা যেতে পারে।

১ম ধাপ: রুকইয়াহ ১-৬
২য় ধাপ: রুকইয়াহ ১-১২
৩য় ধাপ: রুকইয়াহ ১৩- আয়াতুশ শিফা
৪র্থ ধাপ: রুকইয়াহ ১৪- রুকইয়াহ গোসল
৫ম ধাপ: রুকইয়াহ ১৫- রুকইয়াহ আম্মা

এরপরও কাজ না হলে সুন্নত হিসেবে ডাক্তারের শরণাপন্ন হতে হবে।
বদনজর, সিহর, জিন-শয়তান অথবা অন্য কোনো কঠিন সমস্যার জন্য ১৫ নম্বর রুকইয়াহ পুরোটা পড়লেই হবে ইনশাআল্লাহ।
রুকইয়াহ করার পূর্বের শর্ত:
১। যেখানে রুকইয়াহ করা হবে সেই ঘরে ঈমানী পরিবেশ তৈরি করতে হবে। যেমনঃ সর্বপ্রথম সেই ঘরকে সকল প্রকার ছবি থেকে পবিত্র করতে হবে যেন ফেরেশতা প্রবেশ করতে পারে।
২। সেই ঘরকে সকল প্রকার গান-বাজনা থেকে পবিত্র করতে হবে।
৩। সেই ঘরের কেউ শরীয়তের বিধান অমান্য করবে না। যেমনঃ পুরুষ সোনা পরবে না আর মহিলা বেপর্দা থাকবে না এবং কোন ব্যক্তি ধূমপান করবে না।
৪। অসুস্থ ব্যক্তির সাথে তাবীজ-কবচ, কড়ি বা এধরণের কিছু থাকলে তা খুলে জ্বালিয়ে দিতে হবে।
৫। পরিবারের সকলকেই বিশুদ্ধ আকীদায় বিশ্বাসী হিসেবে তৈরি করা। যেন সবাই এর জন্য আল্লাহ ব্যতীত অন্য কারো সাথে সম্পর্ক না রাখে।
৬। চিকিৎসা আরম্ভ করার পূর্বে নিজে এবং সহযোগী উভয়কেই ওযু করে নিতে হবে।
৭। অসুস্থ রোগী যদি মহিলা হয়ে থাকে, তবে পর্দা অবস্থায় না হলে চিকিৎসা করা যাবে না। শরীয়ত পরিপন্থী পোশাকেও চিকিৎসা করা যাবে না। যেমনঃ মুখ খোলা, সুগন্ধি ব্যবহৃত অবস্থায়, নখ বড় করা ইত্যাদি।
৯। মহিলার চিকিৎসা তার মাহরামের (একান্ত আপনজন) উপস্থিতিতে হতে হবে।
১০। মাহরাম ব্যতীত অন্য পুরুষ তার সাথে থাকতে পারবে না।
১১। ফেসবুক ও ইউটিউব ব্যবহারের মাধ্যমে চোখের যেনা হয়, যা রুকইয়াহর প্রভাব কমিয়ে দিতে পারে।
১২। সফলতার জন্যে নিজকে সকল কলুষতা ও অন্যের প্রতি সকল আস্থা থেকে মুক্ত রাখবে। আর একমাত্র আল্লাহর কাছে সাহায্য প্রার্থনা উপরেই আস্থা রাখবে।

তিব্বে নববি দুআগুলি শেখার জন্য ভিডিও:
youtube.com/watch?v=OPYprrf4INU

রুকইয়াহ-১

যেকোনো রোগের জন্য: সূরা ফাতিহা: ৭ বার

أَعُوْذُ بِاللّٰهِ السَّمِيْعِ الْعَلِيْمِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيْمِ مِنْ هَمْزِهٖ وَنَفْخِهٖ وَنَفْثِهٖ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

اَلْحَمْدُ لِلّٰهِ رَبِّ الْعَالَمِيْنَ ○

اَلرَّحْمٰنِ الرَّحِيْمِ ○ مَالِكِ يَوْمِ الدِّيْنِ ○ إِيَّاكَ نَعْبُدُ وَإِيَّاكَ نَسْتَعِيْنُ ○

اِهْدِنَا الصِّرَاطَ الْمُسْتَقِيْمَ ○ صِرَاطَ الَّذِيْنَ أَنْعَمْتَ عَلَيْهِمْ ۙ

غَيْرِ الْمَغْضُوْبِ عَلَيْهِمْ وَلَا الضَّآلِّيْنَ ○

সূরা ফাতিহা দিয়ে রুকইয়াহর একটি উপকারী পদ্ধতি:
এ পদ্ধতিতে সূরা ফাতিহার প্রতিটি আয়াত পাঠ করে প্রতিবার অল্প অল্প করে পানি পান করতে হয়। এতে আয়াতের প্রভাব ধীরে ধীরে শরীরে পৌঁছায়, যা রোগ নিরাময়ে সহায়ক হতে পারে, ইন শা আল্লাহ।

ফজিলত: রাসুলুল্লাহ (সা.) বলেছেন, সূরা ফাতিহা সব রোগের মহৌষধ।'- (সুনানে দারেমি, হাদিস ৩৪১৩; মিশকাত, হাদিস ২১৭০)।
হজরত আবু সাঈদ খুদরি (রা.) থেকে বর্ণিত এক হাদিসে এসেছে, কয়েকজন সাহাবি আরবের এক গোত্রে এলেন। গোত্রের লোকেরা তাদের কোনো মেহমানদারি করল না। হঠাৎ ওই গোত্রের নেতাকে সাপে কাটে। তখন তারা এসে বলল, আপনাদের কাছে কি কোনো ওষুধ আছে? তারা উত্তর দিলেন, হ্যাঁ, আছে। তবে তোমাদের আমাদের মেহমানদারি করতে হবে। আমরা প্রচণ্ড ক্ষুধার্ত। তারা মেহমানদারি করতে রাজি হল। এ ছাড়া আমরা তাদের কাছে একপাল বকরি চাইলাম। তখন একজন সাহাবি উম্মুল কুরআন অর্থাৎ সূরা ফাতিহা পড়ে মুখে থুথু জমা করে সে ব্যক্তির ক্ষতে মেখে দিলেন। ফলে বিষ নেমে গেল এবং সে সুস্থ হয়ে গেল।
সাহাবিরা খাওয়া-দাওয়া করে নবি কারিম (সা.)-এর কাছে বকরিসহ ফিরে এলেন। তারা রাসুল (সা.)-এর কাছে জানতে চাইলেন তাদের এ ধরনের কাজ ঠিক হল কি না। নবি (সা.) শুনে মুচকি হাসলেন এবং বললেন, ঠিক আছে বকরিগুলো নিয়ে যাও এবং তাতে আমার জন্যও একটি অংশ রেখে দিও।' (বুখারি, হাদিস ৫০০৬)
হজরত জাফর সাদেক (রা:) বর্ণনা করেন, সূরা ফাতিহা ৪০ বার পাঠ করে পানির ওপর দম করে কোনো ঘরে আক্রান্ত লোকের মুখমণ্ডলে ছিটিয়ে দিলে, এর বরকতে ঘর দুর্যীভূত হয়ে যাবে।
ফজরের নামাজের সুন্নত ও ফরজ নামাজের মধ্যবর্তী সময়ে ৪১ বার এ সূরা পাঠ করে চোখে ফুঁ দিলে চোখের ব্যাথা দূর হয়।

রুকইয়াহ-২

রোগীর সুস্থ হওয়ার দুআ: ৭ বার

أَسْأَلُ اللّٰهَ الْعَظِيْمَ رَبَّ الْعَرْشِ الْعَظِيْمِ أَنْ يَّشْفِيَكَ

উচ্চারণ: আসআলুল্লাহাল আ'যীমা রব্বাল আ'রশীল আজীমি আইইয়াশফিয়াক।
অনুবাদ: আমি সুমহান আল্লাহ, মহা আরশের প্রভুর নিকট তোমার আরোগ্য (সুস্থতা) প্রার্থনা করছি।
ফজিলত: ইবনে আব্বাস (রা.) হতে বর্ণিত, নবি (সা.) বলেছেন, যে ব্যক্তি এমন কোন রুগ্ন মানুষকে সাক্ষাৎ করবে, যার এখন মৃত্যুর সময় উপস্থিত হয়নি এবং তার নিকট সাতবার এই দুআটি বলবে, আল্লাহ তাকে সে রোগ থেকে মুক্তি দান করবেন।

যেকোনো রোগের জন্য: সূরা ফাতিহার প্রতি আয়াতের সাথে নিচের দুআ ১ বার করে
প্রথমে রুকইয়াহর আউজুবিল্লাহ এরপর সাধারণ বিসমিল্লাহ এরপর সূরা ফাতিহার প্রতি আয়াতের সাথে নিচের দুআটি পড়তে হবে। সূরা ফাতিহার মোট আয়াত ৭টি আবার এই দুআটাও পড়ার কথা এসেছে ৭ বার। সূরা ফাতিহা নিজেই একটি শিফা এবং এই নির্দিষ্ট দুআটিও শিফার জন্য বিখ্যাত। এই দুটি একসাথে পাঠ করার ফলে রুকইয়াহর কার্যকারিতা অনেক বেড়ে যায়।

أَعُوْذُ بِاللّٰهِ السَّمِيْعِ الْعَلِيْمِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيْمِ مِنْ هَمْزِهٖ وَنَفْخِهٖ وَنَفْثِهٖ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

১ اَلْحَمْدُ لِلّٰهِ رَبِّ الْعَالَمِيْنَ

أَسْأَلُ اللّٰهَ الْعَظِيْمَ رَبَّ الْعَرْشِ الْعَظِيْمِ أَنْ يَّشْفِيَكَ

২ اَلرَّحْمٰنِ الرَّحِيْمِ

أَسْأَلُ اللّٰهَ الْعَظِيْمَ رَبَّ الْعَرْشِ الْعَظِيْمِ أَنْ يَّشْفِيَكَ

৩ مَالِكِ يَوْمِ الدِّيْنِ

أَسْأَلُ اللّٰهَ الْعَظِيْمَ رَبَّ الْعَرْشِ الْعَظِيْمِ أَنْ يَّشْفِيَكَ

৪ إِيَّاكَ نَعْبُدُ وَإِيَّاكَ نَسْتَعِيْنُ

أَسْأَلُ اللّٰهَ الْعَظِيْمَ رَبَّ الْعَرْشِ الْعَظِيْمِ أَنْ يَّشْفِيَكَ

৫ اِهْدِنَا الصِّرَاطَ الْمُسْتَقِيْمَ

أَسْأَلُ اللّٰهَ الْعَظِيْمَ رَبَّ الْعَرْشِ الْعَظِيْمِ أَنْ يَّشْفِيَكَ

৬ صِرَاطَ الَّذِيْنَ أَنْعَمْتَ عَلَيْهِمْ ۙ

أَسْأَلُ اللّٰهَ الْعَظِيْمَ رَبَّ الْعَرْشِ الْعَظِيْمِ أَنْ يَّشْفِيَكَ

৭ غَيْرِ الْمَغْضُوْبِ عَلَيْهِمْ وَلَا الضَّآلِّيْنَ

أَسْأَلُ اللّٰهَ الْعَظِيْمَ رَبَّ الْعَرْشِ الْعَظِيْمِ أَنْ يَّشْفِيَكَ

রুকইয়াহ-৩

ফর্মুলা-৪

ব্যাথার জন্য দুআ: তিনবার বিসমিল্লাহ এবং সাতবার নিচের দুআ

আবু আব্দুল্লাহ উসমান ইবনে আবুল আস রাদিয়াল্লাহু আনহু রাসুল (সা.) এর নিকট ব্যাথার অভিযোগ করলেন। অতঃপর রাসুল (সা.) তাঁকে বললেন, তুমি তোমার দেহের ব্যথিত স্থানে হাত রেখে তিনবার বিসমিল্লাহ এবং সাতবার দুআটা পড়ো।

بِسْمِ اللّٰهِ ← ৩ বার

أَعُوْذُ بِعِزَّةِ اللّٰهِ وَقُدْرَتِهِ مِنْ شَرِّ مَا أَجِدُ وَأُحَاذِرُ ← ৭ বার

উচ্চারণ: আউযু বিল্লা-হি ওয়াকুদরতিহী মিন শাবরি মা আজিদু ওয়াউহা-যির।

অনুবাদ: আমি আল্লাহর মর্যাদা ও কুদরতের অসীলায় সেই জিনিসের অনিষ্ট হতে আশ্রয় চাচ্ছি যা আমি পাচ্ছি ও ভয় করছি।[মুসলিম ২২০২ নং আবু দাউদ ৪/১১]

ফর্মুলা-৫

ফোড়া গোটা, ইত্যাদির জন্য: ৩ বার

নিয়ম: প্রথমে ডান হাতের শাহাদাত আঙ্গুলে একটু থুতু নিয়ে, আঙ্গুলটি মাটিতে রেখে নিচের দুআটি পড়তে হবে। এরপর ক্ষতস্থানে লাগিয়ে দিতে হবে। ঢাকা শহরে যেহেতু ফিজিক্যাল মাটি পাওয়া যায় না তাই টবের মাটির উপরে নখ রাখলেও ইনশাআল্লাহ হবে।

بِسْمِ اللّٰهِ، تُرْبَةُ أَرْضِنَا، بِرِيْقَةِ بَعْضِنَا، يُشْفَى سَقِيْمُنَا، بِإِذْنِ رَبِّنَا

উচ্চারণ: বিসমিল্লাহি তুরবাতু আরদিনা, বিরীকাতি বা'দিনা, ইয়ুশফা সাক্বীমুনা, বিইযনি রাব্বিনা।

অনুবাদ: আল্লাহর নামের সঙ্গে আমাদের জমিনের মাটি এবং আমাদের কিছু লোকের থুতু মিশ্রিত করে ফোড়াতে লাগালাম। আমাদের প্রতিপালকের আদেশে এর দ্বারা আমাদের রোগী সুস্থতা লাভ করবে। [বুখারি ও মুসলিম]

ফজিলত: আয়েশা (রা.) হতে বর্ণিত, যখন কোন ব্যক্তি নবি (সা.) এর নিকট নিজের কোন অসুস্থতার অভিযোগ করত অথবা (তার দেহে) কোন ফোঁড়া কিংবা ক্ষত হতো, তখন নবি (সা.) নিজ আঙ্গুল নিয়ে এরকম করতেন। (হাদিসের বাকী) সুফয়ান তাঁর শাহাদত আঙ্গুলটিকে জমিনের উপর রাখার পর উঠালেন। (অর্থাৎ তিনি এভাবে মাটি লাগাতেন।)

ফর্মুলা-৬

অসুস্থতা থেকে সুস্থতার দুআ: ৩ বার

اَللّٰهُمَّ رَبَّ النَّاسِ أَذْهِبِ الْبَأْسَ وَاشْفِ أَنْتَ الشَّافِيْ لَا شِفَاءَ إِلَّا شِفَاؤُكَ شِفَاءً لَّا يُغَادِرُ سَقَمًا

উচ্চারণ: আল্লাহুম্মা রব্বান নাস, আজহিবিল বা'সা, ওয়াশফি আনতাশ শা-ফি-, লা শিফাআ' ইল্লা- শিফা-উকা শিফা-আ' লা ইউগাদিরু সাক্বমা।

অনুবাদ: 'হে মানুষের প্রতিপালক! এ রোগ দূর করো এবং আরোগ্য দান কর, তুমিই আরোগ্য দানকারী। তোমার আরোগ্য ব্যতীত কোনো আরোগ্য নেই। এমন আরোগ্য, যা বাকি রাখে না কোনো রোগ।' [বুখারি, মিশকাত]

ফজিলত: হজরত আয়েশা (রা.) বলেন, আমাদের মধ্যে কেউ যখন অসুস্থ হতো তখন রাসুল সা. তাঁর ডান হাত রোগীর শরীরে বুলাতেন এবং বলতেন।

ফ্রেকেয়ার-৭

অসুস্থতা থেকে সুস্থতার দুআ: ৩ বার

بِسْمِ اللّٰهِ أَرْقِيْكَ مِنْ كُلِّ شَيْءٍ يُّؤْذِيْكَ
مِنْ شَرِّ كُلِّ نَفْسٍ أَوْ عَيْنٍ حَاسِدٍ - اَللّٰهُ يَشْفِيْكَ بِسْمِ اللّٰهِ أَرْقِيْكَ

উচ্চারণ: 'বিসমিল্লা-হি আরক্বীক, মিন কুল্লি শাইয়িন ইউ'যীক,ওয়া মিন শাররি কুল্লি নাফসিন আউ আইনিন হা-সিদিন, আল্লা-হু ইয়াশফীক, বিসমিল্লা-হি আরক্বীক

অনুবাদ: "আল্লাহর নামে আপনাকে ঝাঁড়ফুক করছি, কষ্টদায়ক সকল কিছুর ক্ষতি হতে, যে কোনো মানুষ বা বদনজর অথবা হিংসুকের হিংসার নজর হতে। আল্লাহ আপনাকে শিফা বা রোগমুক্ত করুন, আমি আপনাকে আল্লাহর নামেই ঝাঁড়ফুক করছি।" [সহিহ মুসলিম: ৪/১৭১৮]

ফজিলত: আবূ সাঈদ খুদরী (রা.) হতে বর্ণিত, 'জিবরীল (আ) নবি (সা.) এর নিকট এসে বললেন, হে মুহাম্মাদ! আপনি কি অসুস্থ? তিনি বললেন, হ্যাঁ। জিবরীল তখন এই দুআটি পড়লেন।'

ফ্রেকেয়ার-৮

বদনজরে আক্রান্ত হলে তার চিকিৎসা হলো: ৩ বার

أَعُوْذُ بِكَلِمَاتِ اللّٰهِ التَّامَّاتِ مِنْ كُلِّ شَيْطَانٍ وَّهَامَّةٍ وَمِنْ كُلِّ عَيْنٍ لَّامَّةٍ -

উচ্চারণ: আউযুবি কালিমাতিল্লা হিত্তাম্মাতি মিন কুল্লি শাইত্বানিও ওয়া হা-ম্মাতিও ওয়া মিন কুল্লি আ'ঈনিন লাম্মাহ।

অনুবাদ: আমি তোমাদেরকে আল্লাহর পরিপূর্ণ বাণীসমূহের অসিলায় প্রত্যেক শয়তান ও কষ্টদায়ক জন্তু হতে এবং প্রত্যেক ক্ষতিকারক (বদ) নজর হতে আল্লাহর পানাহ দিচ্ছি। [বুখারি ৪/১১৯]

ফ্রেকেয়ার-৯

অসুস্থতা থেকে সুস্থতার দুআ: ৩ বার

بِسْمِ اللّٰهِ يُبْرِيْكَ وَمِنْ كُلِّ دَاءٍ يَشْفِيْكَ وَمِنْ شَرِّ حَاسِدٍ إِذَا حَسَدَ
وَمِنْ شَرِّ كُلِّ ذِيْ عَيْنٍ

উচ্চারণ: বিসমিল্লাহি ইউবরিকা ওয়া মিন কুল্লি দা-ইন ইয়াশফিকা ওয়া মিন শাররী হা'ছিদিন ইযা- হা'সাদা ওয়া মিন শাররী কুল্লি যিই আ'-ঈন

অনুবাদ: আল্লাহর নামে, তিনি আপনাকে (রোগ) মুক্ত করুন, সব রোগ হতে আপনাকে নিরাময় করুন, আর হিংসুকের অনিষ্ট হতে-যখন সে হিংসা করে আর সব বদ নজরওয়ালার অনিষ্ট হতে।

ফজিলত: ইবনু আবূ উমার মাক্কী (রহ.) বলেন, রাসুলুল্লাহ (সা.) এর সহধর্মিনী আয়িশা (রা.) থেকে বর্ণনা করেন যে, 'তিনি বলেছেন: রাসুল (সা.) অসুস্থ হয়ে পড়লে জিবরীল (আ.) এ দুআ পড়ে তাকে ফুঁকে দিলেন।'

ফ্রেকেয়ার-১০

বাচ্চাদের মধ্যে রাগ, জিদ, কান্নায় শয়তান দূর করার দুআ: ৩ বার

رَبِّ أَعُوْذُ بِكَ مِنْ هَمَزَاتِ الشَّيَاطِيْنِ وَأَعُوْذُ بِكَ رَبِّ أَنْ يَّحْضُرُوْنِ

উচ্চারণ: রব্বি আউ'যু বিকা মিন হামাযাতিশ শায়াতীন, ওয়া আউ'যু বিকা রব্বি আই-ইয়াহদুরুন।

অনুবাদ: হে আমার রব, আমি শয়তানের প্ররোচনা থেকে আপনার কাছে পানাহ চাই এবং আমার কাছে তাদের উপস্থিতি হতে আপনার কাছে পানাহ চাই।

ফজিলত: আবু হুরায়রা (রা.) বলেন, আমি রসূলুল্লাহ (সা.)-কে বলতে শুনেছি, এমন কোন আদম সন্তান নেই, যাকে জন্মের সময় শয়তান স্পর্শ করে না। জন্মের সময় শয়তানের স্পর্শের কারণেই সে চিৎকার করে কাঁদে। তবে মারইয়াম এবং তাঁর ছেলে (ঈসা) (আলাইহিস সালাম)- এর ব্যতিক্রম। তারপর আবু হুরায়রা (রা.) বলেন, (এর কারণ হল মারইয়ামের মায়ের এ দুআ) "হে আল্লাহ! নিশ্চয় আমি আপনার নিকট তাঁর এবং তাঁর বংশধরদের জন্য বিতাড়িত শয়তান থেকে আশ্রয় প্রার্থনা করছি।" [সহিহ বুখারি, হাদিস নং ৩৪৩১]

রুকইয়াহ-১১

ভয় ও শয়তানের কুমন্ত্রণা থেকে বাঁচতে: ৩ বার

أَعُوْذُ بِكَلِمَاتِ اللّٰهِ التَّامَّاتِ مِنْ غَضَبِهٖ وَعِقَابِهٖ وَشَرِّ عِبَادِهٖ وَمِنْ هَمَزَاتِ الشَّيَاطِيْنِ وَأَنْ يَّحْضُرُوْنِ

উচ্চারণ: আউযুবি কালিমাতিল্লা হিত্তাম্মাতি মিন গযবিহি ওয়া ঈ'ক্ব-বিহী ওয়া শাররী ঈ'বাদিহী ওয়া মিন হামাযাতিশ শ্বায়াত্বিনি ওয়া আই ইয়াহ'যুরু-ন

অনুবাদ: "আল্লাহর পরিপূর্ণ কালেমাসমূহের ওসিলায় আশ্রয় চাই তাঁর রাগ থেকে, তাঁর শাস্তি থেকে, তাঁর বান্দাদের অনিষ্ট থেকে, শয়তানদের কুমন্ত্রণা থেকে এবং তাদের উপস্থিতি থেকে।" [আবু দাউদ: ৪/১২, নং: ৩৮৯৩। সাহীহুত- তিরমিযী ৩/১৭১]

ফজিলত: 'আমর ইবনু শু'আয়ব তাঁর পিতার মাধ্যমে তার দাদা হতে বর্ণনা করেন যে, রাসুলুল্লাহ (সা.) বলেছেন: তোমাদের মধ্যে কেউ যখন ঘুমের মধ্যে ভয় পায় সে যেন এই দুআটি পড়ে।

রুকইয়াহ-১২

বদ নজর দূর করতে

যিনি রুকইয়াহ করবেন, তিনি নিচের হলুদ মার্ক করা অংশটুকু বারবার পাঠ করবেন। আর যার রুকইয়াহ করা হচ্ছে, তিনি সূরা ফালাক ও সূরা নাস ধীরে ধীরে পড়বেন এবং প্রতিটি আয়াত পড়ার সময় এক চুমুক করে পানি পান করবেন। এভাবে মোট ১১ বার পানি পান করতে হবে। ইনশাআল্লাহ, এতে বদনজরের প্রভাব কেটে যাবে।

أَعُوْذُ بِاللّٰهِ السَّمِيْعِ الْعَلِيْمِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيْمِ مِنْ هَمْزِهٖ وَنَفْخِهٖ وَنَفْثِهٖ

أَمْ يَحْسُدُوْنَ النَّاسَ

عَلٰى مَآ اٰتٰهُمُ اللّٰهُ مِنْ فَضْلِهٖ ۖ فَقَدْ اٰتَيْنَآ اٰلَ إِبْرٰهِيْمَ الْكِتٰبَ وَالْحِكْمَةَ وَاٰتَيْنٰهُمْ مُّلْكًا عَظِيْمًا

৪.৫৪) নাকি তারা মানুষকে হিংসা করে?
যা কিছু আল্লাহ্ তাদেরকে স্বীয় অনুগ্রহে দান করেছেন।
অবশ্যই আমি ইব্রাহীমের বংশধরদেরকে কিতাব ও হেকমত দান করেছিলাম আর তাদেরকে দান করেছিলাম বিশাল রাজ্য।

ভয় দূর করতে

নিচের দুআটি বুকে হাত দিয়ে সাতবার পড়লে
ভয় দূর হয়ে যাবে ইনশাআল্লাহ।

قُلْنَا لَا تَخَفْ إِنَّكَ أَنْتَ الْأَعْلَى

উচ্চারণ: কুল্না- লা- তাখফ ইন্নাকা আ-ন্তাল আ'লা
অনুবাদ: তুমি ভয় পেয়ো না, নিশ্চয় তুমিই বিজয়ী হবে।

ঘুম আসার আমল

ঘুম না আসলে আয়াতুল কুরসি পড়ে, হলুদ অংশটা বারবার পড়তে হবে। যার অর্থ: "তাঁকে তন্দ্রাও স্পর্শ করতে পারে না এবং নিদ্রাও নয়।" মনে মনে এই নিয়ত করতে হবে "হে আল্লাহ তোমার ঘুম প্রয়োজন নেই কিন্তু আমার ঘুমের প্রয়োজন আছে। তাই আমাকে ঘুমের ব্যবস্থা করে দাও।"

اَللّٰهُ لَآ إِلٰهَ إِلَّا هُوَ ۚ اَلْحَيُّ الْقَيُّوْمُ ۚ لَا تَأْخُذُهٗ سِنَةٌ وَّ لَا نَوْمٌ ۚ
لَهٗ مَا فِي السَّمَاوَاتِ وَمَا فِي الْأَرْضِ ۚ مَنْ ذَا الَّذِيْ يَشْفَعُ عِنْدَهٗٓ إِلَّا بِإِذْنِهٖ ۚ يَعْلَمُ
مَا بَيْنَ أَيْدِيْهِمْ وَمَا خَلْفَهُمْ ۚ وَلَا يُحِيْطُوْنَ بِشَيْءٍ مِّنْ عِلْمِهٖٓ إِلَّا بِمَا شَآءَ ۚ وَسِعَ
كُرْسِيُّهُ السَّمَاوَاتِ وَالْأَرْضَ ۚ وَلَا يَئُوْدُهٗ حِفْظُهُمَا ۚ وَهُوَ الْعَلِيُّ الْعَظِيْمُ

রুকইয়াহ ১৩: বদ নজর, সিহর, জাদু বা যেকোনো সমস্যার জন্য রুকইয়াহ গোসল অথবা বরই পাতার গোসল

এই গোসলটি যেকোনো রোগের জন্য করা যেতে পারে। বরই পাতা না থাকলে সাধারণ রুকইয়াহ গোসল হবে আর বরই পাতা থাকলে বরই পাতার গোসল হবে। সিহরের চিকিৎসায় এই বরই পাতার গোসলটি খুবই উপকারী। সিহরের বিভিন্ন চিকিৎসা পদ্ধতির তুলনা করলে হয়তো এটা এক নম্বরে থাকবে।

এক বালতি গোসলের পানি নিতে হবে। এরপর সাতটি বরই পাতা (কুল বরই হলে আরও ভালো) বেটে অথবা ব্লেন্ড করে পানিতে গুলাতে হবে। (সম্ভব হলে সবুজ পাতা ব্যবহার করতে হবে, না পেলে যেটা পাওয়া যায় সেটাই হবে)

ওই পানিতে দুই হাত ডুবিয়ে নিচের আয়াত/দুআগুলো ৩ অথবা ৭ বার করে পড়তে হবে-

১. দুরুদ শরিফ ২. সুরা ফাতিহা ৩. আয়াতুল কুরসি ৪.সুরা কাফিরুন ৫. সুরা ইখলাস ৬. ফালাক ৭. নাস ৮. আবার দুরুদ শরিফ ৭ বার

যদি সময় কম থাকে তবে প্রতিটি ৩ বার করে পড়লেও হবে। সুরা কাফিরুন ও বাদ দিলেও হবে। তবে বেশি পড়লে উপকার বেশি হবে। সংক্ষিপ্ত দুরুদ হিসেবে صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ পড়লেও হবে।

পড়ার মাঝে মাঝে পানিতে ফুঁ দেওয়া যেতে পারে। এরপর এখান থেকে তিন ঢোক পানি পান করতে হবে, বাকিটা দিয়ে গোসল করতে হবে।

যদি গোসলের পানি খাওয়ার অনুপযোগী হয় তবে পান করার পানি আলাদা করে নিতে হবে। এরপরে বরই পাতা পিষে উভয় পানিতে দিয়ে আয়াতগুলো পড়ে উভয় পানিতে ফুঁ দিতে হবে। এরপরে পান করারটা পান করতে হবে, আর বালতিরটা দিয়ে গোসল করতে হবে।

বিভিন্ন যুগের অনেক বিখ্যাত আলিমদের সাজেস্টেড পদ্ধতি এইটা। ইনশাআল্লাহ প্রথম গোসলেই জাদু নষ্ট হয়ে যাবে। প্রয়োজনে একই নিয়মে আরও কিছুদিন গোসল করতে হবে।

দ্রষ্টব্য:

১. এই পানি চুলার আগুনে গরম করা যাবে না। এর সাথে অন্য পানি মেশানো যাবে না। শীতকালে গোসল করতে কষ্ট হলে কুসুম গরম পানিতে এই বরই পাতা গুলিয়ে গোসল করা যেতে পারে। তবে ঠান্ডা পানিই উত্তম।

২. যদি এরপরে সাধারণ পানি দিয়ে গোসল করার প্রয়োজন হয় তবে করা যেতে পারে।

৩. চাইলে সাথে আরও কিছু আয়াত অথবা রুকইয়াহর দুআ পড়া যেতে পারে।

৪. এসব আয়াত গোসলখানার বাইরে পড়তে হবে। তবে সেখানে দুআ-কালাম পড়ার পরিবেশ না থাকলে আগে বরই পাতা বেটে দুআগুলো পড়ে ফুঁ দিতে হবে। এরপর গোসলখানায় নিয়ে পানিতে মিশিয়ে গোসল করা যেতে পারে।

রুকইয়াহ ১৪: আয়াতে শেফা: রোগ মুক্তির জন্য কুরআনের ৬ টি আয়াত

আয়াতে শেফা শোনার জন্য ভিজিট করুন

পবিত্র কুরআনে কারীমের ৬ টি আয়াত "আয়াতে শেফা বা রোগ মুক্তির আয়াত" নামে পরিচিত।
এগুলো পড়ার পুর্বে সুরা ফাতিহা পড়ে নেওয়া উত্তম।
পুরো আয়াতগুলো একবার করে আর আয়াতুল শেফার মূল অংশ অর্থাৎ হুজুদ চিহ্নিত অংশগুলো তিনবার অথবা সাতবার করে পড়তে হবে।
আয়াতগুলো হচ্ছে :

১. সুরা তাওবার ১৪ নম্বর আয়াত

قَاتِلُوْهُمْ يُعَذِّبْهُمُ اللّٰهُ بِاَيْدِيْكُمْ وَيُخْزِهِمْ وَيَنْصُرْكُمْ عَلَيْهِمْ
وَيَشْفِ صُدُوْرَ قَوْمٍ مُّؤْمِنِيْنَ

অর্থ : তাদের বিরুদ্ধে লড়াই কর, তোমাদের হাত দিয়েই আল্লাহ তাদেরকে শাস্তি দিবেন, তাদেরকে অপমানিত করবেন, তাদের বিরুদ্ধে তোমাদেরকে সাহায্য করবেন আর মু'মিনদের প্রাণ ঠান্ডা করবেন।

২. সুরা ইউনুসের ৫৭ নম্বর আয়াত।

يٰٓاَيُّهَا النَّاسُ قَدْ جَآءَتْكُمْ مَّوْعِظَةٌ مِّنْ رَّبِّكُمْ
وَشِفَآءٌ لِّمَا فِى الصُّدُوْرِ ۙ وَهُدًى وَّرَحْمَةٌ لِّلْمُؤْمِنِيْنَ

অর্থ : হে মানুষ, তোমাদের রবের পক্ষ থেকে তোমাদের কাছে এসেছে উপদেশ এবং অন্তরসমূহে যা থাকে তার শিফা, আর মুমিনদের জন্য হিদায়াত ও রহমত।

৩. সুরা নাহলের ৬৯ নম্বর আয়াত।

ثُمَّ كُلِىْ مِنْ كُلِّ الثَّمَرٰتِ فَاسْلُكِىْ سُبُلَ رَبِّكِ ذُلُلًا
يَخْرُجُ مِنْۢ بُطُوْنِهَا شَرَابٌ مُّخْتَلِفٌ اَلْوَانُهٗ فِيْهِ شِفَآءٌ لِّلنَّاسِ ۗ اِنَّ فِىْ ذٰلِكَ لَاٰيَةً
لِّقَوْمٍ يَّتَفَكَّرُوْنَ

অর্থ : অতঃপর প্রত্যেক ফল থেকে আহার কর, অতঃপর তোমার প্রতিপালকের (শিখানো) সহজ পদ্ধতি অনুসরণ কর। এর পেট থেকে রং-বেরং এর পানীয় বের হয়। এতে মানুষের জন্য আছে আরোগ্য। চিন্তাশীল মানুষের জন্য এতে অবশ্যই নিদর্শন আছে।

৪. সুরা বনী ইসরাইলের ৮২ নম্বর আয়াত।

وَنُنَزِّلُ مِنَ الْقُرْاٰنِ مَا هُوَ شِفَآءٌ وَّرَحْمَةٌ لِّلْمُؤْمِنِيْنَ ۙ وَلَا يَزِيْدُ الظّٰلِمِيْنَ اِلَّا خَسَارًا

অর্থ : আর আমি কুরআন নাযিল করি যা মুমিনদের জন্য শিফা ও রহমত, কিন্তু তা যালিমদের ক্ষতিই বাড়িয়ে দেয়।

৫. সুরা আশ-শুআ'রা ৮০ নম্বর আয়াত।

وَاِذَا مَرِضْتُ فَهُوَ يَشْفِيْنِ

অর্থ : এবং যখন আমি রোগাক্রান্ত হই, তখন তিনিই আরোগ্য দান করেন

৬. সুরা হা-মীম-সাজদাহ এর ৪৪ নম্বর আয়াত।

وَلَوْ جَعَلْنٰهُ قُرْاٰنًا اَعْجَمِيًّا لَّقَالُوْا لَوْلَا فُصِّلَتْ اٰيٰتُهٗ ۗ ءَاَعْجَمِىٌّ وَّعَرَبِىٌّ ۗ
قُلْ هُوَ لِلَّذِيْنَ اٰمَنُوْا هُدًى وَّشِفَآءٌ ۗ وَالَّذِيْنَ لَا يُؤْمِنُوْنَ فِىْٓ اٰذَانِهِمْ وَقْرٌ وَّهُوَ
عَلَيْهِمْ عَمًى ۗ اُولٰٓئِكَ يُنَادَوْنَ مِنْ مَّكَانٍۢ بَعِيْدٍ

অর্থ : আর আমি যদি এটাকে অনারবী ভাষার কুরআন বানাতাম তবে তারা নিশ্চিতভাবেই বলত, 'এর আয়াতসমূহ বিশদভাবায় বর্ণিত হয়নি কেন'? এটি অনারবী ভাষায় আর রাসূল আরবী ভাষী! বল, 'এটি মুমিনদের জন্য হিদায়াত ও প্রতিষেধক। আর যারা ঈমান আনে না তাদের কানে রয়েছে বধিরতা আর কুরআন তাদের জন্য হবে অন্ধত্ব। তাদেরকেই ডাকা হবে দূরবর্তী স্থান থেকে।

বাড়িতে অথবা অন্য কোথাও শয়তানের উৎপাত থাকলে করণীয়:

১. সব ঘরে আযান দিতে হবে।
২. একটি গ্লাসে পানি নিয়ে, তাতে ৩ কুল পড়ে ফুঁ দিতে হবে। ওই পানি ঘরের বিভিন্ন জায়গায় ছিটিয়ে দিতে হবে।
৩. ঘরে মাঝে মাঝে সূরা বাক্বারার তিলাওয়াত করা অথবা সম্ভব না হলে তিলাওয়াতের অডিও ছেড়ে রাখা।

তাবিজ অথবা যেকোনো সন্দেহজনক বস্তু নষ্ট করার নিয়ম:

প্রথমে আয়াতুল কুরসি এবং তিন কুল ১ বার করে পড়ে নিতে হবে। তাবিজ বা যাদুর অন্য যেকোনো জিনিস খালি হাতে না ধরে গ্লাভস বা পলিথিন ব্যবহার করা ভাল।
এরপর নিচের কুরআনের আয়াতটি বারবার পড়তে পড়তে তাবিজের কাগজগুলো পুড়িয়ে দিতে হবে।
সূরা আহকাফ, আয়াত ২৫

تُدَمِّرُ كُلَّ شَيْءٍ بِأَمْرِ رَبِّهَا فَأَصْبَحُوا لَا يُرَىٰ إِلَّا مَسَاكِنُهُمْ ۚ كَذَٰلِكَ نَجْزِي الْقَوْمَ الْمُجْرِمِينَ

অর্থ: এটা তার রবের নির্দেশে সব কিছু ধ্বংস করে দেবে'। ফলে তারা এমন (ধ্বংস) হয়ে গেল যে, তাদের আবাসস্থল ছাড়া আর কিছুই দেখা যাচ্ছিল না। এভাবেই আমি অপরাধী কওমকে প্রতিফল দিয়ে থাকি।

রুকইয়াহ-১৫: রুকইয়াহ আম্মা: শয়তানের সাথে যুদ্ধ

রুকইয়াহ আম্মার মাধ্যমে রোগ নির্ণয় করা হয়। যখন যে আয়াত (সিহর, বদ নজর, শয়তান-সংক্রান্ত) পড়া হয়, তখন রোগীর সাথে যা মিলে, তখন সেটার প্রতিক্রিয়া দেখা যায়। আয়াতগুলো পড়তে থাকলে কখনও রোগীর মাথা ভারী হয়ে আসতে পারে, কখনও হাত-পায়ের বিভিন্ন জায়গায় ব্যাথা অনুভব হতে পারে, কখনও বারবার হাই আসতে পারে, কখনও ঘুম আসতে পারে। এই রুকইয়াহ কয়েক ঘণ্টা ধরে পড়তে হয়। লাল চিহ্নিত অংশগুলো বারবার পড়তে হয়। যখন কুরআন তেলাওয়াত করা হয়, তখন ফেরেশতারা আল্লাহর হুকুমে সাহায্য করে। আর এগুলো শয়তান সহ্য করতে পারে না। শয়তানের সমস্যা থাকলে লম্বা সময় এগুলো পড়ার দ্বারা শয়তান হাজির হয়ে যেতে পারে। এটার জন্য অবশ্যই পূর্বের থেকে কিছু প্রশিক্ষণ থাকলে ভালো হয়।

রুকইয়াহ হলো আল্লাহর সাথে কথা বলা। শয়তানের সাথে যুদ্ধ। আমরা রুকইয়াহর সময় মূলত ৩ জনের সাথে কথা বলি: ১। আল্লাহ ২। শয়তান ৩। যাকে রুকইয়াহ করা হচ্ছে সেই মুমিন।

এই আয়াতগুলো নিজের সমস্যার জন্য নিজে নিজেও পড়তে পারবেন। রুকইয়াহ আম্মা কারও শয়তান বা জিনের আক্রমণ হলে পড়তে পারেন। এ ছাড়া যেকোনো সমস্যার জন্য পড়া যেতে পারে। সাধারণ রোগব্যাধির জন্যও পড়া যেতে পারে। পুরোটুকু শেষ করতে না পারলেও সমস্যা নেই। চাইলে শুধু লাল দাগ দেওয়া গুরুত্বপূর্ণ অংশগুলোও পড়া যেতে পারে।

অনেক সময় রুকইয়াহ আম্মা পড়া শুরু করলে শরীরে কিছু অস্বস্তি বা সমস্যার অনুভূতি দেখা দিতে পারে। এর মানে এই নয় যে আপনি রুকইয়াহর কারণে অসুস্থ হচ্ছেন; বরং এর অর্থ, আপনার ভেতরে আগে থেকেই কোনো শয়তানী প্রভাব বা যাদুর সমস্যা লুকিয়ে ছিল, যা এখন রুকইয়াহর মাধ্যমে প্রকাশ পাচ্ছে।

এটা ঠিক যেন ক্যান্সার রোগের মতো। ধরুন, কারও শরীরে ক্যান্সার ছিল কিন্তু ধরা পড়েনি । যখন টেস্ট করা হলো, তখন রোগ ধরা পড়ল। এরপর কেমোথেরাপি শুরু হলে শরীর দুর্বল হয়, ব্যথা বাড়ে, কিন্তু এই কষ্টের মাঝেই সে সুস্থতার দিকে এগিয়ে যায়।

রুকইয়াহর ক্ষেত্রেও এমন হয়। যদি কারও শরীরে শয়তানী প্রভাব থাকে, তাহলে রুকইয়াহ পড়া শুরু করলে প্রথম দিকে অস্বস্তি বা সমস্যা বেড়ে যেতে পারে—যেমন মাথা ব্যথা, ঘুমের সমস্যা, আতঙ্ক, কান্না আসা ইত্যাদি। কিন্তু এটা ভয় পাওয়ার কিছু না। বরং এটি ইঙ্গিত দেয় যে রুকইয়া কাজ করছে, এবং ভেতরের সমস্যাগুলো ধীরে ধীরে প্রকাশ পাচ্ছে ও নির্মূল হচ্ছে।

সুতরাং, রুকইয়াহ আম্মা পড়া শুরু করলে প্রথমে কষ্ট হতে পারে, কিন্তু ধৈর্য রেখে চালিয়ে যেতে থাকলে ইনশাআল্লাহ সুস্থতা আসবে। কারণ শয়তান বা যাদুর প্রভাব থাকলে রুকইয়াহ বা কোরআনের মাধ্যমে তা ধ্বংস হয়ে যায়।

রুকইয়াহ্ আম্মা এই বইতে উল্লেখ করার উদ্দেশ্য হলো রুকইয়াহকে একেবারে সবার কাছে পৌঁছে দেওয়া। অর্থাৎ, বিষয়টা এমন নয় যে শুধু রাকী হলেই রুকইয়াহ্ করবে। সাধারণ এলোপ্যাথিক চিকিৎসা হিসেবে কিছু সাধারণ চিকিৎসা যেমন সবাই জানে, তবে বিশেষ সমস্যায় হাসপাতালে ভর্তি হতে হয়। ঠিক একইভাবে, শয়তানের বিরুদ্ধে সাধারণ অস্ত্র সবার হাতে থাকতে হবে। তবে বিশেষ সমস্যার জন্য রাকীর শরণাপন্ন হতে হবে।

আর হ্যাঁ, যারা জিন দিয়ে কবিরাজি করে তাদের মুখে একটা কথা শোনা যায়, জিন-শয়তানের বিরুদ্ধে কাজ করলে শয়তান পরিবারের অন্য কারও ক্ষতি করতে পারে।

এই ঘটনা শুধু ঘটতে পারে যদি জিন দ্বারা কাজগুলো করা হয়। যেটা সাধারণত কবিরাজরা করে। মনে করেন আপনি একজন সন্ত্রাসী পুষছেন অন্য সন্ত্রাসীদের দমন করার জন্য। এটা হতেই পারে যে কোনো সময় আপনার নিজের পালা সন্ত্রাসী বিশ্বাসঘাতকতা করে বসতে পারে অথবা অন্য সন্ত্রাসী শক্তি বৃদ্ধি করে আপনার নিজের সন্ত্রাসী ও আপনাকে ক্ষতিগ্রস্ত করতে পারে। এটাই হলো মূলত কবিরাজদের কাজ। যারা জিন দ্বারা কাজ করে। তাছাড়া এখানে কবিরাজদের একটা প্রোপাগান্ডাও কাজ করে। তারা এটা বেশি করে ছড়ায় যাতে তাদের ব্যবসায় কেউ ভাগ বসাতে না পারে। আর রুকইয়াহতে সরাসরি আল্লাহর সাহায্য নেওয়া হয় এবং ফেরেশতারা আল্লাহর হুকুমে সাহায্য করে, তাই এক্ষেত্রে এ ধরণের কোনো সম্ভাবনা নেই। তাছাড়া কোনো সাহাবীদের ক্ষেত্রেও এ ধরণের ঘটনা ঘটে নি। অধিকাংশ সাহাবী তিব্বে নববি এবং রুকইয়াহর বিষয়গুলো জানতেন। তাছাড়া বডিগার্ড হিসেবে সকাল-সন্ধ্যার হেফাজতের আমল তো আছেই।

রুকইয়াহ আম্মা শুরু করার আগে দুআ

রুকইয়াহ আম্মা শুরু করার আগে কিছু কোরআন ও হাদিসের দোয়া রয়েছে, যা পড়া উত্তম।

"আমি সর্বশ্রুতিশীল, সর্বজ্ঞানী আল্লাহর কাছে আশ্রয় চাই অভিশপ্ত শয়তান থেকে — তার কুমন্ত্রণা, অহংকার ও কবিতা (অর্থহীন কথাবার্তা) থেকে।	أَعُوْذُ بِاللّٰهِ السَّمِيْعِ الْعَلِيْمِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيْمِ مِنْ هَمْزِهٖ وَنَفْخِهٖ وَنَفْثِهٖ	১-৩ বার
"আমি তোমাদের আল্লাহর পূর্ণাঙ্গ বাক্যগুলোর মাধ্যমে আশ্রয় দিচ্ছি, সেই সব সৃষ্ট বস্তুর অনিষ্ট থেকে, যা তিনি সৃষ্টি করেছেন।"	أُعِيْذُكُمْ بِكَلِمَاتِ اللّٰهِ التَّامَّاتِ مِنْ شَرِّ مَا خَلَقَ	১ বার
আমি আল্লাহর পরিপূর্ণ কালামসমূহের দ্বারা আশ্রয় চাই তাঁর ক্রোধ থেকে, তাঁর শাস্তি থেকে এবং তাঁর বান্দাদের অনিষ্ট থেকে, আর শয়তানদের কুমন্ত্রণা থেকে এবং তাদের উপস্থিতি থেকে।	أُعِيْذُكُمْ بِكَلِمَاتِ اللّٰهِ التَّامَّةِ مِنْ غَضَبِهٖ وَعِقَابِهٖ وَشَرِّ عِبَادِهٖ وَمِنْ هَمَزَاتِ الشَّيَاطِيْنِ وَأَنْ يَّحْضُرُوْنِ أَعُوْذُ بِكَلِمَاتِ اللّٰهِ التَّامَّاتِ الَّتِيْ لَا يُجَاوِزُهُنَّ بَرٌّ وَّلَا فَاجِرٌ مِنْ شَرِّ مَا خَلَقَ নিজের জন্য হলে (أَعُوْذُ) অন্যের জন্য হলে (أُعِيْذُ)	১ বার
আমি আল্লাহর পরিপূর্ণ বাণীর মাধ্যমে আশ্রয় চাই, তাঁর সেই সব সৃষ্টির অনিষ্ট থেকে যেগুলো তিনি সৃষ্টি করেছেন, ছড়িয়ে দিয়েছেন ও গঠন করেছেন; আকাশ থেকে যা অবতীর্ণ হয় এবং আকাশে যা আরোহণ করে—তার অনিষ্ট থেকে; রাত ও দিনের ফিতনার অনিষ্ট থেকে; এবং প্রত্যেক আগতের অনিষ্ট থেকে—তাদের থেকে ব্যতিক্রম সে, যে কল্যাণ নিয়ে আগমন করে। হে দয়াময় রহমান!"	أَعُوْذُ بِكَلِمَاتِ اللّٰهِ التَّامَّةِ مِنْ شَرِّ مَا خَلَقَ وَذَرَأَ وَبَرَأَ وَمِنْ شَرِّ مَا يَنْزِلُ مِنَ السَّمَآءِ وَمِنْ شَرِّ مَا يَعْرُجُ فِيْهَا وَمِنْ شَرِّ فِتَنِ اللَّيْلِ وَالنَّهَارِ وَمِنْ شَرِّ كُلِّ طَارِقٍ إِلَّا طَارِقًا يَطْرُقُ بِخَيْرٍ يَا رَحْمٰنُ	১ বার

১ বার	حَسْبِيَ اللّٰهُ وَنِعْمَ الْوَكِيْلُ، نِعْمَ الْمَوْلٰى وَنِعْمَ النَّصِيْرُ	"আল্লাহ আমার জন্য যথেষ্ট, তিনি সবচেয়ে ভালো কর্মসম্পাদনকারী, তিনি আমার পরিপূর্ণ অভিভাবক, এবং তিনি আমার সবচেয়ে ভালো সাহায্যকারী।"
১ বার	حَسْبِيَ اللّٰهُ لَا إِلٰهَ إِلَّا هُوَ، عَلَيْهِ تَوَكَّلْتُ، وَهُوَ رَبُّ الْعَرْشِ الْعَظِيْمِ	"আল্লাহই আমার জন্য যথেষ্ট, তাঁর ছাড়া কোন ইলাহ নেই, আমি শুধু তাঁর ওপরই ভরসা রাখি, এবং তিনি হলেন মহান আকাশ ও পৃথিবীর মালিক।"
১ বার	وَمَن يَتَوَكَّلْ عَلَى ٱللَّهِ فَهُوَ حَسْبُهُۥٓ ۚ إِنَّ ٱللَّهَ بَٰلِغُ أَمْرِهِۦ ۚ قَدْ جَعَلَ ٱللَّهُ لِكُلِّ شَىْءٍ قَدْرًا	"যে-কেউ আল্লাহর উপর নির্ভর করে, আল্লাহই তার (কর্ম সম্পাদনের) জন্য যথেষ্ট। নিশ্চয়ই আল্লাহ তার কাজ পূরণ করেই থাকেন। (অবশ্য) আল্লাহ সবকিছুর জন্য একটা পরিমাণ নির্দিষ্ট করে রেখেছেন।"
প্রতিটি রুমে আযান দিতে হবে		

রুকইয়াহ আম্মা

যে সূরার যে আয়াতগুলো পড়তে হয়।

- ১. সূরা ফাতিহা- (১-৭)
- ২. সূরা ফাতিহা- (রোগীর দুআসহ)
- ৩. আযান
- ৪. সূরা বাক্বারাহ-(১-৫)
- ৫. সূরা বাক্বারাহ- (৭২)
- ৬. সূরা বাক্বারাহ- (১০২-১০৩)
- ৭. সূরা বাক্বারাহ-(১৬৩-১৬৪)
- ৮. সূরা বাক্বারাহ-(২৫৫-২৫৬-২৫৭)
- ৯. সূরা বাক্বারাহ-(২৮৫-২৮৬)
- ১০.সূরা আলে-ইমরান- (১-১০)
- ১১.সূরা আলে-ইমরান-(১৮-১৯)
- ১২.সূরা আলে-ইমরান-(২৬-২৭)
- ১৩.সূরা নিসা-(৫৪).
- ১৪.সূরা আল্ আরাফ- (৫৪-৫৬)
- ১৫.সূরা আল্ আরাফ-(১১৭-১২২).
- ১৬.সূরা আনফাল- (১২).
- ১৭.সূরা আনফাল- (৫০).
- ১৮.সূরা আত তাওবাহ্- (৩).
- ১৯.সূরা আত তাওবাহ্- (১৪-১৫).
- ২০.সূরা ইউনুস- (৫৭)
- ২১.সূরা ইউনুস-(৭৯-৮২).
- ২২.সূরা বনি ইসরাইল- (৮২).
- ২৩.সূরা বনি ইসরাইল- (১১০-১১১).
- ২৪.সূরা,ত্বোয়াহা- (৬৫-৭০).
- ২৫.সূরা মুমিনুন- (৯৭-৯৮)
- ২৬.সূরা মুমিনুন- (১১৫-১১৮)
- ২৭.সূরা আশশুআরা- (৮০).
- ২৮.সূরা আস সাফ্ফাত- (১-১০).
- ২৯.সূরা ফুস্সিলাত- (৪৪) হা মীম আয়াতের অংশ বিশেষ।
- ৩০.সূরা আল্ আহ্কাফ- (২৯-৩২).
- ৩১.সূরা আর রহমান- (৩৩-৩৬).
- ৩২.সূরা আল্ হাদীদ- (১-৫).
- ৩৩.সূরা আল্ হাশর- (২১-২৪).
- ৩৪.সূরা আল্ জ্বিন- (১-১০).
- ৩৫.সূরা আল্ কাফিরুন- (১-৬). (সূরা ফালাক) (সূরা নাস).

এই কালারের অংশগুলো বার বার পড়তে হবে

এই কালারের অংশগুলো ঐ সূরার অংশ নয়, হয় এগুলো দোয়া অথবা অন্য আয়াতের অংশ

লাল দাগ দেওয়া অংশগুলো বেশি গুরুত্বপূর্ণ।

রিপিট যেগুলোতে লেখা ঐ আয়াতগুলো বারবার পড়তে হবে।

রুকইয়াহ তাআউজ: সাধারণ আউজুবিল্লাহ এর পরিবর্তে রুকইয়াহর সময় এই রুকইয়াহ তাআউজ পড়তে হবে। প্রতিটি নতুন অংশ তিলাওয়াতের আগে এটা পড়তে হবে।

রুকইয়াহর শুরুতে বাসায় যতগুলো রুম থাকে সবগুলো রুমে আযান দেওয়া। শুরুতে দুরুদ শরীফ পড়ে নেওয়া। রুকইয়াহ বিষয়ক কিছু প্রাথমিক আলোচনা করে নেওয়া।

বিষয়	আরবি	অর্থ
রুকইয়াহ তাআউজ	প্রতিটা ভিন্ন বিষয় পড়ার আগে এটা পড়তে হবে। أَعُوْذُ بِاللّٰهِ السَّمِيْعِ الْعَلِيْمِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيْمِ مِنْ هَمْزِهٖ وَنَفْخِهٖ وَنَفْثِهٖ	আমি পানাহ চাই আল্লাহর নিকট যিনি সর্বশ্রোতা ও সর্বজ্ঞ, অভিশপ্ত শয়তান ও তার ওয়াসওয়াসা, দম্ভ ও যাদু টোনা থেকে।
১. সূরা ফাতিহা- (১-৭) । বিষয়: রোগের রোগ । পুনরাবৃত্তি: ৭ বার	بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ اَلْحَمْدُ لِلّٰهِ رَبِّ الْعَالَمِيْنَ ○ اَلرَّحْمٰنِ الرَّحِيْمِ ○ مَالِكِ يَوْمِ الدِّيْنِ ○ اِيَّاكَ نَعْبُدُ وَاِيَّاكَ نَسْتَعِيْنُ ○ اِهْدِنَا الصِّرَاطَ الْمُسْتَقِيْمَ ○ صِرَاطَ الَّذِيْنَ اَنْعَمْتَ عَلَيْهِمْ ۙ غَيْرِ الْمَغْضُوْبِ عَلَيْهِمْ وَلَا الضَّآلِّيْنَ ○	১.২) যাবতীয় প্রশংসা আল্লাহ্ তা'আলার যিনি সকল সৃষ্টি জগতের পালনকর্তা। ১.৩) যিনি নিতান্ত মেহেরবান ও দয়ালু। ১.৪) যিনি বিচার দিনের মালিক। ১.৫) আমরা একমাত্র তোমারই ইবাদত করি এবং শুধুমাত্র তোমারই সাহায্য প্রার্থনা করি। ১.৬) আমাদেরকে সরল পথ দেখাও, ১.৭) সে সমস্ত লোকের পথ যাদেরকে তুমি নেয়ামত দান করেছ। তাদের পথ নয়, যাদের প্রতি তোমার গজব নাযিল হয়েছে এবং যারা পথভ্রষ্ট হয়েছে।

أَعُوْذُ بِاللّٰهِ السَّمِيْعِ الْعَلِيْمِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيْمِ مِنْ هَمْزِهٖ وَنَفْخِهٖ وَنَفْثِهٖ

২. সূরা ফাতেহা রোগীর পোশাক । বিষয়: রোগের রোগ পুনরাবৃত্তি: ১ বার		
	بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ اَلْحَمْدُ لِلّٰهِ رَبِّ الْعَالَمِيْنَ ○ أَسْأَلُ اللّٰهَ الْعَظِيْمَ رَبَّ الْعَرْشِ الْعَظِيْمِ أَنْ يَّشْفِيَكَ اَلرَّحْمٰنِ الرَّحِيْمِ ○ أَسْأَلُ اللّٰهَ الْعَظِيْمَ رَبَّ الْعَرْشِ الْعَظِيْمِ أَنْ يَّشْفِيَكَ مَالِكِ يَوْمِ الدِّيْنِ ○ أَسْأَلُ اللّٰهَ الْعَظِيْمَ رَبَّ الْعَرْشِ الْعَظِيْمِ أَنْ يَّشْفِيَكَ اِيَّاكَ نَعْبُدُ وَاِيَّاكَ نَسْتَعِيْنُ ○ أَسْأَلُ اللّٰهَ الْعَظِيْمَ رَبَّ الْعَرْشِ الْعَظِيْمِ أَنْ يَّشْفِيَكَ	আমি সুমহান আল্লাহ, মহা আরশের প্রভুর নিকট তোমার আরোগ্য প্রার্থনা করছি

اِهْدِنَا الصِّرَاطَ الْمُسْتَقِيْمَ ○

أَسْأَلُ اللهَ الْعَظِيْمَ رَبَّ الْعَرْشِ الْعَظِيْمِ أَنْ يَّشْفِيَكَ

صِرَاطَ الَّذِيْنَ أَنْعَمْتَ عَلَيْهِمْ ۙ

أَسْأَلُ اللهَ الْعَظِيْمَ رَبَّ الْعَرْشِ الْعَظِيْمِ أَنْ يَّشْفِيَكَ

غَيْرِ الْمَغْضُوْبِ عَلَيْهِمْ وَلَا الضَّآلِّيْنَ ○

أَسْأَلُ اللهَ الْعَظِيْمَ رَبَّ الْعَرْشِ الْعَظِيْمِ أَنْ يَّشْفِيَكَ

اَللهُ أَكْبَرُ - اَللهُ أَكْبَرُ - اَللهُ أَكْبَرُ - اَللهُ أَكْبَرُ

أَشْهَدُ أَنْ لَّا إِلٰهَ إِلَّا اللهُ - أَشْهَدُ أَنْ لَّا إِلٰهَ إِلَّا اللهُ

أَشْهَدُ أَنَّ مُحَمَّدًا رَّسُوْلُ اللهِ -

أَشْهَدُ أَنَّ مُحَمَّدًا رَّسُوْلُ اللهِ -

حَيَّ عَلَى الصَّلَاةِ - حَيَّ عَلَى الصَّلَاةِ

حَيَّ عَلَى الْفَلَاحِ - حَيَّ عَلَى الْفَلَاحِ

اَللهُ أَكْبَرُ - اَللهُ أَكْبَرُ

لَآ إِلٰهَ إِلَّا اللهُ

আল্লাহ্ সবার চেয়ে মহান

আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ্ ভিন্ন কোন সত্য উপাস্য নেই।

আমি সাক্ষ্য দিচ্ছি যে, মুহাম্মাদ (ﷺ) আল্লাহর রসূল।

নামাজের জন্য এসো

মুক্তির জন্য এসো

আল্লাহ্ সবার চেয়ে মহান

আল্লাহ্ ছাড়া কোন মাবুদ নেই।

أَعُوْذُ بِاللّٰهِ السَّمِيْعِ الْعَلِيْمِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيْمِ مِنْ هَمْزِهٖ وَنَفْخِهٖ وَنَفْثِهٖ

৪. সূরা বাক্বারাহ- (১-৫) । পুনরাবৃত্তি: ১ বার

الٓمّٓ (২:১)

ذٰلِكَ الْكِتٰبُ لَا رَيْبَ فِيْهِ-هُدًى لِّلْمُتَّقِيْنَ (২:২)

এই জায়গায় এসে রোগীকে সালাত, যাকাত, সিয়াম ঠিকমত পালন করেন কিনা এ সম্পর্কে জিজ্ঞাসা করতে হবে।

اَلَّذِيْنَ يُؤْمِنُوْنَ بِالْغَيْبِ وَيُقِيْمُوْنَ الصَّلٰوةَ وَمِمَّا رَزَقْنٰهُمْ يُنْفِقُوْنَ (২:৩)

وَالَّذِيْنَ يُؤْمِنُوْنَ بِمَآ اُنْزِلَ اِلَيْكَ وَمَآ اُنْزِلَ مِنْ قَبْلِكَ وَبِالْاٰخِرَةِ هُمْ يُوْقِنُوْنَ (২:৪)

اُولٰٓئِكَ عَلٰى هُدًى مِّنْ رَّبِّهِمْ ۗ وَاُولٰٓئِكَ هُمُ الْمُفْلِحُوْنَ (২:৫)

২.১) আলিফ লাম মীম।
২.২) এ সেই কিতাব যাতে কোনই সন্দেহ নেই। পথ প্রদর্শনকারী পরহেযগারদের জন্য,
২.৩) যারা অদেখা বিষয়ের উপর বিশ্বাস স্থাপন করে এবং নামায প্রতিষ্ঠা করে। আর আমি তাদেরকে যে রুযী দান করেছি তা থেকে ব্যয় করে
২.৪) এবং যারা বিশ্বাস স্থাপন করেছে সেসব বিষয়ের উপর যা কিছু তোমার প্রতি অবতীর্ণ হয়েছে এবং সেসব বিষয়ের উপর যা তোমার পূর্ববর্তীদের প্রতি অবতীর্ণ হয়েছে। আর আখেরাতকে যারা নিশ্চিত বলে বিশ্বাস করে।
২.৫) তারাই নিজেদের পালনকর্তার পক্ষ থেকে সুপথ প্রাপ্ত, আর তারাই যথার্থ সফলকাম।

أَعُوْذُ بِاللّٰهِ السَّمِيْعِ الْعَلِيْمِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيْمِ مِنْ هَمْزِهٖ وَنَفْخِهٖ وَنَفْثِهٖ

৫. সূরা বাক্বারাহ- (৭২) বিষয়: শয়তান থেকে রক্ষার আয়াত । পুনরাবৃত্তি: ১-৫ বার

وَاِذْ قَتَلْتُمْ نَفْسًا فَادّٰرَءْتُمْ فِيْهَا ۗ وَاللّٰهُ مُخْرِجٌ مَّا كُنْتُمْ تَكْتُمُوْنَ

২.৭২) আর স্মরণ কর, যখন তোমরা একজনকে হত্যা করলে অতঃপর সে ব্যাপারে একে অপরকে দোষারোপ করলে। আর আল্লাহ্ প্রকাশ করে দিলেন তোমরা যা গোপন করছিলে।

أَعُوْذُ بِاللّٰهِ السَّمِيْعِ الْعَلِيْمِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيْمِ مِنْ هَمْزِهٖ وَنَفْخِهٖ وَنَفْثِهٖ

৬. সূরা বাক্বারাহ- (১০২-১০৩) । বিষয়: সেহের+শয়তান । পুনরাবৃত্তি: ১-১০ বার

وَاتَّبَعُوْا مَا تَتْلُوا الشَّيَاطِيْنُ عَلٰى مُلْكِ سُلَيْمَانَ

وَمَا كَفَرَ سُلَيْمَانُ

وَلٰكِنَّ الشَّيَاطِيْنَ كَفَرُوْا يُعَلِّمُوْنَ النَّاسَ السِّحْرَ

اَسِحْرٌ هٰذَا ؟ - إِنْ كَانَ السِّحْرُ أُخْرُجْ

إِنْ كَانَ الْعَيْنُ اِرْجِعْ - إِنْ كَانَ الْمَسُّ أُتْرُكْ

أُخْرُجْ مِنْهَا بِإِذْنِ اللّٰهِ - أُخْرُجْ مِنْهَا يَا عَدُوَّ اللّٰهِ

وَمَآ أُنْزِلَ عَلَى الْمَلَكَيْنِ بِبَابِلَ هَارُوْتَ وَمَارُوْتَ

وَمَا يُعَلِّمَانِ مِنْ أَحَدٍ حَتّٰى يَقُوْلَآ إِنَّمَا نَحْنُ فِتْنَةٌ

فَلَا تَكْفُرْ

لَا إِلٰهَ إِلَّا اللّٰهُ

فَيَتَعَلَّمُوْنَ مِنْهُمَا مَا يُفَرِّقُوْنَ بِهٖ بَيْنَ الْمَرْءِ

وَزَوْجِهٖ

এই জায়গায় এসে রোগীকে বুঝাতে হবে আল্লাহ আমাদেরকে মেসেজে দিচ্ছেন যে শয়তান স্বামী ও স্ত্রী কে নিয়ে গেম খেলে

وَمَا هُمْ بِضَآرِّيْنَ بِهٖ مِنْ أَحَدٍ إِلَّا بِإِذْنِ اللّٰهِ

وَيَتَعَلَّمُوْنَ مَا يَضُرُّهُمْ وَلَا يَنْفَعُهُمْ وَلَقَدْ عَلِمُوْا

لَمَنِ اشْتَرٰاهُ مَا لَهٗ فِى الْاٰخِرَةِ مِنْ خَلَاقٍ وَلَبِئْسَ

مَا شَرَوْا بِهٖٓ أَنْفُسَهُمْ لَوْ كَانُوْا يَعْلَمُوْنَ (২:১০২)

وَلَوْ أَنَّهُمْ اٰمَنُوْا وَاتَّقَوْا لَمَثُوْبَةٌ مِّنْ عِنْدِ اللّٰهِ

خَيْرٌ - لَوْ كَانُوْا يَعْلَمُوْنَ (২:১০৩)

২.১০২) তারা ঐ শাস্ত্রের অনুসরণ করল, যা সুলায়মানের রাজত্ব কালে শয়তানরা আবৃত্তি করত। সুলায়মান কুফর করেনি; শয়তানরাই কুফর করেছিল। তারা মানুষকে জাদুবিদ্যা

এবং বাবেল শহরে হারুত ও মারুত দুই ফেরেশতার প্রতি যা অবতীর্ণ হয়েছিল, তা শিক্ষা দিত। তারা উভয়ই একথা না বলে কাউকে শিক্ষা দিত না যে, আমরা পরীক্ষার জন্য; কাজেই তুমি কাফির হয়ো না। অতঃপর তারা তাদের কাছ থেকে এমন জাদু শিখত, যদ্দ্বারা স্বামী ও স্ত্রীর মধ্যে বিচ্ছেদ ঘটে।

কিন্তু তারা জাদুর দ্বারা আল্লাহর অনুমতি ব্যতীত কারো কোনো ক্ষতি করতে পারেনি।

তারা তাই শিখতো যা তাদের ক্ষতিসাধন করে এবং তাদের উপকার করে না। তারা এ কথা অবশ্যই জানে, যে ব্যক্তি জাদু কিনে নেয় তার জন্যে পরকালে কল্যাণের কোনো অংশ থাকবে না। অবশ্যই ঐ জাদু অতি মন্দ, যার বিনিময়ে তারা তাদের নিজেদের আত্মাকে বিক্রয় করেছে। যদি তারা এই বিষয়টি জানতো!

২.১০৩) যদি ইহুদীরা আল্লাহর প্রতি বিশ্বাস করতো এবং আল্লাহকে ভয় করতো, তাহলে অবশ্যই তারা আল্লাহর পক্ষ থেকে উত্তম প্রতিদান পেতো। যদি তারা এই বিষয়টি জানতো!

أَعُوْذُ بِاللّٰهِ السَّمِيْعِ الْعَلِيْمِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيْمِ مِنْ هَمْزِهٖ وَنَفْخِهٖ وَنَفْثِهٖ

৯. সূরা বাক্বারাহ- (১৬৩-১৬৪) । পুনরাবৃত্তি: ১ বার

وَإِلٰهُكُمْ إِلٰهٌ وَّاحِدٌ (٢:١٦٣)

قُلْ هُوَ اللّٰهُ أَحَدٌ - اَللّٰهُ الصَّمَدُ -لَمْ يَلِدْ وَلَمْ يُوْلَدْ وَلَمْ يَكُنْ لَّهٗ كُفُوًا أَحَدٌ

لَا إِلٰهَ إِلَّا هُوَ الرَّحْمٰنُ الرَّحِيْمُ

إِنَّ فِيْ خَلْقِ السَّمَاوَاتِ وَالْأَرْضِ وَاخْتِلَافِ اللَّيْلِ وَالنَّهَارِ وَالْفُلْكِ الَّتِيْ تَجْرِيْ فِي الْبَحْرِ بِمَا يَنْفَعُ النَّاسَ وَمَآ أَنْزَلَ اللّٰهُ مِنَ السَّمَآءِ مِنْ مَّآءٍ فَأَحْيَا بِهِ الْأَرْضَ بَعْدَ مَوْتِهَا وَبَثَّ فِيْهَا مِنْ كُلِّ دَآبَّةٍ وَتَصْرِيْفِ الرِّيَاحِ وَالسَّحَابِ الْمُسَخَّرِ بَيْنَ السَّمَآءِ وَالْأَرْضِ لَاٰيَاتٍ لِّقَوْمٍ يَّعْقِلُوْنَ (٢:١٦٤)

২.১৬৩) আর তোমাদের উপাস্য একইমাত্র উপাস্য।

তিনি ছাড়া মহা করুণাময় দয়ালু কেউ নেই।

২.১৬৪) নিশ্চয়ই আসমান ও যমীনের সৃষ্টিতে, রাত ও দিনের বিবর্তনে এবং নদীতে নৌকাসমূহের চলাচলে মানুষের জন্য কল্যাণ রয়েছে। আর আল্লাহ্ তা' আলা আকাশ থেকে যে পানি নাযিল করেছেন, তদ্দ্বারা মৃত যমীনকে সঞ্জীব করে তুলেছেন এবং তাতে ছড়িয়ে দিয়েছেন সবরকম জীব-জন্তু। আর আবহাওয়া পরিবর্তনে এবং মেঘমালার যা তাঁরই হুকুমের অধীনে আসমান ও যমীনের মাঝে বিচরণ করে, নিশ্চয়ই সে সমস্ত বিষয়ের মাঝে নিদর্শন রয়েছে বুদ্ধিমান সম্প্রদায়ের জন্যে।

أَعُوْذُ بِاللّٰهِ السَّمِيْعِ الْعَلِيْمِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيْمِ مِنْ هَمْزِهٖ وَنَفْخِهٖ وَنَفْثِهٖ

১০. সূরা বাক্বারাহ- (২৫৫-২৫৭) । বিষয়: সেরা-শ্লোক । পুনরাবৃত্তি: ১-১০ বার

اَللّٰهُ لَآ إِلٰهَ إِلَّا هُوَ الْحَيُّ الْقَيُّوْمُ ۚ لَا تَأْخُذُهٗ سِنَةٌ وَّلَا نَوْمٌ

ঘুম না আসলে আয়াতুল কুরসি পড়ে এই অংশটা বারবার পড়তে হবে। মনে মনে এই নিয়ত করতে হবে হে আল্লাহ তোমার ঘুম প্রয়োজন নেই কিন্তু আমার ঘুমের প্রয়োজন আছে। তাই আমাকে ঘুমের ব্যবস্থা করে দাও।

لَهٗ مَا فِي السَّمَاوَاتِ وَمَا فِي الْأَرْضِ ۗ مَنْ ذَا الَّذِيْ يَشْفَعُ عِنْدَهٗٓ إِلَّا بِإِذْنِهٖ ۚ يَعْلَمُ مَا بَيْنَ أَيْدِيْهِمْ وَمَا خَلْفَهُمْ وَلَا يُحِيْطُوْنَ بِشَيْءٍ مِّنْ عِلْمِهٖٓ إِلَّا بِمَا شَآءَ ۚ وَسِعَ كُرْسِيُّهُ السَّمَاوَاتِ وَالْأَرْضَ ۖ وَلَا يَئُوْدُهٗ حِفْظُهُمَا ۚ وَهُوَ الْعَلِيُّ الْعَظِيْمُ (٢:٢٥٥)

২.২৫৫) আল্লাহ্ ছাড়া অন্য কোন উপাস্য নেই, তিনি জীবিত, সবকিছুর ধারক। তাঁকে তন্দ্রাও স্পর্শ করতে পারে না এবং নিদ্রাও নয়। আসমান ও যমীনে যা কিছু রয়েছে, সবই তাঁর। কে আছে এমন, যে সুপারিশ করবে তাঁর কাছে তাঁর অনুমতি ছাড়া? দৃষ্টির সামনে কিংবা পিছনে যা কিছু রয়েছে সে সবই তিনি জানেন। তাঁর জ্ঞানসীমা থেকে তারা কোন কিছুকেই পরিবেষ্টিত করতে পারে না, কিন্তু যতটুকু তিনি ইচ্ছা করেন। তাঁর সিংহাসন সমস্ত আসমান ও যমীনকে পরিবেষ্টিত করে আছে। আর সেগুলোকে ধারণ করা তাঁর পক্ষে কঠিন নয়। তিনিই সর্বোচ্চ এবং সর্বাপেক্ষা মহান।

لَآ إِكْرَاهَ فِي الدِّيْنِ ۖ قَد تَّبَيَّنَ الرُّشْدُ مِنَ الْغَيِّ
فَمَنْ يَّكْفُرْ بِالطَّاغُوْتِ وَيُؤْمِنْ بِاللّٰهِ
لَا إِلٰهَ إِلَّا اللّٰهُ
فَقَدِ اسْتَمْسَكَ بِالْعُرْوَةِ الْوُثْقٰى لَا انْفِصَامَ لَهَا
وَاللّٰهُ سَمِيْعٌ عَلِيْمٌ (২:২৫৬)
اَللّٰهُ وَلِيُّ الَّذِيْنَ اٰمَنُوْا يُخْرِجُهُمْ مِّنَ الظُّلُمٰتِ إِلَى النُّوْرِ

২.২৫৬)দ্বীন গ্রহণের ব্যাপারে কোন জবরদস্তি নেই। নিশ্চয় হিদায়াত স্পষ্ট হয়েছে ভ্রষ্টতা থেকে। অতএব, যে ব্যক্তি তাগূতকে অস্বীকার করে এবং আল্লাহ্‌র প্রতি ঈমান আনে, অবশ্যই সে মজবুত বশি আঁকড়ে ধরে, যা ছিঁড়া হবার নয়। আর আল্লাহ্ সর্বশ্রোতা, সর্বজ্ঞ।
২.২৫৭) যারা ঈমান এনেছে, আল্লাহ্ তাদের অভিভাবক। তাদেরকে তিনি বের করে আনেন অন্ধকার থেকে আলোর দিকে।
আর যারা কুফরী করে তাদের অভিভাবক হচ্ছে তাগুত। তারা তাদেরকে আলো থেকে বের করে অন্ধকারের দিকে নিয়ে যায়। এরাই হলো দোযখের অধিবাসী, চিরকাল তারা সেখানেই থাকবে।

এই অংশটা পড়ে পড়ে বুকের বাম পাশে হালকা করে করে থাপ্পড় মারতে হবে।

আয়াতুল কুরছি

أُخْرُجْ يَا عَدُوَّ اللّٰهِ- فَإِنْ لَّمْ تَخْرُجْ-لَاَقْتُلَنَّكَ بِإِذْنِ اللّٰهِ

(রোগীর মাথা,চোখ,বুক,পেট এর দিকে ইশারা করতে হবে)

وَالَّذِيْنَ كَفَرُوْا أَوْلِيَآؤُهُمُ الطَّاغُوْتُ يُخْرِجُوْنَهُمْ
مِّنَ النُّوْرِ إِلَى الظُّلُمَاتِ ۗ أُولٰٓئِكَ أَصْحَابُ النَّارِ ۖ
هُمْ فِيْهَا خَالِدُوْنَ (২:২৫৭)

أَعُوْذُ بِاللّٰهِ السَّمِيْعِ الْعَلِيْمِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيْمِ مِنْ هَمْزِهٖ وَنَفْخِهٖ وَنَفْثِهٖ

২.২৮৫) রসূল বিশ্বাস রাখেন ঐ সমস্ত বিষয় সম্পর্কে যা তাঁর পালনকর্তার পক্ষ থেকে তাঁর কাছে অবতীর্ণ হয়েছে এবং মুসলমানরাও সবাই বিশ্বাস রাখে আল্লাহ্ প্রতি, তাঁর

ফেরেশতাদের প্রতি, তাঁর গ্রন্থসমূহের প্রতি এবং তাঁর পয়গম্বরগণের প্রতি। তাঁরা বলে আমরা তাঁর পয়গম্বরগণের মধ্যে কোন তারতম্য করিনা। তাঁরা বলে, আমরা শুনেছি এবং কবুল করেছি। আমরা তোমার ক্ষমা চাই, হে আমাদের পালনকর্তা।

৩. সূরা বাক্বারাহ (২৮৫-২৮৬) । দিবা: ফেরেশতাগণ । রাত্রি: ১০ বার

اٰمَنَ الرَّسُوْلُ بِمَآ أُنْزِلَ إِلَيْهِ مِنْ رَّبِّهٖ وَالْمُؤْمِنُوْنَ (২:২৮৫)
كُلٌّ اٰمَنَ بِاللّٰهِ

* اٰمَنْتُ بِاللّٰهِ وَمَلٰٓئِكَتِهٖ وَكُتُبِهٖ وَرُسُلِهٖ وَالْيَوْمِ الْاٰخِرِ وَالْقَدْرِ خَيْرِهٖ وَشَرِّهٖ مِنَ اللّٰهِ تَعَالٰى وَالْبَعْثِ بَعْدَ الْمَوْتِ

* اٰمَنْتُ بِاللّٰهِ كَمَا هُوَ بِأَسْمَآئِهٖ وَصِفَاتِهٖ وَقَبِلْتُ جَمِيْعَ أَحْكَامِهٖ وَأَرْكَانِهٖ

তোমারই দিকে প্রত্যাবর্তন করতে হবে।

২.২৮৬) আল্লাহ্ কাউকে তার সাধ্যাতীত কোন কাজের ভার দেননা, সে তাই পায় যা সে উপার্জন করে এবং তাই তার উপর বর্তায় যা সে করে। হে আমাদের পালনকর্তা যদি আমরা ভুলে যাই কিংবা ভুল করি, তবে আমাদেরকে অপরাধী করো না। হে আমাদের পালনকর্তা! এবং আমাদের উপর এমন দায়িত্ব অর্পণ করো না, যেমন আমাদের পূর্ববর্তীদের উপর অর্পণ করেছ, হে আমাদের প্রভু! আমাদের দ্বারা ঐ বোঝা বহন করিও না, যা বহন করার শক্তি আমাদের নেই। আমাদের পাপ মোচন কর। আমাদের ক্ষমা কর এবং আমাদের প্রতি দয়া কর। তুমিই আমাদের প্রভু। সুতরাং কাফের সম্প্রদায়ের বিরুদ্ধে আমাদেরকে সাহায্য কর।

وَمَلٰٓئِكَتِهٖ وَكُتُبِهٖ وَرُسُلِهٖ لَا نُفَرِّقُ بَيْنَ أَحَدٍ مِّن رُّسُلِهٖ ۚ وَقَالُوْا سَمِعْنَا وَأَطَعْنَا ۖ غُفْرَانَكَ رَبَّنَا

غُفْرَانَكَ رَبِّيْ غُفْرَانَكَ (যদি রোগী একা হয়)

غُفْرَانَكَ رَبَّنَا غُفْرَانَكَ (যদি রোগী একের অধিক হয়)

وَإِلَيْكَ الْمَصِيْرُ (২:২৮৫)

لَا يُكَلِّفُ اللّٰهُ نَفْسًا إِلَّا وُسْعَهَا ۚ لَهَا مَا كَسَبَتْ وَعَلَيْهَا مَا اكْتَسَبَتْ ۚ رَبَّنَا لَا تُؤَاخِذْنَآ إِنْ نَّسِيْنَآ أَوْ أَخْطَأْنَا رَبَّنَا وَلَا تَحْمِلْ عَلَيْنَآ إِصْرًا كَمَا حَمَلْتَهٗ عَلَى الَّذِيْنَ مِنْ قَبْلِنَا ۚ رَبَّنَا وَلَا تُحَمِّلْنَا مَا لَا طَاقَةَ لَنَا بِهٖ ۚ وَاعْفُ عَنَّا وَاغْفِرْ لَنَا وَارْحَمْنَا أَنْتَ مَوْلٰنَا

فَانْصُرْنَا عَلَى الْقَوْمِ الْكٰفِرِيْنَ (২:২৮৬)

আল্লাহর সাহায্যের দোয়া

فَانْصُرْنَا عَلَى الْقَوْمِ الْمُشْرِكِيْنَ

فَانْصُرْنَا عَلَى الْقَوْمِ الْمُنَافِقِيْنَ

فَانْصُرْنَا عَلَى الْقَوْمِ الظّٰلِمِيْنَ

فَانْصُرْنَا عَلَى الْقَوْمِ الشَّيَاطِيْنِ

فَانْصُرْنَا عَلَى الْقَوْمِ السّٰحِرِيْنَ

فَانْصُرْنَا عَلَى الْقَوْمِ الْحَاسِدِيْنَ

আল্লাহর হুকুমে ফেরেশতাদের সাহায্যের দোয়া

اَللّٰهُمَّ أَنْصُرْنَا بِنَصْرِ الْمَلَائِكَةِ الْمُنْزَلِيْنَ

اَللّٰهُمَّ أَنْصُرْنَا بِنَصْرِ الْمَلَائِكَةِ الْمُسَوَّمِيْنَ

اَللّٰهُمَّ أَنْصُرْنَا بِنَصْرِ الْمَلَائِكَةِ الْمُرْدِفِيْنَ

أَعُوْذُ بِاللّٰهِ السَّمِيْعِ الْعَلِيْمِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيْمِ مِنْ هَمْزِهٖ وَنَفْخِهٖ وَنَفْثِهٖ

الٓمّٓ ﴿٣:١﴾ - اَللّٰهُ لَآ اِلٰهَ اِلَّا هُوَ الْحَیُّ الْقَیُّوْمُ ﴿٣:٢﴾ - نَزَّلَ عَلَیْكَ
الْكِتٰبَ بِالْحَقِّ مُصَدِّقًا لِّمَا بَیْنَ یَدَیْهِ وَاَنْزَلَ التَّوْرٰىةَ
وَالْاِنْجِیْلَ ﴿٣:٣﴾ - مِنْ قَبْلُ هُدًى لِّلنَّاسِ وَاَنْزَلَ الْفُرْقَانَ
اِنَّ الَّذِیْنَ كَفَرُوْا بِاٰیٰتِ اللّٰهِ لَهُمْ عَذَابٌ شَدِیْدٌ ﴿٣:٤﴾
(কেউ যদি আল্লাহর হুকুমের অবাধ্য হয়ে যায় তার জন্য কঠিন শাস্তি)
وَاللّٰهُ عَزِیْزٌ ذُو انْتِقَامٍ
اِنَّ اللّٰهَ لَا یَخْفٰى عَلَیْهِ شَیْءٌ فِی الْاَرْضِ وَلَا فِی السَّمَآءِ ﴿٣:٥﴾
هُوَ الَّذِیْ یُصَوِّرُكُمْ فِی الْاَرْحَامِ كَیْفَ یَشَآءُ ؕ لَآ اِلٰهَ اِلَّا
هُوَ الْعَزِیْزُ الْحَكِیْمُ ﴿٣:٦﴾ - هُوَ الَّذِیْٓ اَنْزَلَ عَلَیْكَ الْكِتٰبَ
مِنْهُ اٰیٰتٌ مُّحْكَمٰتٌ هُنَّ اُمُّ الْكِتٰبِ وَاُخَرُ
مُتَشٰبِهٰتٌ ؕ فَاَمَّا الَّذِیْنَ فِیْ قُلُوْبِهِمْ زَیْغٌ فَیَتَّبِعُوْنَ
مَا تَشَابَهَ مِنْهُ ابْتِغَآءَ الْفِتْنَةِ وَابْتِغَآءَ تَاْوِیْلِهٖ ۗ وَمَا
یَعْلَمُ تَاْوِیْلَهٗٓ اِلَّا اللّٰهُ ۘ وَالرّٰسِخُوْنَ فِی الْعِلْمِ یَقُوْلُوْنَ
اٰمَنَّا بِهٖ ۙ كُلٌّ مِّنْ عِنْدِ رَبِّنَا ۚ وَمَا یَذَّكَّرُ اِلَّآ اُولُوا
الْاَلْبَابِ ﴿٣:٧﴾ - رَبَّنَا لَا تُزِغْ قُلُوْبَنَا بَعْدَ اِذْ هَدَیْتَنَا وَهَبْ
لَنَا مِنْ لَّدُنْكَ رَحْمَةً ۚ اِنَّكَ اَنْتَ الْوَهَّابُ ﴿٣:٨﴾ - رَبَّنَآ اِنَّكَ
جَامِعُ النَّاسِ لِیَوْمٍ لَّا رَیْبَ فِیْهِ ۚ اِنَّ اللّٰهَ لَا یُخْلِفُ
الْمِیْعَادَ ﴿٣:٩﴾ - اِنَّ الَّذِیْنَ كَفَرُوْا لَنْ تُغْنِیَ عَنْهُمْ اَمْوَالُهُمْ
وَلَآ اَوْلَادُهُمْ مِّنَ اللّٰهِ شَیْـًٔا ؕ وَاُولٰٓئِكَ هُمْ وَقُوْدُ النَّارِ ﴿٣:١٠﴾

৩.১) আলিফ-লাম-মীম।
৩.২) আল্লাহ, তিনি ছাড়া কোন ইলাহ নেই, তিনি চিরঞ্জীব, চিরপ্রতিষ্ঠিত ধারক।
৩.৩) তিনি তোমার উপর কিতাব নাযিল করেছেন যথাযথভাবে, এর পূর্বে যা এসেছে তার সত্যায়নকারী হিসেবে এবং নাযিল করেছেন তাওরাত ও ইনজীল।
৩.৪) ইতঃপূর্বে মানুষের জন্য হিদায়াতস্বরূপ। আর তিনি ফুরকান নাযিল করেছেন। নিশ্চয় যারা অস্বীকার করে আল্লাহর আয়াতসমূহ, তাদের জন্যই রয়েছে কঠিন আযাব। আর আল্লাহ পরাক্রমশালী, প্রতিশোধগ্রহণকারী।
৩.৫) আল্লাহর নিকট আসমান ও যমীনের কোন বিষয়ই গোপন নেই।
৩.৬) তিনিই সেই আল্লাহ, যিনি তোমাদের আকৃতি গঠন করেন মায়ের গর্ভে, যেমন তিনি চেয়েছেন। তিনি ছাড়া আর কোন উপাস্য নেই। তিনি প্রবল পরাক্রমশীল, প্রজ্ঞাময়।
৩.৭) তিনিই তোমার উপর কিতাব নাযিল করেছেন, তার মধ্যে আছে মুহকাম আয়াতসমূহ। সেগুলো কিতাবের মূল, আর অন্যগুলো মুতাশাবিহ। ফলে যাদের অন্তরে রয়েছে সত্যবিমুখ প্রবণতা, তারা ফিতনার উদ্দেশ্যে এবং ভুল ব্যাখ্যার অনুসন্ধানে মুতাশাবিহ আয়াতগুলোর পেছনে লেগে থাকে। অথচ আল্লাহ ছাড়া কেউ এর ব্যাখ্যা জানে না। আর যারা জ্ঞানে পরিপক্ক, তারা বলে, আমরা এগুলোর প্রতি ঈমান আনলাম, সবগুলো আমাদের রবের পক্ষ থেকে। আর বিবেক সম্পন্নরাই উপদেশ গ্রহণ করে।
৩.৮) হে আমাদের পালনকর্তা! সরল পথ প্রদর্শনের পর তুমি আমাদের অন্তরকে সত্যলংঘনে প্রবৃত্ত করোনা এবং তোমার নিকট থেকে আমাদিগকে অনুগ্রহ দান কর। তুমিই সব কিছুর দাতা।
৩.৯) হে আমাদের পালনকর্তা! তুমি মানুষকে একদিন অবশ্যই একত্রিত করবে; এতে কোনই সন্দেহ নেই। নিশ্চয় আল্লাহ তাঁর ওয়াদার অন্যথা করেন না।
৩.১০) যারা কুফুরী করে, তাদের ধন-সম্পদ ও সন্তান-সন্ততি আল্লাহর সামনে কখনও কাজে আসবে না। আর তারাই হচ্ছে দোযখের ইন্ধন।

أَعُوْذُ بِاللّٰهِ السَّمِيْعِ الْعَلِيْمِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيْمِ مِنْ هَمْزِهٖ وَنَفْخِهٖ وَنَفْثِهٖ

شَهِدَ اللّٰهُ

(এই জায়গায় কালিমা শাহাদাহ্ শাহাদাত পড়তে হবে।)

اَشْهَدُ اَنْ لَّا اِلٰهَ اِلَّا اللّٰهُ ، وَ اَشْهَدُ اَنَّ مُحَمَّدًا عَبْدُهٗ وَرَسُوْلُهٗ

(মুশরিক জিন দ্বারা আক্রান্ত হলে কলেমা বলতে পারবে না)

أَنَّهُ لَآ إِلٰهَ إِلَّا هُوَ وَالْمَلَآئِكَةُ وَأُولُو الْعِلْمِ قَآئِمًا بِالْقِسْطِ

لَآ إِلٰهَ إِلَّا هُوَ الْعَزِيْزُ الْحَكِيْمُ (৩:১৮)

إِنَّ الدِّيْنَ عِنْدَ اللّٰهِ الْإِسْلَامُ

اَللّٰهُمَّ لَكَ أَسْلَمْتُ وَعَلَيْكَ تَوَكَّلْتُ وَبِكَ اٰمَنْتُ، وَإِلَيْكَ أَنَبْتُ

وَمَا اخْتَلَفَ الَّذِيْنَ أُوْتُوا الْكِتَابَ إِلَّا مِنْ بَعْدِ مَا جَآءَهُمُ الْعِلْمُ

بَغْيًا بَيْنَهُمْ ۗ وَمَنْ يَّكْفُرْ بِاٰيَاتِ اللّٰهِ فَإِنَّ اللّٰهَ سَرِيْعُ الْحِسَابِ (৩:১৯)

اَللّٰهُمَّ حَاسِبْنِيْ حِسَابًا يَّسِيْرًا

৩.১৮) আল্লাহ্ সাক্ষ্য দিয়েছেন যে,

তাঁকে ছাড়া আর কোন উপাস্য নেই। ফেরেশতাগণ এবং ন্যায়নিষ্ঠ জ্ঞানীগণও সাক্ষ্য দিয়েছেন যে, তিনি ছাড়া আর কোন ইলাহ্ নেই। তিনি পরাক্রমশালী প্রজ্ঞাময়।

৩.১৯) নিঃসন্দেহে আল্লাহর নিকট গ্রহণযোগ্য দ্বীন একমাত্র ইসলাম।

এবং যাদের প্রতি কিতাব দেয়া হয়েছে তাদের নিকট প্রকৃত জ্ঞান আসার পরও ওরা মতবিরোধে লিপ্ত হয়েছে, শুধুমাত্র পরস্পর বিদ্বেষবশতঃ, যারা আল্লাহর নিদর্শনসমূহের প্রতি কুফরী করে তাদের জানা উচিত যে, নিশ্চিতরূপে আল্লাহর হিসাব গ্রহণে অত্যন্ত দ্রুত।

রাসুলুল্লাহ (সা.) বলেন, তাকে মধু পান করাও। বর্ণনাকারী বলেন, সে তাকে মধু পান করানোর পর এসে বলে, হে আল্লাহর রাসুল (সা.), আমি তাকে তা পান করিয়েছি। কিন্তু এর ফলে তার পেটের পীড়া আরো বৃদ্ধি পেয়েছে। বর্ণনাকারী বলেন, রাসুলুল্লাহ (সা.) বলেন, আল্লাহ তা'আলা সত্য বলেছেন (মধুতে নিরাময় আছে), কিন্তু তোমার ভাইয়ের পেটই মিথ্যা বলছে। আবার তাকে মধু পান করাও। অতএব, লোকটি তাকে মধু পান করায় এবং সে সুস্থ হয়ে ওঠে।" (তিরমিজি, হাদিস : ২০৮২)

৩। হিজামা (কাপিং থেরাপি)

হিজামার মাধ্যমে দূষিত রক্ত (Toxin) বের করে নেওয়া হয়। এতে শরীরের মাংসপেশিগুলোতে রক্তপ্রবাহ দ্রুততর হয়। পেশি, চামড়া, ত্বক ও শরীরের ভেতরের অরগানগুলোর কার্যকারিতা বৃদ্ধি পায়। ফলে শরীর সতেজ ও শক্তিশালী হয়।

মহানবী (সা.) ইরশাদ করেছেন, 'জিব্রাইল (আ.) আমাকে জানিয়েছেন যে মানুষ চিকিৎসার জন্য যত উপায় অবলম্বন করে, তার মধ্যে হিজামাই হলো সর্বোত্তম।' (মুস্তাদরাকে হাকিম, হাদিস : ৭৪৭০)

মহানবী (সা.) আরো বলেছেন, 'আমি মেরাজের রাতে যাদের মাঝখান দিয়ে অতিক্রম করেছি, তাদের সবাই আমাকে বলেছে, 'হে মুহাম্মদ, আপনি আপনার উম্মতকে হিজামার আদেশ করবেন'।'' (তিরমিজি শরিফ, হাদিস : ২০৫৩)

হিজামা দূষিত রক্ত টেনে বের করে আনে। এর ফলে দৃষ্টিশক্তি প্রখর হয়। মহানবী (সা.) বলেছেন, 'হিজামা গ্রহণকারী কতই উত্তম লোক। সে দূষিত রক্ত বের করে মেরুদণ্ড শক্ত করে এবং দৃষ্টিশক্তি প্রখর করে।' (তিরমিজি শরিফ, হাদিস : ২০৫৩)

মহানবী (সা.) বলেছেন, 'রোগমুক্তি তিনটি জিনিসের মধ্যে নিহিত। এগুলো হলো—শিঙ্গা লাগানো, মধু পান করা ও আগুন দিয়ে গরম সেঁক দেওয়া। তবে আমি আমার উম্মতকে আগুন দিয়ে গরম দাগ দিতে নিষেধ করি।' (সহিহ বুখারি, হাদিস : ৫৬৮১)

হিজামার মাধ্যমে ব্যাকপেইন, উচ্চ রক্তচাপ, পায়ে ব্যথা, হাঁটুর ব্যথা, মাথাব্যথা (মাইগ্রেন), ঘাড়ে ব্যথা, কোমরে ব্যথা, জয়েন্টে ব্যথা, আর্থ্রাইটিস, বাত, ঘুমের ব্যাঘাত, থাইরয়েডের ব্যাঘাত, স্মৃতিশক্তিহীনতা, ত্বকের বর্জ্য পরিষ্কার, অতিরিক্ত স্রাব নিঃসরণ বন্ধ করা, অর্শ, অণ্ডকোষ ফোলা ও ফোড়া-পাঁচড়া ইত্যাদি প্রতিরোধ হয়। হিজামার ফলে স্মৃতিশক্তি বৃদ্ধি পায়, শরীর সতেজ হয় ও কর্মস্পৃহা বাড়ে।

৪। যায়তুনের তেল (অলিভ অয়েল)

উমর (রা.) থেকে বর্ণিত, রাসুলুল্লাহ ﷺ বলেছেন, *"যায়তুনের তেল খাও এবং তা শরীরে মালিশ করো।"* (তিরমিজি)

৫। মিসওয়াক:

আয়েশা (রা.) থেকে বর্ণিত, নবি কারীম (সা.) বলেন, "মুখ পবিত্র রাখা ও প্রভুর সন্তুষ্টি অর্জনের উপকরণ হল মিসওয়াক।" (সহিহ বুখারি)।

এছাড়াও আবু হুরাইরা (রা.) থেকে বর্ণিত, রাসুলুল্লাহ (সা.) বলেন, "আমি যদি উম্মতের উপর (কষ্ট হবার) আশঙ্কা না করতাম, তাহলে প্রত্যেক নামাজেই মিসওয়াক করার আদেশ দিতাম।" (সহিহ বুখারি)

৬। নাবিজ:

নাবিজ হল এক প্রকার স্বাস্থ্যকর ও সুস্বাদু পানীয় যা শুকনো খেজুর বা কিশমিশ পানিতে ভিজিয়ে তৈরি করা হয়। এটি রাসুলুল্লাহ (সা.)-এর প্রিয় পানীয়গুলোর একটি। বহু হাদিসে নাবিজের কথা বলা হয়েছে। অনেক ইসলামিক স্কলারও এই শরবতটির কথা উল্লেখ করেছেন। আধুনিক বিজ্ঞানও খেজুর বা কিশমিশ মিশ্রিত এই শরবতের গুণাবলির সত্যতা পেয়েছে।

আবু সাইদ খুদরী (রা.) থেকে বর্ণিত, রাসুলুল্লাহ (সা.) বলেন, " যে ব্যক্তি নাবিজ পান করতে ইচ্ছা পোষণ করে, সে যেন কিশমিশ বা শুকনো খেজুর অথবা কাঁচা খেজুর দ্বারা আলাদাভাবে নাবিজ তৈরি করে তা পান করে।" (সহিহ মুসলিম)

প্রস্তুতপ্রণালীঃ

ক) খেজুর ব্যবহার করেঃ

১। একটি পানির বোতলে পরিষ্কার পানি নিতে হবে।

২। ৫-৭ টি খেজুর ধুয়ে নিতে হবে।

৩। খেজুরের দানাগুলো আলাদা করে নিয়ে খেজুরগুলো বোতলে ছেড়ে দিতে হবে।

৪। তারপর বোতলটির মুখ বন্ধ করে দিতে হবে। ২৪ ঘণ্টা এভাবে রেখে দিতে হবে।

৫। তারপর পরবর্তী ২৪ ঘণ্টার মধ্যে পান করতে হবে। ২৪ ঘণ্টার বেশি হয়ে গেলে আর পান করা যাবে না। কারণ তখন এটা মদ হয়ে যাবে।

খ) কিশমিশ ব্যবহার করেঃ

১। একই উপায়ে আধা কাপ কিশমিশ ধুয়ে একটি বড় গ্লাসে রাখতে হবে এবং গ্লাসে দুই কাপ পানি ঢেলে ঢেকে দিতে হবে।

২। ২৪ ঘণ্টা পর খালি পেটে বা ইফতারে এই পানি পান করতে হবে। কিশমিশগুলোও খেয়ে নিতে হবে।

সতর্কতাঃ খেজুর এবং কিশমিশ এক সাথে মিশিয়ে "নাবিজ" বানানো যাবে না। এটি স্বাস্থ্যের জন্য হানিকারক হবে।

নাবিজের উপকারিতা সংক্ষেপে:

১. এটি পাকস্থলীর এসিডিটি বা গ্যাস্ট্রিক সমস্যা দূর করে। ২. এটি হজমশক্তি বৃদ্ধি করে। ৩. এটি শরীর থেকে বিপাকীয় বর্জ্য পদার্থ বের করে দেয়। ৪. এটি স্মরণশক্তি বাড়িয়ে দেয়। ৫. এটি গলা, বুক, ও প্রোস্টেট রোগের জন্য অত্যন্ত উপকারি। ৬.এটি এনগ্রাইটিস ও ইউরিক এসিডের রোগীদের জন্য বিশেষ উপকারী।

মনজিলের আমল বা ৩৩ আয়াত

নিরাপত্তার রক্ষাকবচ আল কুরআনের ৩৩ আয়াত।
এই ৩৩টি আয়াত হচ্ছে নিরাপত্তার ৩৩টি দেয়াল। শত্রুর অনিষ্টতা, খারাপ জিনের আসর ইত্যাদি থেকে রক্ষা পেতে আমল করা যেতে পারে। এই আমলটি অনেকেই নিয়মিত আমল হিসেবে করে থাকেন বিধায় এই বইতে উল্লেখ করা হলো।
প্রথমে বিসমিল্লাহ সহ সূরা ফাতিহা পড়তে হবে। তারপর নিম্নলিখিত আয়াত সমূহ পড়তে হবে। তারপর, দুই হাতের তালুতে ফুঁ দিয়ে মাথা থেকে পা পর্যন্ত মাসেহ করতে হবে।
এরপর আবার বিসমিল্লাহ পড়তে হবে । তারপর পড়তে হবে নিম্নলিখিত আয়াত সমূহ:

প্রথমে সূরা ফাতিহা

সূরা বাকারার প্রথম ৫ আয়াতঃ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

الٓمّٓ ﴿١﴾ ذٰلِكَ الْكِتَابُ لَا رَيْبَ فِيهِ هُدًى لِّلْمُتَّقِيْنَ ﴿٢﴾ الَّذِيْنَ يُؤْمِنُوْنَ بِالْغَيْبِ وَيُقِيْمُوْنَ الصَّلٰوةَ وَمِمَّا رَزَقْنٰهُمْ يُنْفِقُوْنَ ﴿٣﴾ وَالَّذِيْنَ يُؤْمِنُوْنَ بِمَا أُنْزِلَ إِلَيْكَ وَمَا أُنْزِلَ مِنْ قَبْلِكَ وَبِالْآخِرَةِ هُمْ يُوْقِنُوْنَ ﴿٤﴾ أُولٰٓئِكَ عَلٰى هُدًى مِّنْ رَّبِّهِمْ وَأُولٰٓئِكَ هُمُ الْمُفْلِحُوْنَ-٥

সূরা বাকারা (২৫৫-২৫৭)

اَللّٰهُ لَآ إِلٰهَ إِلَّا هُوَ الْحَيُّ الْقَيُّوْمُ، لَا تَأْخُذُهٗ سِنَةٌ وَّلَا نَوْمٌ، لَهٗ مَا فِي السَّمَاوَاتِ وَمَا فِي الْأَرْضِ، مَنْ ذَا الَّذِيْ يَشْفَعُ عِنْدَهٗٓ إِلَّا بِإِذْنِهٖ، يَعْلَمُ مَا بَيْنَ أَيْدِيْهِمْ وَمَا خَلْفَهُمْ وَلَا يُحِيْطُوْنَ بِشَيْءٍ مِّنْ عِلْمِهٖٓ إِلَّا بِمَا شَآءَ، وَسِعَ كُرْسِيُّهُ السَّمَاوَاتِ وَالْأَرْضَ، وَلَا يَئُوْدُهٗ حِفْظُهُمَا وَهُوَ الْعَلِيُّ الْعَظِيْمُ- ﴿٢٥٥﴾

لَآ إِكْرَاهَ فِي الدِّيْنِ قَدْ تَّبَيَّنَ الرُّشْدُ مِنَ الْغَيِّ فَمَنْ يَّكْفُرْ بِالطَّاغُوْتِ وَيُؤْمِنْ بِاللّٰهِ فَقَدِ اسْتَمْسَكَ بِالْعُرْوَةِ الْوُثْقٰى لَا انْفِصَامَ لَهَا وَاللّٰهُ سَمِيْعٌ عَلِيْمٌ- ﴿٢٥٦﴾

اَللّٰهُ وَلِيُّ الَّذِيْنَ آمَنُوْا يُخْرِجُهُمْ مِنَ الظُّلُمَاتِ إِلَى النُّوْرِ وَالَّذِيْنَ كَفَرُوْا أَوْلِيَاؤُهُمُ الطَّاغُوْتُ يُخْرِجُوْنَهُمْ مِنَ النُّوْرِ إِلَى الظُّلُمَاتِ أُولٰٓئِكَ أَصْحَابُ النَّارِ هُمْ فِيْهَا خَالِدُوْنَ- ﴿٢٥٧﴾

সূরা বাকারা (২৮৪-২৮৬)

لِلّٰهِ مَا فِي السَّمٰوٰتِ وَمَا فِي الْاَرْضِ وَاِنْ تُبْدُوْا مَا فِيْٓ اَنْفُسِكُمْ اَوْ تُخْفُوْهُ يُحَاسِبْكُمْ بِهِ
اللّٰهُ فَيَغْفِرُ لِمَنْ يَّشَاۤءُ وَيُعَذِّبُ مَنْ يَّشَاۤءُ وَاللّٰهُ عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ - ٢٨٤
اٰمَنَ الرَّسُوْلُ بِمَآ اُنْزِلَ اِلَيْهِ مِنْ رَّبِّهٖ وَالْمُؤْمِنُوْنَ كُلٌّ اٰمَنَ بِاللّٰهِ وَمَلٰۤىِٕكَتِهٖ وَكُتُبِهٖ
وَرُسُلِهٖ لَا نُفَرِّقُ بَيْنَ اَحَدٍ مِّنْ رُّسُلِهٖ وَقَالُوْا سَمِعْنَا وَاَطَعْنَا غُفْرَانَكَ رَبَّنَا وَاِلَيْكَ
الْمَصِيْرُ - ٢٨٥ لَا يُكَلِّفُ اللّٰهُ نَفْسًا اِلَّا وُسْعَهَا لَهَا مَا كَسَبَتْ وَعَلَيْهَا مَا اكْتَسَبَتْ رَبَّنَا لَا
تُؤَاخِذْنَآ اِنْ نَّسِيْنَآ اَوْ اَخْطَاْنَا رَبَّنَا وَلَا تَحْمِلْ عَلَيْنَآ اِصْرًا كَمَا حَمَلْتَهٗ عَلَى الَّذِيْنَ مِنْ
قَبْلِنَا رَبَّنَا وَلَا تُحَمِّلْنَا مَا لَا طَاقَةَ لَنَا بِهٖ وَاعْفُ عَنَّا وَاغْفِرْ لَنَا وَارْحَمْنَا اَنْتَ مَوْلٰىنَا
فَانْصُرْنَا عَلَى الْقَوْمِ الْكٰفِرِيْنَ - ٢٨٦

সূরা আরাফ (৫৪-৫৬)

اِنَّ رَبَّكُمُ اللّٰهُ الَّذِيْ خَلَقَ السَّمٰوٰتِ وَالْاَرْضَ فِيْ سِتَّةِ اَيَّامٍ ثُمَّ اسْتَوٰى عَلَى الْعَرْشِ ۗ
يُغْشِي الَّيْلَ النَّهَارَ يَطْلُبُهٗ حَثِيْثًا ۙ وَّالشَّمْسَ وَالْقَمَرَ وَالنُّجُوْمَ مُسَخَّرٰتٍۭ بِاَمْرِهٖ ۗ اَلَا
لَهُ الْخَلْقُ وَالْاَمْرُ ۗ تَبٰرَكَ اللّٰهُ رَبُّ الْعٰلَمِيْنَ - ٥٤
اُدْعُوْا رَبَّكُمْ تَضَرُّعًا وَّخُفْيَةً ۚ اِنَّهٗ لَا يُحِبُّ الْمُعْتَدِيْنَ - ٥٥
وَلَا تُفْسِدُوْا فِي الْاَرْضِ بَعْدَ اِصْلَاحِهَا وَادْعُوْهُ خَوْفًا وَّطَمَعًا ۚ اِنَّ رَحْمَتَ اللّٰهِ قَرِيْبٌ مِّنَ
الْمُحْسِنِيْنَ - ٥٦

বনী ইসরাইল (১১০-১১১)

قُلِ ادْعُوا اللّٰهَ اَوِ ادْعُوا الرَّحْمٰنَ ۭ اَيًّا مَّا تَدْعُوْا فَلَهُ الْاَسْمَاۗءُ الْحُسْنٰى ۚ وَلَا تَجْهَرْ
بِصَلَاتِكَ وَلَا تُخَافِتْ بِهَا وَابْتَغِ بَيْنَ ذٰلِكَ سَبِيْلًا - ١١٠
وَقُلِ الْحَمْدُ لِلّٰهِ الَّذِيْ لَمْ يَتَّخِذْ وَلَدًا وَّلَمْ يَكُنْ لَّهٗ شَرِيْكٌ فِي الْمُلْكِ وَلَمْ يَكُنْ لَّهٗ وَلِيٌّ مِّنَ
الذُّلِّ وَكَبِّرْهُ تَكْبِيْرًا - ١١١

সূরা আস-সাফফাত: ১-১১

وَالصّٰٓفّٰتِ صَفًّا ﴿١﴾ فَالزّٰجِرٰتِ زَجْرًا ﴿٢﴾ فَالتّٰلِيٰتِ ذِكْرًا ﴿٣﴾ إِنَّ إِلٰهَكُمْ لَوَاحِدٌ ﴿٤﴾
رَبُّ السَّمٰوٰتِ وَالْأَرْضِ وَمَا بَيْنَهُمَا وَرَبُّ الْمَشَارِقِ ﴿٥﴾ إِنَّا زَيَّنَّا السَّمَاءَ الدُّنْيَا
بِزِينَةِ الْكَوَاكِبِ ﴿٦﴾ وَحِفْظًا مِّنْ كُلِّ شَيْطَانٍ مَّارِدٍ ﴿٧﴾ لَا يَسَّمَّعُونَ إِلَى الْمَلَإِ الْأَعْلٰى
وَيُقْذَفُونَ مِنْ كُلِّ جَانِبٍ ﴿٨﴾ دُحُورًا وَّلَهُمْ عَذَابٌ وَّاصِبٌ ﴿٩﴾ إِلَّا مَنْ خَطِفَ الْخَطْفَةَ
فَأَتْبَعَهُ شِهَابٌ ثَاقِبٌ ﴿١٠﴾ فَاسْتَفْتِهِمْ أَهُمْ أَشَدُّ خَلْقًا أَمْ مَّنْ خَلَقْنَا إِنَّا خَلَقْنَاهُمْ
مِنْ طِينٍ لَّازِبٍ - ١١

সূরা আর-রহমান: ৩৩-৩৫

يٰمَعْشَرَ الْجِنِّ وَالْإِنْسِ إِنِ اسْتَطَعْتُمْ أَنْ تَنْفُذُوْا مِنْ أَقْطَارِ السَّمٰوٰتِ وَالْأَرْضِ فَانْفُذُوْا
لَا تَنْفُذُوْنَ إِلَّا بِسُلْطٰنٍ ﴿٣٣﴾ فَبِأَيِّ آلَاءِ رَبِّكُمَا تُكَذِّبٰنِ ﴿٣٤﴾ يُرْسَلُ عَلَيْكُمَا شُوَاظٌ
مِّنْ نَّارٍ وَنُحَاسٌ فَلَا تَنْتَصِرٰنِ - ٣٥

সূরা হাশর: ২১-২৪

لَوْ أَنْزَلْنَا هٰذَا الْقُرْاٰنَ عَلٰى جَبَلٍ لَّرَأَيْتَهُ خَاشِعًا مُّتَصَدِّعًا مِّنْ خَشْيَةِ اللّٰهِ وَتِلْكَ
الْأَمْثَالُ نَضْرِبُهَا لِلنَّاسِ لَعَلَّهُمْ يَتَفَكَّرُوْنَ - ٢١
هُوَ اللّٰهُ الَّذِيْ لَآ إِلٰهَ إِلَّا هُوَ عٰلِمُ الْغَيْبِ وَالشَّهَادَةِ هُوَ الرَّحْمٰنُ الرَّحِيْمُ - ٢٢
هُوَ اللّٰهُ الَّذِيْ لَآ إِلٰهَ إِلَّا هُوَ الْمَلِكُ الْقُدُّوْسُ السَّلٰمُ الْمُؤْمِنُ الْمُهَيْمِنُ الْعَزِيْزُ الْجَبَّارُ
الْمُتَكَبِّرُ سُبْحٰنَ اللّٰهِ عَمَّا يُشْرِكُوْنَ - ٢٣
هُوَ اللّٰهُ الْخٰلِقُ الْبَارِئُ الْمُصَوِّرُ لَهُ الْأَسْمَآءُ الْحُسْنٰى يُسَبِّحُ لَهُ مَا فِي السَّمٰوٰتِ وَالْأَرْضِ
وَهُوَ الْعَزِيْزُ الْحَكِيْمُ - ٢٤

সূরা আল-জিন: ১-৪

قُلْ أُوْحِيَ إِلَيَّ أَنَّهُ اسْتَمَعَ نَفَرٌ مِّنَ الْجِنِّ فَقَالُوْا إِنَّا سَمِعْنَا قُرْاٰنًا عَجَبًا ﴿١﴾ يَهْدِيْ إِلَى
الرُّشْدِ فَاٰمَنَّا بِهِ وَلَنْ نُّشْرِكَ بِرَبِّنَا أَحَدًا ﴿٢﴾ وَأَنَّهُ تَعٰلٰى جَدُّ رَبِّنَا مَا اتَّخَذَ صَاحِبَةً
وَّلَا وَلَدًا ﴿٣﴾ وَّأَنَّهُ كَانَ يَقُوْلُ سَفِيْهُنَا عَلَى اللّٰهِ شَطَطًا - ٤

হাদিস অনুসারে শয়তানের চক্রান্ত

হাদিস অনুসারে শয়তান কত কিছু করতে পারে তার কিছু নমুনা:
শয়তানই আমাদের চিরশত্রু। কোন মানুষ আমাদের শত্রু নয়। কোন মানুষ মানুষকে হত্যা করতে পারে না। সব খারাপ কাজ শয়তানের প্ররোচনায় হয়। কোন মানুষ আল্লাহর সাথে শিরক করতে পারে না। শয়তানই এসব কাজ করায়। যদি শত্রুকে পরাজিত করতে চান তাহলে তার সম্পর্কে সব কিছু জানতে হবে। শয়তানের কিছু চক্রান্ত আমরা এই অধ্যায় থেকে জানব।

১। ইবলিসের আরশ:

শয়তান সবচেয়ে বেশি খুশি হয় স্বামী-স্ত্রীর বিচ্ছেদ ঘটানোর মাধ্যমে।
রাসুলুল্লাহ (সা.) বলেন- ইবলিস পানির উপর তার আরশ স্থাপন করে তার বাহিনী প্রেরণ করে। তাদের মধ্যে তার সর্বাধিক নৈকট্যপ্রাপ্ত সে-ই যে সর্বাধিক ফিতনা সৃষ্টিকারী। তাদের একজন এসে বলে, "আমি অমুক অমুক কাজ করেছি।" সে বলে, "তুমি কিছুই করোনি।" অতঃপর অন্যজন এসে বলে, "অমুকের সাথে আমি সকল প্রকার ধোঁকার আচরণই করেছি। এমনকি তার থেকে তার স্ত্রীকে বিচ্ছিন্ন না করা পর্যন্ত আমি তাকে ছেড়ে দিইনি।" অতঃপর শয়তান তাকে তার নিকটবর্তী করে নেয় এবং বলে "হ্যাঁ, তুমি একটি বড় কাজ করেছ।" বর্ণনাকারী আ'মাশ বলেন, আমার মনে হয়, তিনি বলেছেন: "অতঃপর শয়তান তাকে তার বুকের সাথে জড়িয়ে নেয়।" [মুসলিম, হাদিস নং: ২৮১৩]
স্বামী-স্ত্রীর মাঝে ঝগড়া-বিবাদের সময় সতর্ক থাকা উচিত যেন উভয়ে শয়তানের প্ররোচনাতে পড়ে কোন ভুল না করে বসে।

২। শয়তান ইবাদতে বাধা সৃষ্টি করে, আমলের কথা ভুলিয়ে দেয়, ওয়াসওয়াসা আসে শয়তান থেকে:

উসমান ইবনে আবুল আ'স (রা.) থেকে বর্ণিত, তিনি বলেন, রাসুলুল্লাহ (সা.) যখন আমাকে তায়েফের প্রশাসক নিযুক্ত করলেন, তখন সালাতে আমার এমন অবস্থা সৃষ্টি হতে লাগল যে, কত রাকাত পড়েছি তা মনে থাকত না। এ অবস্থা দেখে আমি সফর করে রাসুলুল্লাহ (সা.) এর নিকট হাজির হলাম। তখন তিনি বললেন: "ইবনে আবুল আ'স নাকি?" আমি বললাম: "হ্যাঁ, ইয়া রাসুলুল্লাহ (সা.)।" তিনি জিজ্ঞাসা করলেন, "তুমি কেন এসেছ?" আমি বললাম: "ইয়া রাসুলুল্লাহ (সা.)! সালাতে আমার এমন অবস্থা সৃষ্টি হয় যে, কত রাকাত পড়েছি তা বলতে পারি না।" তিনি বললেন: "তা শয়তানের কাজ। কাছে এসো।" আমি কাছে এসে দোজানু হয়ে বসলাম। রাবী বলেন: তখন তিনি নিজ হাতে আমার বুকে মৃদু আঘাত করলেন এবং মুখে থুথু দিয়ে বললেন: "হে আল্লাহর শত্রু! বেরিয়ে যা। এটা তিনি তিন বার করলেন।" পরে বললেন: "যাও নিজের কাজে যোগ দাও।" উসমান (রা.) বলেন, "আল্লাহর কসম! এর পর শয়তান আমার অন্তরে আর কোন ওয়াসওয়াসা পয়দা করতে পারেনি।"
[সুনানে ইবনে মাজা': ৩৫৪৮]

৩। শয়তান বিভিন্ন প্রশ্ন তৈরি করে ইমানের মাঝে সন্দেহ তৈরি করে এবং কুফরে লিপ্ত না হওয়া পর্যন্ত লেগে থাকে:

আবু হুরায়রা (রা.) থেকে বর্ণিত, তিনি বলেন, রাসুলুল্লাহ (সা.) বলেছেন, তোমাদের কারো কাছে শয়তান আসতে পারে এবং সে বলতে পারে, এ বস্তু কে সৃষ্টি করেছে? ঐ বস্তু কে সৃষ্টি করেছে? এরূপ প্রশ্ন করতে করতে শেষ পর্যন্ত বলে বসবে, তোমার প্রতিপালককে

কে সৃষ্টি করেছে? যখন বিষয়টি এ পর্যায়ে পৌঁছে যাবে তখন সে যেন অবশ্যই আল্লাহর কাছে পানাহ চায় এবং বিরত হয়ে যায়।
[সহিহ বুখারি: ৩২৭৬]

৪। জিন শয়তান মানুষের ক্ষতি করে:

রাসুলুল্লাহ (সা.) বলেন: কোন কোন সাপ জিন। কাজেই, কেউ যখন তার ঘরে সাপ দেখে, তখন সে যেন তাকে তিনবার সতর্ক করে। এরপরও যদি সে ফিরে আসে তবে তাকে হত্যা করবে; কেননা, সে শয়তান। [সুনানে আবু দাউদ, হাদিস নং ৫২৫৬]

৫। আজান ও ইকামতের সময় শয়তান পালিয়ে যায়, সালাতে ভুল করায় শয়তান:

নবি (সা.) বলেছেন, যখন নামাজের উদ্দেশ্যে আজান দেওয়া হয় তখন শয়তান (আজানের স্থান) সশব্দে বায়ু ছাড়তে ছাড়তে পালাতে থাকে। আজান শেষ হলে সামনে এগিয়ে আসে। আবার যখন (নামাজের জন্য) ইকামত দেওয়া হয় তখন আবার পালাতে থাকে। ইকামত শেষ হলে আবার সামনে আসে এবং মানুষের মনে খটকা সৃষ্টি করতে থাকে আর বলতে থাকে অমুক অমুক বিষয় মনে করো। এমনকি সে ব্যক্তি আর স্মরণ রাখতে পারে না যে, সে কি তিন রাকাত পড়ল না চার রাকাত পড়ল। এমন যদি কারো হয়ে যায়, সে মনে রাখতে পারে না, সে কি তিন রাকাত পড়েছে না চার রাকাত? তবে সে যেন দুটি সাহু সিজদা করে। [সহিহ বুখারি, হাদিস নং ৩২৮৫]

৬। শয়তান নামাজের কাতারের মধ্যে ঢুকে ওয়াসওয়াসা দেয়:

রাসুলুল্লাহ (সা.) বলেন: তোমরা কাতারের মধ্যে পরস্পর মিলে মিশে দাঁড়াও। এক কাতার অপর কাতারের নিকটে করো এবং কাঁধে কাঁধ মিলিয়ে দাঁড়াও। যার হাতে আমার জীবন, তাঁর শপথ আমি শয়তানকে নামাজের কাতারের মধ্যে বকরির ন্যায় প্রবেশ করতে দেখেছি। [সুনানে আবু দাউদ, হাদিস নং ৬৬৭]

৭। খিনযিব শয়তান মানুষের নামাজের মধ্যে ওয়াসওয়াসা দেয়:

আবুল আলা (রহ.) বর্ণনা করেন যে, উসমান ইবনে আবুল আস (রা.) রাসুলুল্লাহ (সা.) এর কাছে এসে বললেন, "ইয়া রাসুলুল্লাহ! শয়তান আমার এবং আমার নামাজ ও কিরাতের মাঝে প্রতিবন্ধক হয়ে তা আমার জন্য এলোমেলো করে দেয়।" তখন রাসুলুল্লাহ (সা.) বললেন: ওটা এক (প্রকারের) শয়তান যার নাম 'খিনযিব'। যখন তুমি তার উপস্থিতি অনুভব করবে তখন (আউজুবিল্লাহ পড়ে) তার কবল থেকে আল্লাহর নামে আশ্রয় নিয়ে তিনবার তোমার বাম দিকে থু থু নিক্ষেপ করবে। তিনি বলেন: পরে আমি তা করলে আল্লাহ আমার থেকে তা দূর করে দিলেন। [সহিহ মুসলিম, হাদিস নং ৫৬৩১]

৮। হাই আসে শয়তানের পক্ষ থেকে। শয়তান তখন হাসে:

আবু হুরায়রা (রা.) থেকে বর্ণিত, নবি (সা.) বলেছেন, হাই তোলা শয়তানের পক্ষ থেকে হয়ে থাকে। সুতরাং তোমাদের কারো যখন হাই আসবে তখন যথাসম্ভব তা দমন করবে। কেননা তোমাদের কেউ হাই তোলার সময় যখন 'হাঁ' বলে, তখন শয়তান হাসতে থাকে। [সহিহ বুখারি, হাদিস নং ৩২৮৯]

৯। শয়তানের ওয়াশরুম:

যে ব্যক্তি ফজরের সময় উঠতে পারে না তার কানে শয়তান প্রস্রাব করে দেয় এবং শয়তান ব্রেনের নিয়ন্ত্রণ নেওয়ার চেষ্টা করে। অনেকের ক্ষেত্রে সফল হয়।
আব্দুল্লাহ (ইবনে মাসউদ) (রা.) থেকে বর্ণিত, তিনি বলেন, নবি (সা.) এর সামনে এক ব্যক্তির সম্পর্কে আলোচনা করা হলো- সকালবেলা পর্যন্ত সে ঘুমিয়েই কাটিয়েছে, নামাজের জন্য (যথাসময়ে) জাগ্রত হয়নি, তখন তিনি (নবি (সা.)) ইরশাদ করলেন: শয়তান তার কানে প্রস্রাব করে দিয়েছে। [সহিহ বুখারি, হাদিস নং ১১৪৪]

১০। শয়তানের বেডরুম:

আবু হুরায়রা (রা.) সূত্রে নবি (সা.) বর্ণিত, তিনি বলেন, 'তোমাদের কেউ যখন নিদ্রা থেকে উঠল এবং অজু করল তখন তার নাক তিনবার ঝেড়ে ফেলা উচিত, কেননা শয়তান তার নাকের ছিদ্রে রাত যাপন করেছে।'
শয়তান নাকে ঘুমায় যদি না কেউ জিকির বা দুআ পড়ে ঘুমায়। শয়তানের বেডরুম (নাক) নিঃসন্দেহে নাপাক হয়ে যায়। তাই, তিনবার ধৌত করার নির্দেশ প্রদান করা হয়েছে।

১১। স্বামী-স্ত্রীর বিশেষ সময়ে দুআ না পড়লে শয়তান শরিক হয়:

নবি (সা.) বলেছেন, তোমাদের কেউ তাঁর স্ত্রীর সাথে বিশেষ সময়ে দুআ পড়লে তাদের কিসমতে কোন সন্তান থাকলে শয়তান তার কোন ক্ষতি করতে পারবে না। [সহিহ বুখারি, হাদিস নং ১৪১]

১২। শয়তান মানুষকে রাগান্বিত করে ঝগড়া করায়, মাঝে মাঝে পাগল বানিয়ে ফেলে:

সুলাইমান ইবনে সুরাদ (রা.) থেকে বর্ণিত, তিনি বলেন, আমি নবি (সা.)- এর সঙ্গে বসা ছিলাম। তখন দুজন লোক পরস্পর গালমন্দ করছিল। তাদের একজনের চেহারা লাল হয়ে গিয়েছিল এবং তার রগগুলো ফুলে গিয়েছিল। তখন নবি (সা.) বললেন, আমি এমন একটি দুআ জানি, যদি এ লোকটি তা পড়ে তবে সে যে রাগ অনুভব করছে তা দূর হয়ে যাবে। (তিনি বললেন) সে যদি পড়ে "আউজুবিল্লাহি মিনাশ শয়তান" আমি শয়তান হতে আল্লাহর কাছে আশ্রয় চাই। তবে তার রাগ চলে যাবে। তখন তাকে বলল, নবি (সা.) বলেছেন, তুমি যেন আল্লাহর কাছে শয়তান হতে আশ্রয় চাও। সে বলল, আমি কি পাগল হয়েছি? [সহিহ বুখারি, হাদিস নং ৩২৮২]
গালমন্দ শয়তান থেকে আসে। শয়তান মানুষের শিরা-উপশিরায় প্রবেশ করে, রাগ উঠানোর জন্য শরীরের রগ ফুলিয়ে দেয়।
অনেক সময় রগ চেপে ধরে শয়তান মানবদেহে অঙ্গহানি ঘটায়। মাথার অভ্যন্তরভাগে VN(Vagus Nerve) চেপে ধরে যা মাথা থেকে কণ্ঠনালিতে এসেছে। ফলে সন্তান কথা বলতে পারে না। অনেক সময় রাগ উঠলেও মানুষ কথা বলতে পারে না। মস্তিষ্কের নির্দিষ্ট স্থানে শয়তান যদি আক্রমণ করে মানুষ পাগল হয়ে যায়।
আমাদের রাগ থামানোর শক্তিশালী চিকিৎসা হল أَعُوْذُ بِاللّٰهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيْمِ বেশি বেশি পড়া।

১৩। বাচ্চাদের মাঝে রাগ জিদ কান্না শয়তানের স্পর্শের কারণে হয়ে থাকে:

আবু হুরায়রা (রা.) বলেন, আমি রসূলুল্লাহ (সা.)-কে বলতে শুনেছি, এমন কোন আদম সন্তান নেই, যাকে জন্মের সময় শয়তান স্পর্শ করে না। জন্মের সময় শয়তানের স্পর্শের কারণেই সে চিৎকার করে কাঁদে। তবে মারইয়াম এবং তাঁর ছেলে (ঈসা) (আলাইহিস সালাম)- এর ব্যতিক্রম। তারপর আবু হুরায়রা (রা.) বলেন, (এর কারণ হল মারইয়ামের মায়ের এ দুআ) "হে আল্লাহ! নিশ্চয় আমি আপনার নিকট তাঁর এবং তাঁর বংশধরদের জন্য বিতাড়িত শয়তান থেকে আশ্রয় প্রার্থনা করছি।" [সহিহ বুখারি, হাদিস নং ৩৪৩১]
সন্তানের মা-বাবাদের এই দুআ বেশি বেশি পড়া প্রয়োজন:

أَعُوْذُ بِاللهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيْمِ-رَبِّ أَعُوْذُ بِكَ مِنْ هَمَزَاتِ الشَّيَاطِيْنِ وَأَعُوْذُ بِكَ رَبِّ أَنْ يَّحْضُرُوْنِ

১৪। শয়তানের কুদৃষ্টি:

আবদুল্লাহ (রা.) হতে বর্ণিত আছে, রাসুলুল্লাহ (সা.) বলেন: মহিলারা হচ্ছে আওরাত (আবরণীয় বস্তু)। সে বাইরে বের হলে শয়তান তার দিকে চোখ তুলে তাকায়।
[সহিহ, মিশকাত (৩১০৯), ইরওয়া (২৭৩), তা'লীক আলা ইবনি খুযাইমা (১৬৮৫)]

জিন শয়তান ও মানুষ শয়তান বেপর্দা নারীর প্রতি কুদৃষ্টি দেয়। ফলে তার বদনজরের প্রভাবে মেয়েদের নানা রোগ জন্ম নেয়।
শয়তান বেপর্দা নারী কে পুরুষদের চোখে সুন্দর করে তোলে যেন মানুষ গুনাহে লিপ্ত হয়। [তুহফাতুল আহওয়াজী]
বেপর্দা নারীকে শয়তান মানুষকে ধোঁকা দেওয়ার মাধ্যম হিসেবে ব্যবহার করে। [ফাইদুল কাদির]
পর্দানশীন মহিলার দিকে শয়তান আল্লাহর হুকুমে তাকাতে পারে না।

১৫। শয়তানের স্পর্শ:

যায়নব (রা.) থেকে বর্ণিত, তিনি বলেন, এক বৃদ্ধা মহিলা আমাদের এখানে আসতো। সে চর্ম প্রদাহ রোগের তাবিজ দিতো। আমাদের একটি বড় পায়ার খাট ছিল। আব্দুল্লাহ প্রবেশ করার সময় কাশির আওয়াজ দিতেন। একদিন তিনি আমার কাছে আসলেন। সে তার আওয়াজ পেয়ে একটু জড়োসড়ো হলো। তিনি এসে আমার পাশে বসলেন এবং আমাকে স্পর্শ করলেন, এবং তিনি একটি সুতার স্পর্শ পেয়ে জিজ্ঞাসা করলেন, এটা কি? আমি বললাম, এটা চর্ম প্রদাহ রোগের তাবিজ। তিনি সেটাকে টেনে ছিড়ে ফেললেন এবং ছুড়ে ফেলে দিয়ে বললেন: আব্দুল্লাহর পরিবার শিরক থেকে মুক্ত হয়ে গিয়েছে। আমি রাসুলুল্লাহ (সা.) কে বলতে শুনেছি: "মন্ত্র, তাবিজ ও মহব্বতের তাবিজ সব শিরকের অন্তর্ভুক্ত। আমি বললাম: একদিন আমি বাইরে বের হলাম, তখন অমুক লোক আমাকে দেখে ফেললো। তখন আমার চোখ থেকে পানি পড়া শুরু হলো, এরপর যখন মন্ত্র পড়ে ফুঁ দেই পানি পড়া বন্ধ হয়। কিন্তু মন্ত্র পড়া ছেড়ে দিলেই আবার পানি পড়া শুরু হয়। তিনি বললেন: এটা শয়তানের কাজ। তুমি যখন শয়তানের মর্জিমত কাজ করো তখন সে তোমাকে রেহাই দেয়, আর যখন তার মর্জির খেলাফ করো তখন সে তোমার চোখে তার আঙুলের গুঁতো দেয়। তার চেয়ে তুমি যদি তাই করতে, যা রাসুলুল্লাহ (সা.) করেছিলেন, তাহলে সেটা তোমার জন্য উত্তম হতো এবং শিফা লাভের ক্ষেত্রে ও অধিক সহায়ক হতো। তুমি তোমার চোখে পানি ছিটিয়ে এ দুআ পড়বে:

اَللّٰهُمَّ رَبَّ النَّاسِ أَذْهِبِ الْبَأْسَ وَاشْفِ أَنْتَ الشَّافِي لَا شِفَاءَ إِلَّا شِفَاؤُكَ شِفَاءً لَّا يُغَادِرُ سَقَمًا

"হে মানবের রব। কষ্ট দূর করো। শিফা দান করো। তুমিই শিফা দানকারী তোমার শিফা দান ছাড়া শিফা লাভ করা সম্ভব নয়, এমন শিফা যা কোন রোগ বাদ দেয় না"। [সুনানে ইবনে মাজা' হাদিস নং ৩৫৩০]

কুফরি মন্ত্র দিয়ে ঝাড়ফুঁক করলে শয়তানের সাথে চুক্তি করা হয়। ফলে সে বিরত হয়ে যায় । মানুষ মনে করে সে সুস্থ হয়ে গেছে। অনেক সময় সফলও হয়, তবুও তা শরীয়ত সম্মত নয়।

১৬। শয়তানের বাঁশি:

আবু হুরায়রা (রা.) থেকে বর্ণিত যে, রাসুলুল্লাহ (সা.) বলেন: ঘন্টা শয়তানের বাঁশি। [সহিহ মুসলিম, হাদিস নং ৫৪৪১]

শয়তান নিজের সাথে ঘন্টি রাখে। কারো সাথে পরস্পর বাদানুবাদ হলে তা বাজায়। পরিস্থিতি বুঝে শয়তান বাঁশিও বাঝায়।

যতরকম কনসার্ট শোনা যায় তা সবই শয়তানের আবিষ্কার। গান-বাদ্য এই গুলো শয়তানের সুর যা মানুষের অন্তরে নিফাকি তৈরী করে।

১৭। শয়তান খাবারের সময় উপস্থিত হয়ে হালাল খাবার কে হারাম বানায়:

হুযায়ফাহ্ (রা.) হতে বর্ণিত। তিনি বলেন, যখন আমরা রাসুলুল্লাহ (সা.)-এর সঙ্গে কোনো খাবার মজলিসে উপস্থিত হতাম, তখন তিনি শুরু করে তাতে হাত না রাখা পর্যন্ত আমরা আমাদের হাত রাখতাম না। একবার আমরা তাঁর সঙ্গে এক দাওয়াতে উপস্থিত ছিলাম। সে সময় একটি মেয়ে এমনভাবে এলো যেন তাকে তাড়িয়ে আনা হয়েছে এবং সে খাদ্যের মধ্যে হাত রাখতে উদ্যত হলো। তখন রাসুলুল্লাহ (সা.) তার হাত ধরে ফেললেন । অতঃপর এক বেদুঈন এলো। তাকেও যেন কেউ তাড়িয়ে এনেছে। তিনি তার হাতও ধরে ফেললেন। অতঃপর রাসুলুল্লাহ (সা.) বললেন: নিশ্চয়ই শয়তান তখনই খাবারকে হালাল মনে করে, যখন তাতে আল্লাহর নাম নেয়া হয় না। তাই সে (প্রথমে) ঐ মেয়েটিকে নিয়ে এসেছিল, যেন তার দ্বারা (খাবারটি নিজের জন্য) হালাল করতে পারে। তাই আমি তার হাত ধরে ফেললাম। পরে সে ঐ বেদুঈনকে নিয়ে এলো (খাদ্যটি নিজের জন্য) হালাল করে নিতে। তাই আমি তার হাতও ধরে ফেললাম। সেই সত্তার কসম! যাঁর হাতে আমার প্রাণ, ঐ মেয়েটির হাতের সাথে শয়তানের হাতটিও আমার মুঠোতে রয়েছে। অন্য আরেক রিওয়ায়াতে অতিরিক্ত আছে, অতঃপর তিনি "বিসমিল্লাহ" পড়ে খাবার খেলেন। [সহিহ মুসলিম, হাদিস নং ৫১৫৪]

১৮। শয়তান অস্ত্র চালায়:

আবু হুরায়রা (রা.) থেকে বর্ণিত। নবি (সা.) বলেন: তোমাদের কেউ যেন তার অপর কোন ভাইয়ের প্রতি অস্ত্র উত্তোলন করে ইশারা না করে। কেননা সে জানেনা হয়তো শয়তান তার হাতে ধাক্কা দিয়ে বসবে, ফলে (এক মুসলমানকে হত্যার অপরাধে) সে জাহান্নামের গর্তে নিপতিত হবে। [সহিহ বুখারি, হাদীস নং: ৭০৭২]

১৯। শয়তানের সাথে জিহাদ:

শয়তান মুসলমান হতে বাধা দেয়, জিহাদে বাধা দেয়, হিজরতে বাধা দেয়।
সাবরতা ইবনে আবু ফাকিহ (রা.) বলেন, আমি রাসুলুল্লাহ (সা.)-কে বলতে শুনেছি: শয়তান আদম সন্তানের রাস্তাসমূহে বসে থাকে। সে ইসলামের পথে বসে বাধা সৃষ্টি করতে গিয়ে বলে: তুমি ইসলাম গ্রহণ করবে, আর তোমার দ্বীন ও তোমার বাপ দাদার দ্বীন এবং তোমার পিতার পূর্বপুরুষদের দ্বীন পরিত্যাগ করবে? কিন্তু আদম সন্তান তার কথা অমান্য করে ইসলাম গ্রহণ করে। তারপর শয়তান তার হিজরতের রাস্তায় বসে বলে: তুমি হিজরত করবে, তোমার ভূমি ও আকাশ পরিত্যাগ করবে? মুহাজির তো একটি রশিতে আবদ্ধ ঘোড়ার ন্যায় নিয়ন্ত্রিত জীবন যাপনে বাধ্য। কিন্তু সে ব্যক্তি তার কথা অমান্য করে হিজরত করে। এরপর শয়তান তার জিহাদের রাস্তায় বসে এবং বলে: তুমি কি জিহাদ করবে? এতে নিজেকে এবং নিজের ধন সম্পদকে ধ্বংস করবে। তুমি যুদ্ধ করে নিহত হবে, তোমার স্ত্রী অন্যের বিবাহে যাবে, তোমার সম্পদ ভাগ হবে। সে ব্যক্তি তাকে অমান্য করে জিহাদে গমন করে। রাসুলুল্লাহ্ (সা.) বলেন: যে এরূপ করবে, তাকে জান্নাতে প্রবেশ করানো আল্লাহর (ওয়াদা অনুযায়ী জান্নাত তার) জন্য অবধারিত। আর যে ব্যক্তি শহীদ হয়, তাকে জান্নাতে প্রবেশ করানো আল্লাহর উপর অবধারিত। যদি সে ডুবে যায়, তাকে জান্নাতে প্রবেশ করানো আল্লাহর উপর অবধারিত। আর যদি তার সওয়ারী তাকে ফেলে দিয়ে তার গর্দান ভেঙ্গে দেয় বা মেরে ফেলে, তখনও তাকে জান্নাতে প্রবেশ করানো আল্লাহর উপর অবধারিত। [সুনানে আন-নাসায়ী, হাদিস নং ৩১৩৪]

২০। শয়তানের আড্ডাখানা:

সালমান (রা.) বর্ণনা করেন। তিনি বলেন, যদি তোমার পক্ষে সম্ভব হয় তবে বাজারে প্রবেশকারীদের মধ্যে তুমি প্রথম হয়ো না এবং তথা হতে বহির্গমনকারীদের মধ্যে তুমি শেষ ব্যক্তি হয়ো না। বাজার হলো শয়তানের আড্ডাখানা। আর তথায়ই সে তার ঝান্ডা উত্তোলন করে রাখে। [সহিহ মুসলিম হাদিস নং: ৬০৯৩]

২১। শয়তানি ব্যবসা:

কায়স ইবনে আবী গারাযা (রা.) থেকে বর্ণিত, তিনি বলেন, রাসুলুল্লাহ (সা.) আমাদের কাছে বের হয়ে এলেন। আমাদের ব্যবসায়ীদের "সামাসিরা" (দালাল) নামে অভিহিত করা হত। (কিন্তু তিনি আমাদেরকে সুন্দর নামে অভিহিত করলেন), এবং তিনি বললেন, হে ব্যবসায়ী সমাজ, ব্যাবসার শয়তান ও পাপ এসে সমুপস্থিত হয়। সুতরাং তোমরা তোমাদের ব্যাবসাতে সাদকা জড়িত কর।
এই বিষয়ে বারা ইবনে আযিব ও রিফাআ (রা.) থেকেও বর্ণিত আছে। ইমাম আবু ঈসা (রহ.) বলেন, কায়স ইবনে আবু গারাযা (রা.) বর্ণিত হাদিসটি হাসান-সহিহ। [জামে' আত-তিরমিজি, হাদিস নং ১২০৮]

২২। বাম হাতে খায় শয়তান:

আবু হুরায়রা (রা.) থেকে বর্ণিত। নবি (সা.) বলেন: তোমাদের প্রত্যেকে যেন ডান হাতে খায়, ডান হাতে পান করে, ডান হাত দিয়ে গ্রহণ করে এবং ডান হাত দিয়ে দান করে। কারণ শয়তান বাঁ হাতে খায়, বাঁ হাতে পান করে। বাঁ হাতে দেয় এবং বাঁ হাতে গ্রহণ করে। [সুনানে ইবনে মাজাহ, হাদিস নং ৩২৬৬]

২৩। শয়তানের গিঁট ও তা খোলার উপায়:

আবু হুরায়রা (রা.) থেকে বর্ণিত। তিনি হাদিসটি নবি (সা.) পর্যন্ত পৌঁছিয়েছেন যে, নবি (সা.) বলেছেন, শয়তান তোমাদের প্রত্যেকের মাথার তিনটি গিঁট দেয়- যখন সে ঘুমিয়ে পড়ে। প্রতি গিঁটে এই বলে ফুঁ দেয় যে, তোমার সামনে দীর্ঘ রাত। সে যখন জেগে উঠে আল্লাহর নাম নেয় তখন একটি গিঁট খুলে যায় যখন অজু করে তখন দুটি গিঁট খুলে যায়। আর যখন নামাজ আদায় করে তখন সবকটি গিঁটই খুলে যায়। ফলে সে উৎফুল্ল ও আনন্দিত মনে ভোর করে। অন্যথায় সে ভোর করে বিমর্ষ মনে ও আলসে অবস্থায়।
[সহিহ মুসলিম, হাদিস নং ১৭০৪]

২৪। শয়তান স্বপ্নে ভয়ও দেখায়, খেলাও করে:

জাবির (রা.) সূত্রে রাসুলুল্লাহ (সা.) থেকে বর্ণিত। (একদা) এক বেদুঈন তাঁর কাছে এসে বললো, আমি স্বপ্নে দেখলাম যে, আমার মাথা কেটে ফেলা হয়েছে আর আমি তার পিছনে পিছনে ছুটে চলছি। তখন নবি (সা.) তাকে ধমক দিয়ে বললেন: ঘুমের মাঝে তোমার সাথে শয়তানের ক্রীড়া-কৌতুকের খবর কাউকে দিও না।
[সহিহ মুসলিম, হাদিস নং ৫৮১৮]

২৫। জামাআতবদ্ধ অবস্থা থেকে বিচ্ছিন্নতা শয়তানের কাজ:

আবু সালাবা আল খুশানী (রা.) হতে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ (সা.) যখন সৈন্যদল বা লোকজনকে সঙ্গে নিয়ে সফরে কোথাও রাতযাপন বা বিশ্রামের জন্য সওয়ারী হতে অবতরণ করতেন, তখন তাঁর সঙ্গী লোকজন পাহাড়ের বিভিন্ন উপত্যকায় ও জঙ্গলে ছড়িয়ে পড়তেন। সে কারণে রাসুলুল্লাহ (সা.) বলেছিলেন, তোমাদের এ সকল পাহাড়ি উপত্যকায় বা জঙ্গলে বিভক্ত হয়ে পড়া শয়তানের কাজ। এরপর হতে সর্বদা যখনই কোন স্থানে অবস্থান করতেন, তখনই সৈন্যদলে সকলে পরস্পরে একত্রে অবস্থান করতেন। এমনকি শেষ পর্যন্ত বলা হত যে, যদি একখানা কাপড় তাদের ওপর বিছিয়ে দেয়া হয়, তবে তাদের সকলের জন্য তা যথেষ্ট হবে।
[সুনানে আবু দাউদ হাদীস নং: ২৬২৮]

২৬। মুশরিকদের পক্ষে শয়তানের পলিটিক্স:

আয়িশা (রা.) থেকে বর্ণিত, তিনি বলেন, উহুদের দিন যখন মুশরিকরা পরাজিত হল, তখন ইবলিশ চিৎকার করে বললো, হে আল্লাহর বান্দারা! তোমরা তোমাদের পেছনের লোকদের প্রতি সতর্ক হও। অতএব সামনের লোকেরা পেছনের লোকদের উপর ঝাঁপিয়ে পড়ল। ফলে উভয় দলের মধ্যে নতুনভাবে সংঘর্ষ শুরু হল। হুযাইফা (রা.) হঠাৎ তাঁর পিতা ইয়ামানকে দেখতে পেলেন। (মুসলমানগণ তাঁর উপর আক্রমণ করছে) তখন তিনি (হুযাইফা) বললেন, হে আল্লাহর বান্দারা। আমার পিতা। আমার পিতা।

(তিনি মুসলিম) কিন্তু আল্লাহর কসম, তারা বিরত হয়নি। শেষ পর্যন্ত তাঁরা তাঁকে হত্যা করে ফেলল। তখন হুযাইফা (রা.) বললেন, আল্লাহ তোমাদের ক্ষমা করুন। উরওয়া (রা.) বলেন, আল্লাহর সাথে মিলিত হওয়া পর্যন্ত হুযাইফা (রা.) (তাঁর পিতার হত্যাকারীদের জন্য) দুআ ও ইস্তিগফার করতে থাকেন। [সহিহ বুখারি, হাদিস নং: ৩২৯০]

২৭। শয়তান স্বামী-স্ত্রীর মাঝে গেম খেলে। সংসারে শয়তানের কারসাজি অনেক ভাবে হতে পারে:

হযরত আবু উমামা (রা.) বলেন, শয়তান তোমাদের মধ্যকার কাহারও শয্যায় আসে যখন তাহার পরিবার শয্যা রচনা সম্পন্ন করে এবং কাঠ পাথর প্রভৃতি নিক্ষেপ করে যাহাতে সে ব্যক্তি তাহার পরিবারের প্রতি অগ্নিশর্মা হয়ে ওঠে সুতরাং যখন কোনো ব্যক্তি এরূপ দেখতে পাবে সে যেন তার পরিবারের উপর ক্রুদ্ধ না হয়, কেননা তা শয়তানের কাজ। [আল-আদাবুল মুফরাদ হাদীস নং: ১১৯৯]

২৮। সন্ধ্যায় শয়তান ছোটাছুটি করে, আল্লাহর নামে দরজা বন্ধ করলে শয়তান খুলতে পারে না

জাবির ইবনে আব্দুল্লাহ (রা.) থেকে বর্ণিত, তিনি বলেন, রাসুলুল্লাহ (সা.) বলেন, 'যখন রাতের আঁধার নেমে আসবে অথবা বলেছেন, যখন সন্ধ্যা হয়ে যাবে তখন তোমরা তোমাদের শিশুদেরকে (ঘরে) আটকে রাখবে। কেননা এ সময় শয়তানেরা ছড়িয়ে পড়ে। আর যখন রাতের কিছু অংশ অতিবাহিত হয়ে যাবে তখন তাদেরকে ছেড়ে দিতে পারো। তোমরা ঘরের দরজা বন্ধ করবে এবং আল্লাহর নাম স্মরণ করবে। কেননা শয়তান বন্ধ দরজা খুলতে পারে না।' [সহিহ বুখারি, হাদিস নং ৩৩০৪]

২৯। কবি শয়তান:

আবু সাঈদ খুদরী (রা.) থেকে বর্ণিত। তিনি বলেন, আমরা রাসুলুল্লাহ (সা.) এর সাথে 'আরয' এলাকায় সফর করছিলাম। তখন এক কবি কবিতা আবৃত্তি করতে করতে আসতে লাগল। তখন রাসুলুল্লাহ (সা.) বললেন: শয়তানটাকে ধরে ফেলো কিংবা তিনি বললেন শয়তানটাকে রুখে দাও। কোন লোকের পেট পুঁজে ভর্তি হয়ে যাওয়া কবিতায় ভর্তি হওয়া থেকে উত্তম।
[সহিহ মুসলিম, হাদিস নং-৫৭৮৮]

৩০। শয়তান প্রাণীকে ব্যবহার করে:

ইবনে আব্বাস (রা.) থেকে বর্ণিত। তিনি বলেন: একবার একটা ইঁদুর জ্বলন্ত শলতে টেনে আনে, এবং সে তা রাসুলুল্লাহ (সা.) এর খেজুর পাতার তৈরি বিছানার উপর রাখে, যার উপর তিনি বসে ছিলেন। ফলে, সে বিছানার এক-দিরহাম পরিমাণ অংশ পুড়ে যায়। তখন তিনি বলেন: যখন তোমরা ঘুমাতে যাবে, তখন তোমরা তোমাদের চেরাগগুলো নিভিয়ে দেবে। কেননা, শয়তান এদেরকে (ইঁদুর ইত্যাদিকে) এ ধরনের কাজের জন্য প্ররোচিত করে, যা তোমাদের পুড়িয়ে দেয়। [সুনানে আবু দাউদ, হাদিস নং ৫২৪৭]

৩১। মোরগ ফেরেশতা দেখে আর গাধা শয়তান দেখে:

আবু হুরায়রা (রা.) থেকে বর্ণিত যে, নবি (সা.) বলেন: যখন তোমরা মোরগের ডাক শুনতে পাবে তখন আল্লাহর কাছে অনুগ্রহ চাইবে। কেননা সে ফেরেশতা দেখেছে। আর যখন তোমরা গাধার বিকট আওয়াজ শুনতে পাবে তখন আল্লাহর কাছে শয়তান থেকে আশ্রয় চাইবে। কেননা সে শয়তান দেখেছে। [সহিহ বুখারি, হাদিস নং ৩৩০৩]

৩২। স্বয়ং নবি (সা.) শয়তানের সাথে লড়াই করেছেন:

রাসুলুল্লাহ (সা) বলেছেন, "গতকাল রাতে আমার সালাত নষ্ট করার জন্য জিনদের মধ্য হতে এক 'ইফরীত' (জিন) থুথু নিক্ষেপ করেছিল। তবে আল্লাহ তা'আলা তার উপরে বিজয়ী হতে আমাকে সাহায্য করেছেন। সকালে তোমাদের সবাইকে দেখানোর জন্য আমি তাকে মসজিদের একটি খুঁটির সাথে বেঁধে রাখতে চেয়েছিলাম। তারপর আমার ভাই সুলায়মানের দুআর কথা আমার মনে পড়ল। (আমার ভাই সুলায়মান আল্লাহর কাছে এই বলে দুআ করেছিলেন), "হে আমার মালিক, (আমি যদি কোনো ভুল করি তাহলে) তুমি আমাকে ক্ষমা করো, তুমি আমাকে এমন এক সাম্রাজ্য দান করো, যা আমার পরে আর কেউ কোনোদিন পাবে না, তুমি নিশ্চয়ই মহান দাতা।"(সুরা সোয়াদঃ ৩৫।)" সহিহ বুখারিঃ ৭৫, সহিহ মুসলিমঃ ১১০৪।

৩৩। শয়তানের সামনে আল্লাহর নাম নিলে সে ছোট হয়ে দুর্বল হয়ে পড়ে:

আবু মালীহ (রহ.) এক ব্যক্তি থেকে বর্ণনা করেন যে, একদা আমি নবি করিম (সা.)-এর সঙ্গে একই উটের পিঠে সওয়ার ছিলাম। এ সময় উটটি লাফালাফি করতে থাকলে আমি বলি: শয়তান মরুক। তখন নবি (সা.) তিনি বলেন: তুমি এরূপ বলো না যে, শয়তানের সর্বনাশ হোক। কেননা, তুমি যখন এরূপ বলবে, তখন শয়তান অহংকারে ফুলে ঘরের মত হয় এবং বলে: আমি খুবই শক্তিমান। বরং তুমি বলবে: বিসমিল্লাহ। কেননা যখন তুমি এরূপ বলবে, তখন শয়তান ছোটো হয়ে মাছির মত হয়ে যায়। [সুনানে আবু দাউদ, হাদিস নং ৪৯৮২]

শয়তানকে অভিশাপ দিলে তার অহংকার বেড়ে যায়। সব কাজে শয়তানকে শত্রু হিসেবে চিহ্নিত করা। শয়তানের সামনে আল্লাহর নাম নিলে সে ছোটো হয়ে দুর্বল হয়ে পড়ে।

৩৪। শয়তানকে খেতে না দেওয়া:

জাবির (রা.) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি নবি (সা.) কে বলতে শুনেছি যে, শয়তান তোমাদের প্রতিটি কাজে উপস্থিত হয়। এমনকি তোমাদের কারো আহারের সময়ও সে উপস্থিত হয়। সুতরাং তোমাদের কারো যদি লোকমা পড়ে যায়, সে যেন লেগে যাওয়া ময়লা দূর করে তা খেয়ে ফেলে। শয়তানের জন্য যেন তা রেখে না দেয়। আহার শেষে সে যেন তার আঙুলগুলো চেটে খায়। কেননা সে জানে না, তার খাদ্যের কোন অংশে বরকত আছে। [সহিহ মুসলিম, হাদিস নং ৫১৯৮]

৩৫। জরায়ুতে শয়তানের আক্রমণ:

আবুয যুবায়র মক্কি (রহ.) বলেন: আবা মায়িয আসলামী আব্দুল্লাহ ইবনে সুফিয়ান (রহ.) তাহার নিকট বর্ণনা করেছেন, তিনি আব্দুল্লাহ ইবনে উমর (রা.)-এর নিকট বসা ছিলেন। তখন এক মহিলা এসে বলল: আমি বায়তুল্লাহর তাওয়াফের ইচ্ছা করেছিলাম। মসজিদের দরজা পর্যন্ত পৌঁছাতেই আমার ঋতুস্রাব আরম্ভ হল। এমতাবস্থায় আমি ফিরে যাই। পরে ঋতুস্রাব বন্ধ হলে আবার তাওয়াফের জন্য আসি, কিন্তু মসজিদের দরজা পর্যন্ত পৌঁছাতেই আবার ঋতুস্রাব শুরু হল। ফলে আবার ফিরে গেলাম। শেষে ঋতুস্রাব বন্ধ হলে আবার তাওয়াফ করতে গেলাম। কিন্তু এইবারও দরজা পর্যন্ত যেতে না যেতেই পুনরায় রক্ত দেখা দেয়। এখন কী করব? আব্দুল্লাহ ইবনে উমর (রা.) বললেন: এটা শয়তানের কাণ্ড! গোসল করে লজ্জাস্থানে কাপড়ের পট্টি দিয়ে তাওয়াফ করে নাও। [আল মুয়াত্তা-ইমাম মুহাম্মাদ রহ., হাদিস নং: ৪৭১]

৩৬। শয়তানের সূর্যপূজা:

যুগ যুগ ধরে সবচেয়ে বেশি পূজা করা হচ্ছে সূর্য দেবতার বা সূর্যের। এর কারণ হল-
রাসুল (সা) বলেন, "ফজরের সালাত পড়বে, অতঃপর সূর্যোদয়কালে সালাত আদায় করবে না, যতক্ষণ না তা কিছুটা উপরে উঠে। কেননা, যখন তা উদিত হয়, তখন শয়তানের দুই শিং-এর মধ্য দিয়ে উদিত হয় এবং এসময় কাফেররা তাকে সিজদা করে। অতঃপর সালাত থেকে বিরত থাকবে, যতক্ষণ না সূর্য ডুবে যায়। কেননা তা শয়তানের দুই শিং-এর মধ্য দিয়ে অস্তমিত হয় এবং এসময় কাফেররা তাকে সিজদা করে (বুখারি হা/৩২৭৩; মুসলিম হা/৮৩২; মিশকাত হা/১০৪২)।
সূর্য উদয়ের সময় শয়তান সূর্যকে সিজদা করে। তাই, এই সময়ে নামাজ শরীয়তে নিষেধাজ্ঞা রয়েছে। আল্লাহু আ'লাম।

৩৭। শয়তান মানুষকে অগ্নিপূজারী বানায়:

আহমাদ ইবনে সানান ওয়াসিতী (রহ.) ইবনে আব্বাস (রা.) থেকে বর্ণিত যে, যখন পারসিকদের নবি ইন্তেকাল করেন, তখন ইবলিস তাদের অগ্নি পূজায় লাগিয়ে দেয় (অর্থাৎ গুমরা করে ফেলে)। [সুনানে আবু দাউদ, হাদিস নং ৩০৪২]

৩৮। শয়তান চুরি করে:

আবু হুরাইরা (রা.) থেকে বর্ণিত, তিনি বলেন, এক রমজান মাসে রাসুলুল্লাহ (সা.) আমাকে যাকাতের মাল পাহারা দেওয়ার দায়িত্ব দিলেন। একদিন রাতের বেলা দেখলেন এক ব্যক্তি যাকাতের মাল চুরি করছে। তখন তিনি তার হাত ধরে ফেললেন। চোর বলল, সে খুব অভাবী। আবু হুরাইরা (রা.) তাকে ছেড়ে দিলেন। পরদিন রাসুল (সা.) বললেন, 'সে মিথ্যা বলেছে, সে আবার আসবে।' পরদিন চোর আবার এলে আবু হুরাইরা (রা.) তাকে ধরলেন। চোর আবারও অভাবের কথা বলল। তিনি তাকে ছেড়ে দিলেন।

পরদিন রাসুল (সা.) আবার বললেন, 'সে মিথ্যা বলেছে, সে আবার আসবে।' পরদিন আবারও আবু হুরাইরা (রা.) চোরের জন্য অপেক্ষা করতে লাগলেন আর যখন সে আবারও চুরি করতে এল, তখন তিনি তাকে পাকড়াও করলেন আর বললেন, 'এবার অবশ্যই আমি তোমাকে আল্লাহর রাসুল (সা.)—এর কাছে নিয়ে যাব।' চোর অবস্থা বেগতিক দেখে বললো, 'আমাকে মাফ করো। আমি তোমাকে এমন কিছু বলে দেব, যার মাধ্যমে আল্লাহ তোমাকে কল্যাণ দান করবেন।' আবু হুরাইরা (রা.) সেটা জানতে চাইলে চোর বলে, 'যখন ঘুমাতে যাবে, তখন আয়াতুল কুরসি পড়ে ঘুমাবে, তাহলে আল্লাহ তোমার জন্য একজন পাহারাদার নিযুক্ত করবেন, যে তোমার সঙ্গে থাকবে আর কোনো শয়তান সকাল পর্যন্ত তোমার কাছে আসতে পারবে না।' এটা শুনে আবু হুরাইরা (রা.) তাকে ছেড়ে দিলেন। পরদিন রাসুল (সা.) বললেন, 'যদিও সে চরম মিথ্যাবাদী শয়তান কিন্তু সে সত্য বলেছে।' [সহিহ বুখারি নম্বর ২৩১১]

৩৯। প্রতিটি মূর্তির ভেতরে একটি করে শয়তান থাকে:

মক্কা বিজয়ের পর উযযা নামক মূর্তি বিনষ্ট করার উদ্দেশ্যে খালিদ বিন ওয়ালিদ (রাঃ)-এর নেতৃত্বে একটি ছোট সৈন্যদল প্রেরণ করা হলো। উযযা মূর্তির মন্দিরটি ছিল নাখলা নামক স্থানে। এটি ভেঙ্গে ফেলে খালিদ (রাঃ) প্রত্যাবর্তন করলে রাসুলুল্লাহ (সাঃ) তাঁকে জিজ্ঞেস করলেন, 'তুমি কি কিছু দেখেছিলে?' খালিদ (রাঃ) বললেন, 'না।' রাসুলুল্লাহ (সাঃ) ইরশাদ করলেন 'তাহলে প্রকৃতপক্ষে তুমি তা ভাঙ্গো নি। পুনরায় যাও এবং তা ভেঙ্গে দাও।' খালিদ (রাঃ) কোষমুক্ত তরবারি হস্তে পনুরায় সেখানে গমন করলেন। এবারে বিক্ষিপ্ত চুলবিশিষ্ট এক মহিলাকে মূর্তির পাশে দেখলেন। এমন সময় খালিদ (রাঃ) তরবারি দ্বারা তাকে এতই জোরে আঘাত করলেন যে, তার দেহ দ্বিখন্ডিত হয়ে গেল। এরপর রাসুলুল্লাহ (সাঃ)-কে তিনি এ সংবাদ অবগত করালে তিনি বললেন, 'হ্যাঁ', সেটাই ছিল উযযা।

মূলত প্রতিটি মূর্তির সাথে যে শয়তান থাকে, যারা ঐ মূর্তি পূজা করে, শয়তান তাদের কিছু কাজ করে দেয়।

ঠিক একইভাবে যারা মাজার পূজা করে, ঐ মাজারেও শয়তান থাকে এবং ঐ শয়তান মাজার পূজারীদের কিছু কাজ করে দেয়। আমাদের প্রত্যেকের সাথে ক্বারিন জিন বা শয়তান আছে, যখন কোন ব্যক্তি কাউকে/মূর্তি/ভন্ড পীরের মাজারে সিজদাহ্ দেয় — শয়তানগুলো খুশি হয়ে যে ব্যাক্তি সেজদা করছে তার কিছু কাজ করে দেয়।

৪০। মহামারি এবং শয়তানের মাধ্যমে সৃষ্ট রোগ:

রাসুলুল্লাহ (সা) বলেছেন, "আমার উম্মতের ধ্বংস রয়েছে যুদ্ধ ও প্লেগ রোগে; আর তা হল জিন-শয়তান জাতির তথা তোমাদের দুশমনদের খোঁচা। আর উভয়ের মধ্যেই রয়েছে শহীদের মর্যাদা।" (মুসনাদে আহমাদ, হাকেম/১৯৫২৮, ত্বাবারানী)

অন্য এক বর্ণনায় আছে, "প্লেগ রোগ হল জিন জাতির তথা তোমাদের দুশমনদের খোঁচা। আর তা হল তোমাদের জন্য শহীদী মরণ।" (হাকেম)।

এই হাদিস থেকে বোঝা যায় অনেক সময়ই মহামারিগুলোও শয়তানের কারণে হয়ে থাকে।

কুরআন অনুসারে শয়তানের চক্রান্ত

কুরআনের বিভিন্ন আয়াত অনুসারে শয়তান কত কিছু করতে পারে তার কিছু নমুনা:
(এই বইটি শুধু ছোটো রাখার উদ্দেশ্যে এই চ্যাপ্টারটিকে অনেক ছোটো করে দেওয়া হয়েছে। তা না হলে ইচ্ছা ছিল আয়াত ও হাদিসগুলোর আরবি, অর্থ, ব্যাখ্যা সব বিস্তারিতভাবে দেওয়া।)

১. শয়তান সর্বপ্রথম আল্লাহর হুকুম অমান্য করল। [সুরা বাকারা: ৩৪]

২. শয়তান চক্রান্ত করে মানুষকে গুমরাহ করে। [সুরা বাকারা: ৩৬, আল ইমরান: ১৫৫, নিসা: ৬০]

৩. শয়তান স্বামী-স্ত্রীর মাঝে বিভেদ ঘটায়। [সুরা বাকারা: ১০২]

৪. শয়তান আমাদের অভাবের ভয় দেখিয়ে হারাম উপার্জনে প্ররোচিত করে। [সুরা বাকারা: ২৬৮]

৫. শয়তান আমাদের অশ্লীল ও কুরুচিপূর্ণ কাজের নির্দেশ দেয়। [সুরা বাকারা ২৬৮, নূর ২১]

৬. শয়তান সাহাবিগণকেও ভয় দেখিয়েছে।
"সে তো শয়তান। সে তোমাদের তার বন্ধুদের ভয় দেখায়। তোমরা তাদের ভয় করো না, বরং আমাকে ভয় করো, যদি তোমরা মুমিন হও। [আল ইমরান: ১৭৫]

৭. প্রত্যেকের সাথে শয়তান ক্বারিন রয়েছে।
তার সঙ্গী (শয়তান) বলবে, 'হে আমাদের 'রব', আমি তাকে বিদ্রোহী করে তুলিনি, বরং সে নিজেই ছিল সুদূর পথভ্রষ্টতার মধ্যে'। [সুরা ক্বফ: ২৭]

৮. নবি-রাসুল না আসলে সবাই শয়তানের অনুসারী হয়ে যেত।
"যদি তোমাদের প্রতি আল্লাহর দয়া ও করুণা না থাকত তবে তোমাদের অল্পসংখ্যক ছাড়া সকলেই শয়তানের অনুসরণ করত।" [সুরা নিসা: ৮৩]

৯. শয়তান মানুষকে মুশরিক বানায়। [আনআম: ১২১]

১০. অহংকার, আত্মতুষ্টি শয়তান থেকে। [সুরা নিসা: ১২০]

১১. শয়তান মানুষকে মদ, জুয়া, লটারি ইত্যাদি সমাজ বিধ্বংসী কাজের প্রতি আহ্বান করে। [মায়েদা ৯০]

১২. শয়তান আমাদের আল্লাহর জিকির ও সালাত থেকে বিরত রাখে। [মায়েদা ৯১]

১৩. শয়তান মিথ্যা প্রলোভন দেখিয়ে ওয়াসওয়াসা দেয়। [আরাফ:২০, ত্বহা: ১২০, ফোরকান: ২৯, মুহাম্মাদ ২৫]

১৪. মুমিনদের অভিভাবক হলো আল্লাহ, কাফিরদের অভিভাবক হলো শয়তান। [বাকারা: ২৫৭, আরাফ: ২৭, ৩০, নাহল: ৬৩]
যারা ইমান এনেছে আল্লাহ তাদের অভিভাবক, তিনি তাদের অন্ধকার থেকে আলোর দিকে বের করে আনেন। আর যারা কুফরি করে, তাদের অভিভাবক হলো তাগুত বা শয়তান। তারা তাদের আলো থেকে বের করে অন্ধকারে নিয়ে যায়। তারা আগুনের অধিবাসী, সেখানে তারা স্থায়ী হবে। [বাকারা: ২৫৭]

১৫. জান্নাত থেকে আমাদের শয়তানই বের করে দিয়েছিল:
হে আদম সন্তান! শয়তান যেন তোমাদের কিছুতেই ফিতনায় ফেলতে না পারে যেমনভাবে তোমাদের পিতা-মাতাকে (আদম ও হাওয়াকে) জান্নাত থেকে বের করেছিল। সে তাদের পরস্পরকে লজ্জাস্থান দেখানোর জন্য তাদের দেহ হতে পোশাক খুলিয়ে ফেলেছিল। সে আর তার সাথিরা তোমাদের এমনভাবে দেখতে পায় যে তোমরা তাদের দেখতে পাও না। যারা ইমান আনে না তাদের জন্য আমি শয়তানকে অভিভাবক বানিয়ে দিয়েছি। [আরাফ: ২৭]

১৬. যারা শয়তানকে অভিভাবক হিসেবে গ্রহণ করেছে তাদের জন্য রয়েছে ভয়াবহ শাস্তি।

আল্লাহর কসম! তোমার পূর্বে আমি বহু জাতির কাছে রাসুল পাঠিয়েছিলাম, কিন্তু শয়তান তাদের কাছে তাদের কার্যকলাপকে শোভনীয় করে দিয়েছিল, আর আজ সে-ই তাদের অভিভাবক, তাদের জন্য রয়েছে ভয়াবহ শাস্তি। [নাহাল: ৬৩]

১৭। শয়তানের রয়েছে নিজস্ব বাহিনী। [আরাফ: ২০১, বনী ইসরাইল: ৬৪]

১৮। শয়তান মানুষকে অপবিত্র করে। [আনফাল: ১১]

১৯। শয়তান গুনাহের কাজকে সুন্দর করে দেখায়। [আনফাল: ৪৮, নাহাল: ৬৩, নামল: ২৪, আনকাবুত: ৩৮]

২০। শয়তান আল্লাহর স্মরণকে ভুলিয়ে দেয়। [সুরা ইউসুফ: ৪২, সুরা কাহাফ: ৬৩, সুরা মুজদালা: ১০]

২১। শয়তান নিয়ত এর উপর আঘাত করে। [সুরা হজ: ৫২]

আমি তোমার পূর্বে যেসব রাসুল কিংবা নবি পাঠিয়েছি তাদের কেউ যখনই কোনো আকাঙ্ক্ষা করেছে তখনই শয়তান তার আকাঙ্ক্ষায় (প্রতিবন্ধকতা, সন্দেহ-সংশয়) নিক্ষেপ করেছে, কিন্তু শয়তান যা নিক্ষেপ করে আল্লাহ তা মুছে দেন, অতঃপর আল্লাহ তাঁর নিদর্শনসমূহকে সুপ্রতিষ্ঠিত করেন। কারণ আল্লাহ সর্বজ্ঞ, সর্বশ্রেষ্ঠ হিকমতওয়ালা।

২২। শয়তান সাইকোলজি নিয়ন্ত্রণ করে। [সুরা হজ: ৫৩]

২৩। শয়তান নবিগণের সাথেও শত্রুতা করেছে। [সুরা আনআম: ১১২, সুরা কাসাস: ১৫, সুরা ছদ: ৪১]

আর এমনিভাবেই আমি প্রত্যেক নবির জন্য বহু শয়তানকে শত্রু রূপে সৃষ্টি করেছি; তাদের কতক মানুষ শয়তানের মধ্য হতে এবং কতক জিন শয়তানের মধ্য হতে হয়ে থাকে, এরা একে অন্যকে কতকগুলো মনোমুগ্ধকর ধোকাপূর্ণ ও প্রতারণাময় কথা দ্বারা প্ররোচিত করে থাকে। তোমার রবের ইচ্ছা হলে, তারা এমন কাজ করতে পারত না। সুতরাং তুমি তাদের এবং তাদের মিথ্যা রচনাগুলোকে বর্জন করে চলবে। [আনআম: ১১২]

২৪। শয়তান মানুষকে জাহান্নামের দিকে ধাবিত করে। [সুরা লোকমান: ২১]

২৫। শয়তান মানুষকে বশীভূত করে তার দলভুক্ত করে নেয়। [সূরা মুজাদালা: ১৯]

২৬। শয়তান মানুষকে কাফির হতে বলে। [হাশর: ১৬]

২৭। শয়তান তার অভিভাবকদের নিকট ওহি পাঠায়। [সুরা আনআম: ১২১]

তিব্বে নববি ট্রেনিং

রুকইয়াহ আম্মার ট্রেনিং

রুকইয়াহ আম্মার প্রাকটিক্যাল ট্রেনিং

রোগীর কাউন্সেলিং, রুকইয়াহ তওবা, কিতাল ও হারুক এর প্রাকটিক্যাল ট্রেনিং

প্রাক্টিক্যাল রুকইয়াহ এবং প্রয়োজনীয় ফাইল

যা কিছু ভালো সব আল্লাহর পক্ষ থেকে, আর যা কিছু খারাপ সব শয়তানের পক্ষ থেকে।
কোন ভুল নজরে আসলে জানানো হলে ঠিক করে দেওয়া হবে ইনশাআল্লাহ।
আল্লাহই ভালো জানেন